শিক্ষাপ্রসঙ্গ

স্বামী বিবেকানন্দ



উল্লেধন কার্যালয়,কর্লিকাতা

প্রকাশক স্বামী আত্মবোধানন উদ্বোধন কার্যালয় ১. উদ্বোধন লেন, বাগবাঞ্জার, কলিকাতা—৩

মুদ্রাকর শ্রীব্রজেন্দ্রচন্দ্র ভট্টাচার্য ইকনমিক প্রেস ২৫, রায়বাগান খ্রীট, কলিকাতা—৬

আয়াঢ়, ১৩৬২

Ì

এক টাকা আট আনা

নিবেদন

শিক্ষাসহদ্ধে স্বামী বিবেকানন্দের বাণীর ভূমিকা নিশ্পমোজন।
তাঁহার গভীরচিন্তাপ্রস্ত শিক্ষাদর্শ নব্যভারতের গঠনমূলক কার্য্যে
ও শিক্ষাক্ষেত্রে কিভাবে কার্য্যকরী হইতে পারে এবং বালকবালিকাগণের শারীরিক, মানসিক ও নৈতিক উন্নতিবিধানে কিরপ
সহায়তা করিতে পারে তাহা তাঁহার ভাবগন্তীর উক্তিসকলের মাধ্যমে
্যতি স্থলবভাবে ফুটেয়া উঠিয়াছে। শিক্ষাসম্বন্ধে স্বামীজীর এই
তথ্যপূর্ণ বাণীসমূহ সংগ্রহ ও উহাদের শ্রেণীবিভাগ করিয়া প্রবদ্ধাকারে
শিক্ষা-প্রসঙ্গ নামে প্রকাশ করা হইল। যাহাতে এই প্রসঙ্গের
ধারাবাহিকর ভঙ্গ না হয় তৎপ্রতি বিশেষ দৃষ্টি রাথিয়াই তাঁহার
মৌলিক বাণীসকল সংকলিত ও পরপর সন্নিবেশিত ইইয়াছে।

প্রত্যেক জাতির উত্থানের মূলে বহিয়াছে—শিক্ষা। যে দেশ
যত শিক্ষিত দে দেশ দর্কবিষয়ে তত শক্তিদঞ্চয় করিয়া জাতি-সংঘে
গৌরবাদন গ্রহণ করিতে দমর্থ। স্বামীজী শিক্ষার আদর্শ ও উদ্দেশ্য
সম্বন্ধে বলিয়াছেন, "Education is the manifestation of the
perfection already in man"—প্রকৃত শিক্ষা হইতেছে তাহাই
যাহা মানবপ্রকৃতির আবরণ উন্মোচন করিয়া তাহার পূর্ণতাবিকাশের সহায়ক হয়। এই দৃষ্টিকোণ হইতে শিক্ষার আদর্শকে
দেখিতে চেন্তা করিলে আমরা হৃদয়ঙ্গম করিতে পারিব যে স্বামীজীর
শিক্ষাদম্বনীয় মত ভারতের আধ্যাত্মিক আদর্শ ইইতে বিভিন্ন বা
স্বতন্ত্র নহে। আজ বিভিন্ন চিন্তা ও কর্মক্ষেত্রে ভারতবাদী যে
অবস্থায় আদিয়া দাড়াইয়াছে, তাহার জন্ম শুরু বিদেশীকেই দায়ী
করিলে চলিবে না। ইহার জন্ম বছল পরিমাণে দায়ী আমরা

নিজেরাও। আমরাই আমাদের ভাই-ভগ্নীকে সনাতন আধ্যাত্মিক আদর্শ হইতে দূরে রাখিয়া তাহাদিগকে পরম্থাপেক্ষী, তুর্বল ও আত্মপ্রাক্ষীন করিয়া তুলিয়াছি। বলা বাহুল্য, আমাদের দেশের দার্বভৌম আদর্শ—ধর্ম ও দর্শন, যাহা আমাদের সমাজ-শরীর-গঠনের পক্ষে অফুরস্ত নির্মারস্বরূপ, তাহার প্রতি প্রজাহীন হওয়ার ফলেই আমাদের নৈতিক ও সামাজিক জীবন এত নিমন্তরে আসিয়া দাঁড়াইয়াছে। শ্রদ্ধা ও আত্মবিশ্বাসই মানুষকে শক্তিশালী করিয়া তোলে; —ইহাই স্বামীজীর ভাষায় "man-making education," —প্রকৃত মানুষ গড়িয়া তুলিবার প্রকৃত উপাদান।

কিন্তু এই দঙ্গে ইহাও দেখিতে হইবে যে ভারতের শিক্ষা কেবল ধর্মশিক্ষায় পর্যাবদিত না হয়। একটা জাতিকে যদি বাঁচিয়া থাকিতে হয়, যদি ছনিয়ার দক্ষে তালে তালে পা ফেলিয়া চলিতে হয়, তবে তাহাকে বহির্জগতের দক্ষে দমন্ত দম্বন্ধ ছিল্ল করিয়া শুধু নিজের সীমাবদ্ধ গণ্ডীর মধ্যে বিদয়া থাকিলে চলিবে না। স্বামীজী প্রতীচ্য সভ্যতার সহিত পরিচয় লাভ করিয়া ব্ঝিতে পারিয়াছিলেন যে, ভারতের জাতীয় জীবন পরিপুষ্ট করিতে হইলে পাশ্চান্ত্যজগতের জড়-বিজ্ঞানের জ্ঞানভাণ্ডার হইতেও উপাদান সংগ্রহ করিতে হইবে। তাই ভারতের দর্ব্বাঞ্চীণ কল্যাণের জন্ম তিনি প্রাচ্য ও প্রতীচ্যের —"বেদান্ত ও বিজ্ঞানের"—অপূর্ব্ব সংমিশ্রণ ও সমন্বয় সাধন করিতে চাহিয়াছিলেন। কিন্তু প্রতীচ্যের যান্ত্রিক সভ্যতার স্বটাই তিনি গ্রহণ করিতে প্রস্তুত ছিলেন না। যতটুকু গ্রহণ করিলে ভারতকে জীবন-সংগ্রামে শক্তিশালী করিয়া তোলা সম্ভব, অথচ যাহাতে জড়বিজ্ঞানের বিষময় ফল এদেশে প্রস্থিত হইয়া এদ্বেশকে প্রতীচ্যের মত জব্জুবিত করিয়া তুলিতে না পারে, তজ্জন্মই তিনি বৈজ্ঞানিক

ও যান্ত্রিক সভ্যতাকে ভারতের ধর্মমূলক সনাতন শিক্ষাপদ্ধতির পরিপুরকরণে মাত্র গ্রহণ করিতে প্রস্তুত ছিলেন।

সামীজী স্ত্রীশিক্ষা সহস্কেও উদাসীন ছিলেন না। বিজাতীয় সভ্যতার অন্থকরণ করিতে যাইয়া আমরা প্রতি ঘরে ঘরে মাতৃজাতির আত্মর্য্যাদা ক্ষ্ম করিতে কুণ্ঠাবোধ করিতেছি না। ভারতীয় নারীদিগের জন্ম স্থামীজী এমন শিক্ষা প্রবর্তন করিতে চাহিয়াছিলেন যাহার গাহােযে তাঁহারা পবিত্র, সংঘত, নিঃস্বার্থপর ও ধন্মপরায়ণা ইইবেন এবং সন্থানহদ্যে বল ও উৎসাহ ঢালিয়া দিয়া ভারতীয় জালিকে পুনরায় আত্মন্থ ও জীবন্ত করিয়া তৃলিতে পারিবেন। ভারত-কৃষ্টির মূলভিত্তি সংস্কৃত-শিক্ষাবিস্তার এবং জনসাধারণের সম্যক শিক্ষাব্যবন্থা সম্বন্ধে তাঁহার স্থাচিস্তিত নির্দেশসমূহ বিশেষ প্রাণিধানযােগ্য। অধিকন্ত প্রকৃত শিক্ষার বাহন প্রতিষ্ঠ, বলিষ্ঠ, মেধাবা ও সেবাদর্শে অন্প্রাণিত চরিত্রবান শিক্ষক তৈরী করিবার গুরুদায়িস্বভারও তিনি দেশবাদীর উপর ন্যন্ত করিয়া গিয়াছেন।

স্বামীজীর এই শিক্ষাদর্শ স্বাধীন ভারতের অগ্রগতির পথে যাহাতে দর্বতোভাবে দাহায্য করিতে পাবে এবং দেশের ছাত্র, ছাত্রী ও বিচ্ছোৎদাহিগণকে প্রক্বত পন্থার দন্ধান দিয়া দকলকে অনুপ্রাণিত করিয়া তুলিতে পারে, তজ্জ্গুই তাঁহার শিক্ষাদধনীয় বচনাবলী চয়ন করিয়া বাণীর মন্দিরে অর্থ্যস্বরূপ প্রদত্ত হইল। এই পুত্তকপাঠে দেশবাদী স্বামীজীর শিক্ষাদর্শান্থযায়ী স্ব স্থ জীবন গড়িয়া তুলিতে উৎদাহবোধ করিলে আমাদের শ্রম দার্থক হইয়াছে বলিয়া মনে করিব।

রথযাত্রা

সূচীপত্ৰ

শিক্ষার মূলতত্ত্ব		•••	2
শিক্ষালাভের উপায়		•••	28
শিক্ষাৰ উদেশ :			
১ (১∤ চরিত্রগঠন			৩৩
১ (১) চরিত্রগঠন ১ ১ (২) মীকুষ ভৈয়ার করা	•••	•••	88
বর্ত্তমান শিক্ষা-ব্যবস্থার দোষ ও			
তন্নিরাকরণের উপায়		***	৫৬
ধর্মশিক্ষার প্রয়োজনীয়তা		•••	৬৪
শিক্ষক ও হাত্র	•••	•••	22
স্ত্রী-শিক্ষা	•••		۶ ۰ ۷
জন-শিক্ষা			256
আমেরিকায় প্রাথমিক বিতালয়ে			
শিক্ষাদান-প্রণালী			767

মানুষের মধ্যে যে পূর্ণতা প্রথম হইতেই বর্ত্তমান তাহারই প্রকাশ-সাধনকে বলে শিক্ষা।

* * *

যে-সকল আবরণ মানুষের অভান্তরে জ্ঞান ও শক্তি-প্রকাশের অন্তরায় হইয়া দণ্ডায়মান, সেই আবর্জাসমূহ দূরীভূত করিবার বিশিষ্ট উপায়সকলই শিক্ষা নামা অভিহিত হইবার যোগ্য।

* * *

শিক্ষা মজ্জাগত হইয়া সংস্কারে পরিণত হওয়াকেই প্রকৃত শিক্ষা বলে।

—স্বামী বিবেকানন্দ





শিক্ষার মূলতত্ত্ব

্ইউরোপের বহু নগর পর্যাটন করিয়া তাহাদের দরিজদেরও স্থস্বাক্তন্য ও বিজ্ঞা দেখিয়া আমাদের গরিবদের কথা মনে পড়িয়া অশুজন বিদর্জন করিতাম। কেন এ পার্থক্য হইল ?— শিক্ষা, অবাব পাইলাম। শিক্ষাবলে আত্মপ্রত্যার, আত্মপ্রতায়বলে অন্তানিতি ব্রুদ্ধ জাগিয়া উঠিতেছেন।

শিক্ষার অর্থ—অন্তরের বিকাশ

মাল্লবের ভিতর যে পূর্ণতা প্রথম হইতেই বর্তমান ভাহারই প্রকাশ-সাধনকে বলে শিক্ষা। মাল্লবের ভিতরে যদি জ্ঞান ও শক্তির অনন্ত প্রস্তরণ বিজ্ঞমান না থাকিত, ভাহা ইইলে সহস্র চেটাতেও সে কথন জ্ঞানা বা শক্তিমান ইইতে পারিত না। বহিঃপদার্থ ও বাহিরের উপায়সকল ভাহার অন্তরে কোনপ্রকার জ্ঞান বা শক্তি প্রবিষ্ট করাইয়া দিতে পারে না, কিন্তু যে সকল আবরণ ভাহার অভালরে জ্ঞান ও শক্তি-প্রকাশের অন্তরায় হইয়া দণ্ডায়মান, সেই সকলকে অপসারিত করিতে মাত্র ভাহাকে সহায়ত। করিতে পারে। ঐ আবরণসমূহ দ্র হইবার সঙ্গে প্রবাহিত ইনতে থাকিয়া ভাহাকে ক্রমে সর্বজ্ঞ এবং জ্ঞাং-স্কাই ভিল্ল অক্তরার শক্তিতে ভূষিত করিয়া তৃলে। অক্তরের ঐ আবরণসমূহ দ্রীভৃত করিবার বিশিষ্ট উপায়সকলই শিক্ষা নামে অভিহিত করিবার যোগ্য।

ţ

আমাদের প্রত্যেকের ভিতর—ক্ষুদ্র পিপীলিকা হইতে স্বর্গের দেবতা পর্যান্ত সকলেরই ভিতর—অনন্ত জ্ঞানের প্রস্রবণ রহিয়াছে। জ্ঞান স্বতঃই বর্ত্তমান রহিয়াছে, মাত্রুষ কেবল উহা আবিদ্ধার করে মাত্র। জ্ঞান মানুষের অন্তানিহিত। কোন জ্ঞানই বাহির হইতে আদে না, দবই ভিতরে। আমরা যে বলি, মান্ত্র 'জানে', ঠিক মনোবিজ্ঞানের ভাষায় বলিতে গেলে বলিতে হইবে—আঃবিষ্কার মান্ত্য যাহা 'শিক্ষা' করে, প্রকৃতপক্ষে দে উহা ৠারিষ্কার করে। Discover (আবিষ্কার) শব্দের অর্থ-অনস্কুজ্ঞান্টের খর্নি-স্বরূপ নিজ আত্মা হইতে আবরণ সরাইয়া লওয়া। আমর্ট্র নাল, নিউটন মাধ্যাকর্ষণ আবিষ্কার করিয়াছিলেন। উহা কি এক কোণে ব্দিয়া তাহার জন্ত অপেক্ষা ক্রিতেছিল ? না, উহা তাহার নিজ মনেই অবস্তি ছিল। সময় আদিল, অমনি তিনি উহা দেখিতে পাইলেন। জগৎ যত প্রকার জ্ঞানলাভ করিয়াছে, সমুদ্রই মন হইতে। জগতের অনন্ত পুতকালয় তোমার মনে। বহিজ্জগৎ কেবল ভোমার নিজ মনকে অধায়ন করিবার উত্তেজক কারণ—উপযোগী অবস্থাস্থরপ, কিন্তু সকল সময়ই তোমার নিজ মনই তোমার অধায়নের বিষয়। আপেলের পত্ন নিউটনের পক্ষে উদ্দীপক কারণস্বরূপ হইল, তথন তিনি নিজ মন অধ্যয়ন করিতে লাগিলেন। তিনি তাঁহার মনের ভিতরকার পূর্ব হইতে অবস্থিত ভাব-পরম্পরারপ শৃঙ্খলগুলি পুনরায় আর একভাবে সংজাইতে লাগিল্নে 🗼 এবং উষ্ণাদের ভিতর আর একটি শৃত্যল আবিষ্কার করিলেন। উহাকেই আমরা মাধ্যাকর্ষণের নিয়ম বলি। উহা আপেল অথবা পৃথিবীর কেন্দ্রে অবস্থিত কোন পদার্থে ছিল না। অতএব

শিক্ষালাভের উপায়

ইন্দ্রিয়ে সংযুক্ত হইতে পারে, কিন্তু তথাপি বিষয়াগভূতি সম্পূর্ণ হইবে না। আর একটি জিনিস আবশ্রক। ভিতর হইতে প্রতিক্রিয়া আবশ্যক। প্রতিক্রিয়া হইতে জ্ঞান উংপন্ন হইবে। বংহিরের বস্তু যেন আমার অত্রে সংবাদ-প্রবাহ প্রেরণ করিল। আমার মন উচা গ্রহণ করিয়া বৃদ্ধির নিকট উহা অর্পণ করিল, বৃদ্ধি পূর্বা হুইতে অবস্থিত মনের সংস্থার অন্তুদারে উহাকে সাজাইল এবং বাহিনে প্রতিক্রিয়া-প্রবাহ প্রেরণ করিল, ঐ প্রতিক্রিয়ার দঙ্গে সঙ্গেই ্'ব্বিষয়া হভুতি হইয়া থাকে। মনে যে শক্তি এই প্রতিক্রিয়া প্রেরণ ক^{্রেপ্ত}াহাকে বৃদ্ধি বলে। তথাপি এই বিষয়াকুভৃতি সম্পূর্ণ হইল না। মনে কর একটি ক্যামেরা (camera) রহিষাছে, আর একটি বস্থুখণ্ড রহিয়াছে। আমি ঐ বস্থুখণ্ডের উপর একটি চিত্র ফেলিবার চেষ্টা করিতেছি। আমি কি করিতেছি ? আমি ক্যামের। হইতে নানাপ্রকার আলোক-কিরণ ঐ বন্তুখণ্ডের উপর ফেলিতে এবং ঐ স্থানে একত্রিত করিতে চেষ্টা করিতেছি। একটি অচল বস্তুর আবশুক, যাহার উপর চিত্র ফেলা যাইতে পারে। কোন সচল বস্তুর উপর চিত্র ফেলা অসম্ভব-কোন স্থির বস্তুর প্রয়েজন। কারণ আমি যে আলোক-কিরণগুলি ফেলিবার চেষ্টা করিতেছি, দেগুলি সচল: এই সচল আলোক-কিরণগুলিকে কোন অচল বস্তুর উপর একত্রীভূত, একীভূত করিয়া মিলিত করিতে হইবে। ইন্দ্রিয়-গণ ভিতরে যে সকল অমুভৃতি লইয়া মনের নিকট এবং মন বুদ্ধির নিকট সমর্পণ করিতেছে, তাহাদের সম্বন্ধেও এইরপী যতক্ষা না এমন কোন বস্তু পাওয়া যায়, যাহার উপর এই চিত্র দেখিতে পারা যায়, যাংগতে এই ভিন্ন ভিন্ন ভাবগুলি একত্রীভূত, মিলিত হইতে পারে,

শিক্ষাপ্রসঙ্গ

ততক্ষণ এই বিষয়াসভৃতিও সম্পূর্ণ হইতেছে না। কি সে বস্তু,
যাহা সম্দর্যকে একটি একত্বের ভাব প্রদান করে? কি সে বস্তু,
যাহা বিভিন্ন গতির ভিতরও প্রতি মূহুর্ত্তে একত্ব রক্ষা করিয়া
থাকে? কি সে বস্তু, যাহার উপর ভিন্ন ভিন্ন ভাবগুলি যেন একত্র
থ্রথিত থাকে, যাহার উপর বিষয়গুলি আদিয়া যেন একত্র বাদ করে
এবং এক অথওভাব ধারণ করে? আমরা দেখিলাম এমন কিছুর
আবশ্যক, আর সেই কিছু শরীর মনের তুলনায় অচল হওয়া
লাবশ্যক। যে বস্ত্রথণ্ডের উপর ঐ ক্যামেরা চিত্র প্রক্ষেপ করি.তৃত্তে,
তাহা ঐ আলোক-কিরণগুলির তুলনায় অচল, তাহা না ্লে
কোন চিত্র হইবে না। অথাৎ ইহা একটি বাক্তি হওয়া আবশ্যক।
এই কিছু, যাহার উপর মন এই দকল চিত্রান্ধন করিতেছে—এই
কিছু, যাহার উপর মন ও বুজিলারা বাহিত হইয়া আমাদের
বিষয়াসভৃতিদকল স্থাপিতে, শ্রেণীবদ্ধ ও একত্রীভৃত হয়, তাহাকেই
মান্তবের আত্বা বলে।

আর একটু গভীরভাবে এই তর্তী আলোচনা করা যাক।
দশ্ম্যে এই কুঁজাটি দেখিতেছি। এখানে ঘটিতেছে কি? ঐ কুঁজা

হইতে কতকগুলি আলোক-কিরণ আদিয়া আমার চক্ষে প্রবেশ
করিতেছে। উহারা আমার অক্ষিজালের (retina) উপর একটি

চিত্র প্রক্ষেপ করিতেছে। আর ঐ ছবি যাইয়া আমার মন্তিজে

উপনীত হইতেছে। শারীরবিধানবিদ্গণ যাহাদিশকে অঞ্ভবাত্মক

স্নায়্ বলেন, তাহাদিগের দ্বারণ ঐ চিত্র ভিতরে মন্তিজে নাত হয়।

কিন্তু তথাপি তথন প্রয়ন্ত দর্শনক্রিয়া সম্পূর্ণ হয়না। কারণ এ

> That is to say, the perceiver must be an individual.

শিক্ষালাভের উপায় .

পধাস্ত ভিতর হইতে কোন প্রতিক্রিয়া আদে নাই। মণ্ডিছাভাস্তরীণ সায়্কেন্দ্র উহাকে মনের নিকট লইয়া যাইবে, আর মন উহার উপর প্রতিক্রিয়া করিবে। এই প্রতিক্রিয়া হইবামাত্র ঐ কুঁজা আমার সন্মৃথে ভাগিতে থাকিবে। প্রতিক্রিয়া হইলেই উহাদের জ্ঞান আগিবে—তথনই আমরা দেখিতে, শুনিতে এবং অন্তত্তর প্রভৃতি করিতে সমর্থ হইব। এই প্রতিক্রিয়ার সঙ্গে স্থানের প্রকাশ হইয় প্রীকে।

, বিশ্বামরা সকলেই জান, কিরূপে বিষয়াস্থৃতি ইর্যা থাকে।
সক্ষাধ্যে দেখ, ইন্দ্রিয়ন্ত্রস্থরপ বাহিরের যন্ত্রলি রহিয়াছে, পরে
ঐ ইন্দ্রিয়-পোলকাদির অভ্যন্তরবন্ত্রী ইন্দ্রিয়ন্ত্রলি—ইহারা মন্তিজ্বস্থা সাধ্যেকক্ত গুলির সহায়তায় শরীরের উপর কার্য্য করিতেছে, তৎপরে
মন। যথন এই সম্দয় সমবেত হইয়া কোন বহিবস্তর সহিত সংলয়
হয়, তথনই আমরা সেই বস্তু অহ্বত্ব করিয়া থাকি। কিন্তু আবার
মনকে একাগ্র করিয়া কেবল কোন একটি ইন্দ্রিয়ে সংযুক্ত করিয়া
রাখা অতি কঠিন, কারণ মন বিষয়ের দাসস্করপ।

চিত্তসংযম ও একাপ্রভা

আমরা সর্ব্যক্তই দেখিতে পাই, সকলেই এই শিক্ষা দিতেছে যে, 'দাধু হও', 'দাধু হও', 'দাধু হও'। বোধ হয় জগতে এমন কোন লোক নাই যে, 'মিথ্যা কহিও না', 'চুরি করিও না' ইত্যাদিরপ শিক্ষা পায় নাই। কিন্তু কেহ তাহাকে এই সকল অসং কর্ম হইতে নিবৃত্তির উপায় শিক্ষা দেয় না, শুধু কথায় হয় না। কিন্তু বা সে চোর না হইবে ? আমরা ত তাহাকে চৌধ্যকর্ম হইতে নিবৃত্তির উপায় শিক্ষা দিই না, কেবল বলি চুরি করিও না। মনঃসংয়ম

শিক্ষা প্রসঞ্

করিবার শিক্ষা দিলেই তাহাকে যথার্থ শিক্ষা দেওয়া হয়, তাহাতেই তাহার শিক্ষা ও উপকার হইয়া থাকে। যথন মন ইন্দ্রিয়নামধেয় ভিয় ভিয় শক্তিকেন্দ্রে সংযুক্ত হয়, তথনই সম্দয় বাহা ও আভাস্তরীণ কয়া হইয়া থাকে। ইচ্ছাপূর্ব্বকই হউক আর অনিচ্ছাপূর্ব্বকই হউক, মানুষ নিজ মনকে ভিয় ভিয় (ইন্দিয়-নামধেয়) কেন্দ্রন্তির সংলগ্ধ করিতে বাধ্য হয়। এই জয়ই মানুষ নানাপ্রকার তৃদ্ধে করে, করিয়া শেষে কয় পায়। মন য়ি নিজের বশে থাকিছি, তবে মানুষ কথনই অলায় কয়া করিত না। মনংসংয়য়া করিনিল ফল কি ? ফল এই য়ে, মন সংযত হইয়া গেলে দে আর তথন আপনাকে ভিয় ভিয় ইন্দ্রিয়রপ বিষয়ায়ভূতি-কেন্দ্রগুলিতে সংযুক্ত করিবে না। তাহা হইলেই সর্ব্বপ্রকার ভাব ও ইচ্ছা আমাদের বশে আদিবে।

জ্ঞানলাভের একম'ত্র উপায় একাগ্রতা। রসায়নতত্ত্বাদ্বেষী নিজের পরীক্ষাপারে গিয়া নিজের মনের সমৃদ্য শক্তি কেন্দ্রীভূত করিয়া, তিনি যে সকল বস্ত্র বিশ্লেষণ করিতেছেন, তাহাদের উপর প্রয়োগ করেন এবং এইরূপে বাহ্যবস্তর রহস্ত অবগত হন! জ্যোতিবিদ্ নিজের মনের সমৃদ্য় শক্তি একত্রিত করিয়া তাহাকে দ্রবীক্ষণ যদ্রের মধ্য দিয়া আকাশে প্রক্ষেপ করেন আর অমনি নক্ষত্র, স্থ্য, চন্দ্র সকলেই আপনাপন রহস্ত তাহার নিকট ব্যক্ত করে। আমি যে বিষয়ে কথা বলিতেছি, দে বিষয়ে আমি যতই মনোনিবেশ করিব, তত্ত দেই বিষয়ের রহস্ত আমার নিকট প্রকাশিত হইতে থাকিবে। তেটামরা আমার কথা শুনিতেছ; তোমরাও যতই এ বিষয়ে মনোনিবেশ করিবে, তত্ত আমার কথা ধারণা করিতে পারিবে।

শিক্ষার মূলতত্ত্ব

वावहातिक वा भावमार्थिक ममुनग्न छान्हे मान्नर्यंत मत्। जत्नकन्यत्नहे উহারা আবিষ্কৃত (অনাবৃত) থাকে না, বরং আবৃত থাকে। যথন এই আবরণ অল্ল অল্ল করিয়া সরাইয়া লওয়া হয়, তথন আমরা বলি ্ব 'আক্লবা শিক্ষা করিতেছি', আর এই আবিষ্করণ-প্রক্রিয়া যতই চলিতে থাকে. ততই জ্ঞানের উন্নতি হইতে থাকে। যে পুক্ষের এই আবরণ ক্রমশঃ উঠিয়া যাইতেছে, তিনি অপেক্ষাকৃত জ্ঞানী; যে ্ব্যবিদ্য স্থাবরণ খুব বেশা, দে অজ্ঞান; আর যে মান্ত্য হইতে উহা একেবাংর চলিয়া গিয়াছে, তিনি সর্বাজ্ঞ পুরুষ। প্রাচীনকালে অনেক সকাজ্ঞ পুরুষ ছিলেন, আমার বিশ্বাস-একালেও অনেক इटेर्दिन, जात जागामी युगमम्(इ.स. जमश्या भव्तक भूकम जनाहर्दन। যেমন একখণ্ড চকম্কিতে অগ্নি অন্তনিহিত থাকে, তদ্ৰপ জ্ঞান মনের মধ্যেই রহিয়াছে, উদ্দীপক কারণটি ঘণণস্বরূপে সেই অগ্নিকে ্প্রকাশ করিয়া দেয়। যেমন শুক্তিতে মুক্তার স্বষ্টি—দেইরূপ মনও গঠিত। শুক্তির মধ্যে এবটু ধূলি ও বালুকণা প্রবিষ্ট হইয়া উহাকে উত্তেজিত করিতে থাকে. আর শুক্তির দেহ উহার উপর প্রতিক্রিয়া করিয়া ঐ ক্ষুদ্র বালুকাকে নিজ শরীর-নিঃস্বত রুসে প্লাবিত করিতে থাকে। উহাই তথন নিদিষ্ট গঠন প্রাপ্ত হইয়া মুক্তারূপে পরিণত হয়। এই মুক্তা যেরূপে গঠিত হয়, আমরা সমগ্র জগৎকে ঠিক শেইভাবে গঠন করিতেছি। বাহাজগৎ হইতে আমরা কেবল ্মাঘাত মাত্র প্রাপ্ত হইয়া থাকি। এমন কি, সেই আগাতটির विषय सानिष्ठ इटेलि वामानिशक जिल्दा इटेल क्षां किया করিতে হয়: আর যথন আমরা এই প্রতিক্রিয়া করি, তথন প্রক্লত-পক্ষে আমরা আমাদের নিজ মনের অংশবিশেযকেই দেই আঘাতের

শিক্ষাপ্রসঞ্চ

দিকে প্রেরণ করি, আর যথন আমরা উহাকে জানিতে পারি, তাহা আর কিছুই নয়। আমাদের নিজ মন ঐ আঘাতের দারা যেরপ আকার প্রাপ্ত হয়, আমরা সেই আকারপ্রাপ্ত মনকেই জানিতে পারি।

সমস্ত জ্ঞান ও সমস্ত শক্তি অন্তর্নিহিত বহিয়াছে, বাহিবে নহে।

যাহাকে আমরা প্রকৃতি বলি উহা একথানি প্রতিচ্ছবির আরশি—

উহাই মাত্র প্রকৃতির কাজ—আর জ্ঞান হইল এই প্রকৃতিরপ

আরশিতে অন্তনিহিতের প্রতিচ্ছায়া। আমরা যাহাকে শ্রুক,

প্রকৃতির রহস্ত এবং বল বলি, সমস্তই অন্তর্নিহিত। বহির্জনতি

কতকগুলি ধারাবাহিক পরিবর্ত্তন মাত্র। প্রকৃতিতে কোন জ্ঞান

নাই; সমস্ত জ্ঞান মান্ত্রের আত্মা হইতে আদে। মান্ত্র্য জ্ঞান

প্রকাশ করে, তাহার অন্তরে আবিদ্ধার করে—এ সমস্ত পূর্ব্ব হইতেই

অনস্তর্কাল যাবৎ রহিয়াছে।

আমি বাল্যকাল হইতে দেখিয়া আদিতেভি, সকলেই তুর্ব্বলত।
শিক্ষা দিতেছে; জন্মবিধিই আমি শুনিয়া আদিতেভি, আমি
তুর্বল। এক্ষণে আমার পক্ষে আমার স্থকীয় অথনিহিত শক্তির
জ্ঞান কঠিন হইয়া পড়িয়াছে, কিন্তু যুক্তি-বিচারের দারা দেখিতে
পাইতেছি, আমাকে কেবল আমার নিজের অন্তর্নিহিত শক্তি সম্বন্ধে
জ্ঞানলাভ করিতে হইবে মাত্র, তাহা হইলেই সব হইয়া গেল।
এই জগতে আমরা ধে সকল জ্ঞানলাভ করিয়া থাকি, তাহার,
কোথা হইতে আদিয়া থাকে? উহারা আমাদের ভিতরেহ
রহিয়াছে। বহির্দ্ধেশ কোন্ জ্ঞান আছে? কিছুই না। জ্ঞান
কথনও জড়েছিল না, উহা বরাবর মাহুযের ভিতরেই ছিল।

শিক্ষার মূলতত্ত্ব

কেহ কথন জ্ঞানের সৃষ্টি করে নাই। মানুষ উহা আবিদ্ধার করে, উহাকে ভিতর হইতে বাহির করে, উহা তথায়ই রহিয়াছে। এই যে ক্রোশব্যাপী বৃহৎ বটরুক্ষ রহিয়াছে, তাহা এ সর্ধপবীজের অট্ট্যাংশের তৃল্য এ কৃত্র বীজে রহিয়াছে—এ মহাশক্তিরাণি তথায় নিহিত রহিয়াছে। আমরা জানি, একটি জীবাণুকোষের ভিতর অতাভূত প্রথবা বৃদ্ধি কুওলীভূত হইয়া অবস্থান করে, তবে অনস্থ শক্তি কেন না ভাহাতে থাকিতে পারিবে? আমরা দ্বানি ইহা সত্য। আমাদের ভিতর শক্তি পূর্বে হইতেই অস্তনিহিত চিল অব্যক্তভাবে, কিন্তু উহা ছিল নিশ্চয়ই; তাত্তবা দিলান্ত এই—মানুষের আত্মার ভিতর অনন্ত শক্তি রহিয়াছে, মানুষ উহার সম্বন্ধে না জানিলেও উহা রহিয়াছে, কেবল উহাকে জানিবার অপেক্ষা মাত্র।

প্রত্যেক বিষয়ের ব্যাখ্যা তোমার নিজের ভিতরে। কেইই কখনও অপরের দ্বারা শিক্ষিত হয় নাই। প্রত্যেককেই নিজেকে নিজে শিক্ষা দিতে ইইবে—বাহিরের আচার্য্য কেবল উদ্দীপক কারণ মাত্র। দেই উদ্দীপনা দ্বারা আমাদের অন্তর্যামী আচার্য্য আমাদিগকে সমৃদয় বিষয় বুঝাইয়া দিবার জন্ম উদ্বোধিত হন। তখন সমৃদয় আমাদের প্রত্যেক অন্তভ্ত হয়; স্ক্তরাং সমৃদয়ই স্পট ইইয় আসে। তখন আমারা নিজেদের আত্মার ভিতরে ঐ তত্তকক গ্রন্থনে ভাবে এবং অন্তভ্তিই প্রবল ইচ্ছাশক্তিরপে পরিণত ইইবে। প্রথম ভাবে, তারপর ইচ্ছা।

ইচ্ছাশক্তির বিকাশ

এদেশে লোকে শাস্থোক্ত নিয়ম অনুসারে জনায়, ভোজন-পানাদি আজীবন নিয়মাত্মসারে করে, বিবাহাদিও সেইপ্রকার; এমন কি, মরিবার সময়ও সেই সকল শাস্ত্রোক্ত নিয়ম অনুসারে প্রাণত্যাগ করে। এ কঠোর শিক্ষায় একটি মহং গুণ আছে. আর সকলই দোষ। ত্রণটি এই যে, তুটি-একটি কার্য্য পুরুষাত্রক্রমে প্রত্যহ অভ্যাস করিয়া অতি অল্লায়াসে স্থন্দররকমে টোকে করিতে পারে। তিনথানা মাটির ঢিপি ও থানকতক কাষ্ঠ ল[ঁ]হা এদেশের রাঁধুনি যে স্কস্বাদ অন্নব্যঞ্জন প্রস্তুত করে, তাহা আর কোথাও নাই। একটা মান্ধাতার আমলের একটাকা দামের তাত ও একটা গর্ত্তের ভিতর পা. এই সরঞ্জামে ২০১ টাকা গজের কিংখাব কেবল এদেশেই হওয়। সম্ভব। একখানা ছেড়া মাত্র, একটা মাটির প্রদীপ—ভাহাতে রেড়ীর তেল, এই উপাদান সহায়ে দিগ্রন্থ পণ্ডিত এ দেশেই হয়। থেঁদা-বোচা স্ত্রীর উপর দর্বদহিষ্ণু মমত্ব ও নিগুণ মহাত্বই পতির উপর আন্ধরা ভক্তি এ দেশেই হয়। এই ত গেল গুণ। কিন্তু এই সমন্তগুলিই প্রাণহীন যন্তের স্থায় চালিত হইয়া মন্তব্যে করে; তাতে মনোবৃত্তির স্ফুর্তি নাই, कुमराव विकास नाहे, প্রাণের স্পন্দন নাहे, আশার তরঙ্গ নাहे, ইচ্ছাশক্তির প্রবল উত্তেজনা নাই, তীব্র স্বথামূভ্তি নাই, বিকট पुःरथत्र अपर्म नाष्टे, উদ্ভাবনী শক্তির উদ্দীপনা একেবারে भःहे, न्डनएवर रेव्हा नारे, न्डन किनिरमत वापत नारे। এ कपशाकार पत মেঘ কথনও কাটে না, প্রাতঃস্থার উজ্জল ছবি কথনও মনকে মৃগ্ধ করে না। এ অবস্থার অপেক্ষা কিছু উংক্ট আছে কি না, মনেও আদে না, আদিলেও বিশাস হয় না, বিশাসূহইলেও উভোগ হয় না, উভোগ হইলেও উৎসাহের অভাবে তাহা মনেই লীন হইয়া যায়⁸।

• অতি প্রকাণ্ড কলের জাহাজ, মহাবলবান বেলগাড়ীব ইঞ্জিন—
তাহারাও জড, চলে ফেরে, ধাবমান হয়, কিন্তু জড। আর ঐ যে
ক্ষুদ্র কীটাণুটি বেলগাড়ীর পথ হইতে আত্মরক্ষার জন্ম সরিয়া গেল,
৬টি চৈউন্মালী কেন ? যন্ত্রে ইক্তাশক্তির বিকাশ নাই, যন্ত্র নিয়মকে
বা নাই পাক্ষক, নিয়মের বিপক্ষে উভিত হয়, তাই সে চেতন। এই
ইচ্ছাশক্তির যেথায় যত সচল বিকাশ, সেথায় স্থ্য তত অধিক, সে
জীব তত বড। ঈশ্বরে ইচ্ছাশক্তির পূর্ণ সফলতা, তাই তিনি
সর্ব্রোচ্চ।

And the state of the said

বিল্লাশিক্ষা কাহাকে বলি ? বই প্রচাণ — দানাবিধ জ্ঞানার্জন ? — ভাহাও নয়। যে শিক্ষাদ্বারা এই ইচ্ছাশক্তির বেগ ও ক্ষৃত্তি নিজের আয়ন্তাধীন ও সফলকাম হয়, ভাহাই শিক্ষা। অন্তান্ত সকল জিনিসের অপেক্ষা ইচ্ছাশক্তির প্রভাব অনিক। ইচ্ছাশক্তির সমক্ষে আর সমস্তই নিংশক্তি হইয়া যাইবে, কারণ ঐ ইচ্ছাশক্তি সাক্ষাং ইশ্বরের নিকট হইতে আনিতেছে। বিশুদ্ধ ও দৃঢ় ইচ্ছাশক্তি— দর্কশক্তিমান। কেবল ইচ্ছাশক্তিভেই দব হইবে। অধিকাংশ ব্যক্তিতে সেই আভান্তরীণ ঐশ্বিক জ্যোভিঃ আবৃত্ত ও ক্ষুপ্তই হইরা আছে। যেন একটি লোহার পিপীর ভিত্তর একটি আলোরাথা হইয়াছে, ঐ আলোর এতটুকু জ্যোভিঃও বাহিরে আদিতে পারিতেছে না। একট একট করিয়া পবিত্তভা, নিংস্বার্থতা

ণিক্ষাপ্রসঙ্গ

অভ্যাস ক্রিতে করিতে আমরা ঐ মাঝথানকার আড়ালটিকে থুব পাত্লা করিয়া ফেলিতে পারি। অবশেষে উহা কাচের মত স্বচ্ছ হইয়া যায়।

আমরা আরশিতেই আমাদের মুখ দেখিতে পাই-সমুদ্র জ্ঞানও দেইরকম যাতা বাতিরে প্রতিবিদিত হয় তাতারই জ্ঞান। ভারতে এমন কোন সম্প্রদায় নাই, যাহারা বিশাস করে যে, শক্তি পবিত্রতা বা পূর্ণতা বাহির হইতে লাভ করিতে হয়। ঐগুলি আমাদের জন্মগত অধিকার—আমাদের স্বভাবদি;। তোমার প্রকৃত স্বরূপ অপবিত্রারূপ আবরণের দ্বারা আবৃত রহিয়াছে। কিন্তু তুমি যথাথ যাহা তাহা অনাদিকাল হইতেই পূর্ণ অচল অটল ফমেরুবং। ভগবান ও মানবে, সাধু ও পাপীতে প্রভেদ কিনে? —কেবল অজ্ঞানে। অজ্ঞানেই প্রভেদ হয়। সর্বোচ্চ মানব ও তোমার পদতলে অতিকটে নঞ্জণকারী ঐ ক্ষুদ্র কীটের মধ্যে প্রভেদ কিলে ? — অজ্ঞানেই এই প্রভেদ করিয়াছে। কারণ অতিকটে বিচরণশাল ঐ ক্ষুদ্র কীটের মধ্যেও অনন্তশক্তি, জ্ঞান ও পবিত্রতা-এমন কি, সাক্ষাৎ অনন্ত ভগবান রহিয়াছেন। এখন উহা অবাক্তভাবে রহিয়াছে—উহাকে ব্যক্ত করিতে হইবে। আমাদের সাধারণ জ্ঞানও, উহা বিভা বা অবিভা যেরপেই প্রকাশিত হউক না, দেই চিতের, দেই জ্ঞানম্বরপেরই প্রকাশমাত্র; উহাদের বিভিন্নতা প্রকারগত নয়, পরিমাণগত। কৃত্র কীট, যাহা তোমার পাদদেশের নিকট বেড়াইতেছে, ভাহার জ্ঞানে ও স্বর্গের শ্রেষ্ঠতম দেবতার জ্ঞানে প্রভেদ প্রকারগত নহে, পরিমাণগত। আমাদের পদতলবিহারী ক্ষুত্তম কীট হইতে মহত্তম ও উচ্চতম সাধু পর্যান্ত

শিক্ষার মূলতত্ত্ব

সকলেরই ভিতর অনন্তশক্তি, অনন্ত পবিত্রতা ও সুমুদ্য গুণই অনুসু পরিমাণে বৃহিয়াছে। প্রভেদ কেবল প্রকাশের ভারত্যো। কীটে সেই মহাশক্তির অতি অল্প পরিমাণ বিকাশ হইয়াছে, ভোমাতে তদপেক্ষা অধিক, আবার অপর একজন দেবতুল্য মানবে তদপেক্ষা অধিকতর শক্তির বিকাশ হইয়াছে—এইমাত্র প্রভেদ। কিন্তু সকলেতেই সেই এক শক্তি বহিয়াছে। পতঞ্জলি বলিতেছেন— 'ভক্রঃ কৈত্রিকবং' (৪।৩)। রুষক যেরূপে ভাহার কেত্রে জল ্রেচন করে। ক্রমক তাহার ক্ষেত্রে জল আনিবার জন্ম কোন নিদিষ্ট জলাশয় হইতে একটি প্রণালী কাটিয়াছে - ই প্রণালীর মুণে একটি দর্জা আছে-পাছে সমদয় জল গিয়া স্পেত্রকে প্রাবিত করিয়া দেয়, এইজন্ম ঐ দর্জা বন্ধ রাখা হয়। যখন জলের প্রয়োজন হয়, তথন ঐ দরজাটি খলিয়া দিলেই জল নিজ শক্তিবলেই উহার ভিতরে প্রবেশ করে। জল প্রবেশের শক্তিবদ্ধি করিবার প্রয়োজন নাই, জলাশয়ের জলে পর্ব্ব হইতেই ঐ শক্তি বিভয়ান রহিয়াছে। এইরূপ আমাদের প্রত্যেকের পশ্চাতে অনস্থ শক্তি, অনন্ত পবিত্রতা, অনন্ত সত্তা, অনন্ত বীর্যা, অনন্ত আনন্দের ভাঙার রহিয়াছে, কেবল এই দ্বার – দেহরূপ এই দ্বার – আমরা প্রকৃতপক্ষে যাহা, ভাহার পূর্ণ বিকাশ হইতে দিতেছে না। আর যতই এই দেহের গঠন উন্নত হইতে থাকে. যতই তমোগুণ রজোগুণে এবং রজোগুণ সম্বর্ত্তণ পরিণত হয়, ততই এই শক্তি ও শুদ্ধত্ব প্রকাশিত হইতে থাকে, আর এই কারণেই আমরা পানীহার মন্বন্ধে এভ সাবিধান।

শিক্ষকের কর্ত্তব্য

একটা চারাগাছকে জন্মাতে দেওয়া যেমন, তদপেকা বেশী তুমি একটি শিশুকে শিক্ষা দিতে পার না। যাহা কিছু তুমি করিতে পার সমন্তই 'না'-এর দিকে — তুমি সাহায্য করিতে পার মাত্র। ভিতর হইতে এই প্রকাশ হয়; ইহা ইহার নিজ প্রকৃতিমত বুদ্ধি পায়। — তুমি ইহার বাধাগুলি দুর করিতে পাব মাত্র। কর, আমি একটি ছোট বালক। আমার বাবা একথানি ছোট গ্রহ আমার হাতে দিয়া বলিলেন-স্বর এই রকম, অমুক জিনিস 🐠 এই রকম। কেন, খামার মনে এদব ভাব ঢকাইয়া দিবার তাঁহার কি মাথাবাথা পড়িয়াছিল: আমি কিভাবে উন্নতিলাভ করিব, তাহা তিনি কিরপে জানিলেন ? আমার প্রকৃতি অনুসারে আমি কিরপে উন্নতিলাভ করিব, তাহার কিছু না জানিয়া তিনি আমার মাথায় তাঁহার ভাবগুলি জোর করিয়া ঢ়কাইবার চেষ্টা করেন—আর তাহার ফল এই হয় যে, আমার উন্নতি, আমার মনের বিকাশ কিছুই হয় না। তোমরা একটি গাছকে কগন শুন্তের উপর অথবা উহার পক্ষে অন্তপ্যোগী মৃত্তিকার উপর বদাইয়া ফলাইতে পার না। যেদিন তোমরা শুক্তের উপর গাছ জন্মাইতে সক্ষম হটবে দেইদিন ভোমরা একটা ছেলেকেও ভাহার প্রকৃতির দিকে লক্ষ্য না করিয়া জোর করিয়া ভোমাদের ভাব শিখাইতে পারিবে।

বালক নিজে নিজেই শিথিয়া থাকে। তবে তোমরা হাংকে তাহার নিজের ভাবে উন্নতি করিতে সাহায্য করিতে পার। তোমরা তাহাকে দাক্ষা২ভাবে কিছু দিয়া সাহায্য করিতে পার না, তাহার উন্নতির বিদ্ব দূর করিয়া 'নেতি' মার্গে (পরোক্ষভাবে)

শিক্ষার মূলতভ্

দাহায্য করিতে পার। জ্ঞান স্বয়ংই তাহার মধ্যে প্রকাশিত হইয়া থাকে। মাটিটা একটু খুঁড়িয়া দিতে পার, যাহাতে অঙ্কর সহজে বাহির হইতে পারে; উহার চতুদ্দিকে বেড়া দিয়া দিতে পার: এইটুরু দেখিতে পার যে, অতিরিক্ত হিমে বর্ষায় যেন উচা একেবারে নষ্ট ইইয়া না যায়—বাস, তোমার কাষ্য এইখানেই শেষ। উহার বেশী আর কিছু তুমি করিতে পার না। উহা নির্দ প্রকৃতিবশেই সৃষ্মবীজ হইতে স্থল বৃক্ষাকারে প্রকাশিত হুইয়া থাকে। বালকদের শিক্ষা সম্বন্ধেও এইরূপ। বালক নিজে নিজেই শিক্ষা পাইয়া থাকে। তোমরা আমার ক্তো শুনিতে আসিয়াছ, যাহা শুনিলে, বাড়া গিয়া নিজ মনের চিস্তা ও ভাবগুলির সহিত মিলাইয়া দেখিলে দেখিবে, তোমরাও চিন্তা করিয়া ঠিক দেইভাবে--দেই শিদ্ধান্তে পর্ভাট্যাছ। আমি কেবল সেইগুলি স্তম্পষ্টরূপে বাক্ত কবিয়াছি মাত্র। আমি কোনকালে তোমাকে কিছু শিথাইতে পারি নাই। তোমাদিগকে নিজেদের শিক্ষা নিজেই করিতে হইবে—হণত আমি শেই চিন্তা, শেই ভাব স্বস্পষ্টরূপে বাক্ত করিয়া তোমাদিগকে একট দাংগাথা করিতে পারি।

শিক্ষায় স্বাধীনতা

আমার মাথায় কতকগুলি বাজে ভাব চুকাইয়। দিবার আমার পিতার কি অধিকার আছে? আমার প্রভুর এই দব ভাব আমার মাথায় চুকাইয়। দিবার কি অধিকার আছে? এদিব জিলিগ আমার মাথায় চুকাইয়া দিবার দমাজের কি অধিকার আছে? তইতে পারে ওগুলি ভাল ভাব, কিন্তু আমার রাতা ও না তইতে পারে।

শিক্ষাপ্রসঙ্গ

লক্ষ লক্ষ নিরীহ শিশুকে এইরপে নষ্ট করা হইতেছে। মাফুষ
অপরের কতটা অনিষ্ট করিয়া থাকে ও করিতে পারে, তাহা
দে জানে না। প্রত্যেক চিন্তা ও প্রত্যেক কার্য্যের অন্তরালে
কি প্রবল শক্তি রহিয়াছে, তাহা দে জানে না। এই প্রাচীন
উক্তিটি সম্পূর্ণ সত্য যে, 'দেবতারা যেখানে যাইতে সাহস করেন
না, নির্কোধেরা সেখানে বেগে অগ্রসর হয়।' গোড়া হইতেই
এ বিষয়ে সার্ধান হইতে ইইবে।

উন্নতির জন্ম প্রথম প্রয়োজন—স্বাধীনতা। পিতামাত ব অসঙ্গত শাসনের জন্য আমাদের ছেলেরা স্বাধীনভাবে বৃদ্ধিপ্রাপ্ত হইবার স্থবিধা পায় না। জোর করিয়া সংস্কারের চেষ্টার ফল এই যে তাহাতে সংস্কার বা উন্নতির গতি রোধ হয়। তুমি কাহাকেও বলিও না—'তুমি মন্দ,' বরং তাহাকে বল—'তুমি ভালই আছ, আরও ভাল হও'। যদি তুমি কাহাকে সিংহ হইতে না দাও, ভাগা হইলে দে ধৃত্ত শুগাল হইয়া দাঁডাইবে। কাহারও কলাাণ করিতে পার. এ ধারণা ছাডিয়। দাও। তবে থেমন বীদ্ধকে জল, মৃত্তিকা, বায়ু প্রভৃতি তাহার বুদ্ধির প্রয়োজনীয় জিনিসগুলি যোগাইয়া দিলে উহা নিজ প্রকৃতির নিয়মান্ত্র্যায়ী যাহা কিছু আবশ্যক গ্রহণ করে ও নিজের স্বভাবামুযায়ী বাড়িতে থাকে, তুমি সেইভাবে অপরের কল্যাণদাধন করিতে পার। কেহ কাহাকে শিক্ষা দিতে পারে না। শিক্ষক শিথাইতেছি মনে করিয়াই সব মাটি করে। বেদান্ত বলে, এই মামুষের ভিতরেই সব আছে। একটা বালকের ভিতরেও সব আছে। কেবল সেইগুলি জাগাইয়া দিতে হইবে—এইমাত্র শিক্ষকের কাজ।

শিক্ষার মূলতত্ব

কঠোপনিষদের সেই মহাবাক্যটি মনে পড়িতেছে—'শ্রদ্ধা' বা অদ্ভূত বিশ্বাদ। নচিকেতার জীবনে শ্রদ্ধার একটি স্থলর দৃষ্টাস্ত দেখিতে পাওয়া যায়। এই 'শ্রদ্ধা' বা যথার্থ বিশ্বাদ-তত্ত্ব প্রচার করাই আমার জীবনরত। আমি তোমাদিগকে আবার বলিতেছি যে, এই বিশ্বাদ দমন্ত মানবজাতির জীবনের এবং দকল ধর্মের একটি প্রধান অঙ্গ। প্রথমতঃ, নিজের প্রতি বিশ্বাদদম্পন্ন হও। নিজের উপর বিশ্বাদ কথনও হারাইও না, জগতে তুমি দব করিতে পারি। কথনও নিজেকে তুর্বল ভাবিও না, দব শক্তি তোমার ভিতরে রহিয়াছে। অতএব উঠ, দাহদা হও, বাণ্যবান হও। দম্দয় দামিত্ব আপনার ঘাড়েলও—জানিদা রাথ, তুমিই তোমার অদ্টের স্থলকর্জা। তুমি যে কিছু বল বা সহায়তা চাও, ভাহা তোমার ভিতরেই রহিয়াছে। অতএব তুমি এক্ষণে এই জ্ঞানবলে বলীয়ান হইয়া নিজের ভবিয়ং গঠন করিতে থাক। 'গতস্থা শোচনা নান্তি'—এক্ষণে দম্দয় অনস্থ ভবিয়ং তোমার দশ্বধা।

শিক্ষালাভের উপায়

শিক্ষালাভের মনস্তম্ব

আমরা যদি মনকে ইন্দ্রিয়ের সঙ্গে সংযুক্ত না করি, তাহা হইলে আমরা চক্ষু, কর্ণ, নাসিকা প্রভৃতি ইন্দ্রিয়দ্বারা কোন জ্ঞানই লাভ করিতে পারি না। মন এই বহিরিন্দিয়গুলিকে বাবহার করিয়া থাকে। প্রত্যেক ইন্দ্রিয় সম্বন্ধেই বুঝিতে হইবে—প্রথমে এই স্থল শরীরে বাহুষম্বগুলি অবস্থিত: তৎপশ্চাতে কিন্তু ঐ গুল শরীরেই ইন্দ্রিয়গণও অবস্থিত। কিন্তু তথাপি পর্যাপ্ত হইল না। মনে কর আমি তোমার সহিত কথা কহিতেছি, আর তুমি অতিশয় মনোযোগপূর্বক আমার কথা শুনিতেছ, এমন সময় এখানে একটা ঘণ্টা বাজিল, তুমি হয়ত সেই ঘণ্টাধ্বনি শুনিতে পাইবে না। ঐ শক্তরঙ্গ তোমার কর্ণে উপনীত হইয়া কর্ণ-পটতে লাগিল, স্বায়ুদারা ঐ সংবাদ মন্তিক্ষে পৌহিল, কিন্তু তথাপি তুমি শুনিতে পাইলে না কেন ? যদি মন্তিকে সংবাদবহন পর্যন্ত সমস্ত শ্রবণপ্রক্রিয়াটি সম্পূর্ণ হইয়া থাকে, তবে তুমি শুনিতে পাইলে না কেন ? তাহা হইলে দেখা গেল, ঐ প্রবণপ্রক্রিয়ার জন্য আরো কিছুর আবশ্যক-মন ইন্দ্রিয়ে যুক্ত ছিল না। যথন মন ইন্দ্রিয় হইতে পৃথক থাকে, ইন্দ্রিয় উহাকে যে কোন সংবাদ আনিয়া দিতে পারে, মন তাহা গ্রহণ করিবে না। যথন মন উহাতে যুক্ত হয়, তথনটু কেবল উহার পক্ষে কোন সংবাদ গ্রহণ সম্ভব। কিন্তু উহাতেও বিষয়ামুভৃতি সম্পূর্ণ হইবে না। বাহিরের ষম্র সংবাদ বহন ক্রিতে পারে, ইন্দ্রিয়গণ ভিতরে উহা বহন ক্রিতে পারে, মন

শিক্ষালাভের উপায়

এমন কি মৃচি যদি বেশী একাগ্রভাসহকারে কাজ করে, ভবে সে আরও ভালরপে জুতায় কালি দিতে পারিবে; পাচকের একাগ্রতা ধাকিলে সে আরও ভাল থাগু প্রস্তুত করিবে। অর্থোপার্জনে. ्रान्य-आताधरन वा अन्न (य दकान निषर्य, रयशादनरे **এरे এका** शका-ণক্তি যত বেশী সেইথানেই উচা তত বেশী স্ক্রমম্পন্ন চইবে। মনের একাগ্রভাশক্তি বৃতিরেকে আর কিরূপে জগতে এই সকল জ্ঞান লব্ব ইইয়াছে: প্রকৃতির দারদেশে আঘাত করিতে জানিলে. প্রকৃতি তাহার রহস্ত উদবাটিত করিয়া দেন এবং সেই আঘাতের ণক্তি ও তেজ একা গ্রতা হইতেই আদে। মন্ত্রমনের শক্তির কোন গীমা নাই: ইহা যতই একাগ্র হয়, ততুই দেই শক্তি এক লক্ষ্যের উপর আসে এবং ইহাই রহস্ত। বালক যথন প্রথম পড়ে, সে এক-একটি অক্ষর চুইবার তিনবার করিয়া উচ্চারণ করিয়া তৎপরে শব্দটি উচ্চারণ করে, এ সময়ে তাহার দৃষ্টি এক-একটি অক্ষরের উপরে গাকে। কিন্তু যথন আরও বেশী শিক্ষা করে, তথন আর অক্ষরের উপর নজর না পডিয়া এক-একটি শব্দের উপর পডে এবং অক্ষরের উপলব্ধি না করিয়া একেবারে শব্দের উপলব্ধি করে; ফান আরও ম্ গ্রমর হয়, তথন একেবারে এক-একটি sentence (বাক্য)-এর টপর নজর পড়ে ও তাহারই উপলব্ধি করে; এই উপলব্ধি আরও াডাইয়া দিলে একটি পৃষ্ঠাকে পৃষ্ঠা উপলব্ধি হয়। কেবল মনঃসংঘম-াধনা। তুমিও চেষ্টা কর, তোমারও হইবে। নিরুষ্ট মানুষ হইতে ার্কোচ্চ যোগী পর্যান্ত সকলকেই জ্ঞানলাভের জন্ম এই এক্লই উপায় মবলম্বন করিতে হয়।

মনের শক্তিসমূহকে একমুগী করাই জ্ঞানলাভের একমাত্র উপায়।

শিক্ষাপ্রসঙ্গ

বহিবিকজ্ঞানে বাহ্য বিষয়ের উপর মনকে একাগ্র করিতে হয়-আর অন্তর্নিজ্ঞানে মনের গতিকে আত্মাভিমুখী করিতে হয়। যোগীরা এই একাগ্রতাশক্তির ফল অতি মহৎ বলিয়া বর্ণনা করিয়া থাকেন। তাঁহারা বলেন, মনের একাগ্রতার দ্বারা জগতের সমূদ্য সত্য-বাহ্য ও আস্তর, উভয় জগতের সভাই করামলকবং প্রত্যক্ষ হইয়া থাকে। মন একাগ্রতাসম্পন্ন হইলে এবং ঘুরাইয়া উহার উপর প্রয়োগ করিলে আমাদের ভিতরের সমন্তই আমাদৈর প্রভূ না হইয়া আজ্ঞাবহ দাস হইবে। গ্রীকেরা বহির্জগতের দিকে একাগ্রতা কেন্দ্রীভূত করিয়াছিল, ফলে শিল্প, সাহিত্য প্রভৃতিতে তাহারা চরমোৎকর্ষ লাভ করিয়াছিল। হিন্দুগণ অন্তর্জগতে— অদশ্য আত্মরাজ্যে একাগ্রতা কেন্দ্রীভত করিয়াছিল, ফলে যোগশাস্ত্র উদ্যাটিত হয়। প্রত্যেক বুত্তির এমনভাবে বিকাশদাধন করিতে হইবে যে, যেন উহা ছাড়া আমাদের অন্ত কোন বৃত্তিই নাই— ইহাই হইতেছে তথাক্থিত সামঞ্জস্পূর্ণ উন্নতিসাধনের যথার্থ রহস্ত। অর্থাৎ গভীরভার সঙ্গে উদারতা অর্জন কর, কিন্তু <u>দেটাকে হারাইয়া নহে। আমরা অনস্তস্বরূপ---আমাদের মধ্যে</u> কোন কিছুর ইতি করা যায় না। ইহা কার্য্যে পরিণত করিবার উপায় এই—यनक कान विषय्वित्यास প্রয়োগ করা নহে. আসল মনটারই বিকাশ করা ও তাহাকে সংঘত করা। তাহা इहेरनहे जुमि উहारक रयिएरक हेन्द्रा घूताहरे फिताहरे পারিবে। বেদান্তের আদর্শ যে প্রকৃত কর্ম, তাহা অনস্ত শ্বিরতার সহিত জড়িত—যাহাই কেন ঘটুক না, দে স্থিরতা कथन नहे इहेवात नरह-िरखद रम मम्बाद कथन उक इहेवात

শিক্ষালাভের উপায়

নহে। আর আমরা বহুদর্শিতার দারা ইহা জানিয়াছি ধে কার্য্য করিবার পক্ষে এইরপ মনোভাবই সর্ব্বাপেক্ষা অধিক উপযুক্ত।

একাগ্রভালাভের উপায়—অভ্যাস

আমরা যতই শাস্ত হই. ততই আমাদের নিজেদের মঞ্চল,— আর আমরা অধিক কার্য্য করিতে পারি। যথন আমরা ভাববশে পরিচালিত হইতে থাকি, তথন আমরা শক্তির বিশেষ অপবায় করিয়া থাকি, আমাদের স্বায়মগুলীকে বিক্লুত করিয়া ফেলি, মনকে চঞ্চল করিয়া তুলি, কিন্তু কার্য্য খুব কম করিতে পারি। যে শক্তি কাৰ্যাক্সপে পরিণত হওয়া উচিত ছিল, তাহা বুথা ভাবকভামাত্রে পর্যাবসিত হইয়া ক্ষয় হইয়া যায়। কেবল যথন মন অতিশয় শাস্ত ও স্থির থাকে, তথনই আমাদের সমুদয় শক্তিটকু সংকার্য্যে ব্যয়িত হইয়া থাকে। আর যদি তোমরা জগতে বড় বড় কার্য্য-কুশল ব্যক্তিগণের জীবনী পাঠ কর, তোমরা দেখিবে, তাঁহারা অন্তত শাস্তপ্রকৃতির লোক ছিলেন। কিছুতেই তাঁহাদের চিত্তের দামঞ্জ ভঙ্গ করিত না। এই জন্মই যে ব্যক্তি সহজেই রাগিয়া যায়, সে বড় একটা বেশী কাজ করিতে পারে না: আর যে কিছুতেই রাগে না, সে সর্বাপেক্ষা বেশী কাজ করিতে পারে। যে ব্যক্তি ক্রোধ, মুণা বা কোন রিপুর বশীভৃত হইমা পড়ে, দে এ জগতে বড় একটা কিছু করিতে পারে না, সে আপনাকে যেন খণ্ড খণ্ড कतिया (करन, এবং দে বড় काष्ट्रित लोक इय ना । (क्वन भास, क्रमानीन, श्वित्रहिख वाक्तिरे नर्कारभक्ता व्यक्षिक कार्या क्रिया थात्क।

ইক্রিয়গুলি মনেরই বিভিন্ন অবস্থামাত। মনে কর, আমি

<u>শিক্ষাপ্রসঙ্গ</u>

একখানা পুস্তক দেখিতেছি। বাস্তবিক ঐ পুস্তকাকৃতি বাহিরে নাই। উহা কৈবল মনে অবস্থিত। বাহিরের কোন কিছু ঐ আকৃতিটিকে জানাইয়া দেয় মাত্র; বাস্তবিক উহা চিত্তেই আছে। এই ইক্রিয়গুলি, যাহা তাহাদের সন্মুথে আদিতেছে, তাহাদেবই সহিত মিশ্রিত হইয়া তাহাদেরই আকার গ্রহণ করিতেছে। যদি তুমি মনের এইসকল ভিন্ন ভিন্ন আকৃতি-ধারণ নিবারণ করিতে পার, তবে তোমার মন শান্ত হইবে। "তম্ম প্রশান্তবাহিতা সংস্কারাৎ" (পাতঞ্জল যোগস্তুত, ১০) অর্থাৎ অভ্যাদের দারা ইহার স্থিরতা হয়। প্রতিদিন নিয়মিতরূপে অভ্যাস করিলে, মন এইরূপ নিরস্তর সংঘত অবস্থায় থাকিতে পারে, তখন মন নিত্য একাগ্রতা-শক্তি লাভ করে। মন একাগ্র হইলে সময়ের কোন জ্ঞান পাকিবে না। যতই সময়ের জ্ঞান চলিয়া যায়, আমরা ততই একাগ্র হইতেছি, বুঝিতে হইবে। আমরা সাধারণতঃ দেখিতে পাই, যথন আমরা খুব আগ্রহের দহিত কোন পুস্তকপাঠে মগ্ন হই, তথন সময়ের দিকে আমাদের মোটেই লক্ষ্য থাকে না: যথন আবার পুস্তকপাঠে বিরত হই, তথন ভাবিয়া আশ্চর্য্য হই যে, কতথানি সময় অমনি চলিয়া গিয়াছে। সমুদ্য সময়টি যেন একত্রিত হইয়া বর্ত্তমানে একীভূত হইবে। এইজগুই বলা হইয়াছে, যতই অতীত ও ভবিশ্বং আদিয়া মিশিয়া একীভৃত হইয়া যায়, মন ততই একাগ্র হইয়া থাকে। একাগ্রতার অর্থ ই এই, শক্তিসঞ্চয়ের ক্ষমতা বৃদ্ধি করিয়া সময় সংক্ষিপ্ত করা। এক বিষয়ে একাগ্র করিতে পারিলে দেই মন যে কোন বিষয়ে হউক না কেন, একাগ্র করা যায়।

ব্রনাচর্য্য একাগ্রভার সহায়ক ও অসীমশক্তিদাতৃ

পূর্ণ ব্রহ্মচর্য্যের দারা মানসিক ও আধ্যাত্মিক শক্তি খুব প্রবল হইয়া থাকে। ব্রহ্মচারীকে কায়মনোবাকো পবিত্র হইতে হইবে। দ্বাদশবংসর অথণ্ড ব্রন্ধচর্যাদাধন করিলে শক্তিলাভ হয়। এই बक्त हर्रात्र अ ভाবেই आমारनत (नर्भत मत ध्वःम इटेशा (गन। একমাত্র ব্রহ্মচর্যা-পালন ঠিক ঠিক করিতে পারিলে সমস্ত বিলা মহর্তে আঁহত হইসা যায়—শ্রুতিধরত, স্মৃতিধরত হয়। যখন যে কাজ করিতে হয়, তথন তাহা একমনে, একপ্রাণে সমস্ত ক্ষমতার সহিত করিতে হয়। গাজিপুরের পওহারীবাবা ধ্যান জপ, পুজা, পাঠ যেমন একমনে করিতেন, তাঁহার পিতলের ঘটিটি মাজাও ঠিক তেমনি একমনে করিতেন। এমনি মাজিতেন যে, সোনার মত দেখাইত। অপবিত্র চিন্তা অপবিত্র ক্রিয়ার মতই দোধাবহ। कारमच्हारक नमन कतिरन छाड़ा इहेरछ উक्रजम कन नाउ इस। উহাদিগকে সংযত করিলে তোমার শক্তি বন্ধিত হইবে। সংযম হইতে মহতী ইচ্ছাশক্তি উৎপন্ন হইবে; উহা এমন এক চরিত্র সৃষ্টি করিবে যাহা ইঙ্গিতে জগৎকে পরিচালন করিতে পারে। অজ্ঞ-লোকেরা এই রহস্ত জানে না। কামণক্তিকে আধ্যাত্মিকণক্তিতে পরিণত কর। এই শক্তিটা যত প্রবল থাকিবে ইহাদারা তত অধিক কাজ হইতে পারিবে। প্রণল জলের স্রোভ পাইলেই ভাহার সহায়তায় থনির কার্য্য করা যাইতে পারে। ত্রন্সচর্য্যান ব্যক্তির মন্তিকে প্রবল শক্তি-মহতী ইচ্ছা-শক্তি সঞ্চিত্র থাকে। উহা ব্যতীত মান্দিক তেজ আর কিছুতেই হইতে পারে না। यक महा महा मिल्फमानी शुक्य (नथा यात्र, ढाँहाता नकतनह

শিক্ষা প্রসঙ্গ

ব্রন্ধচর্যান ছিলেন। ইহাদারা মাহুষের উপর আশ্চর্য্য ক্ষমতা লাভ করা যায়। মানবদমাজের নেতাগণ দকলেই ব্রন্ধচর্য্যান ছিলেন, তাঁহাদের দম্দয় শক্তি এই ব্রন্ধচর্য্য হইতেই লাভ হইরাছিল। প্রত্যেক বালককে নিখুঁত ব্রন্ধচর্য্য-পালনে অভ্যাসকরাইতে হইবে; তাহা হইলেই বিশ্বাস ও শ্রন্ধা আদিবে। ঠিক ঠিক শ্রন্ধার ভাব আবার আমাদের ফিরাইয়া আনিতে হইবে। আমাদের আত্মবিশ্বাস আবার জাগরিত করিতে হইবে। তাহা হইলেই আমাদের দেশের দমস্যাসমূহের আমাদের দ্বারা ক্রমশাং সমাধান হইবে।

অশিক্ষিত লোক ই ক্রিয়ন্থথে উন্মন্ত; শিক্ষিত হইতে থাকিলে সে জ্ঞানচর্চায় অধিকতর স্থপ পাইয়া থাকে। তথন সে বিষয়-ভোগে তত স্থপ পায় না। কুকুর, ব্যাদ্র থাছ্য পাইলে যেরপ ফ্রু নিহত ভোজন করিতে থাকে, কোন মান্থবের পক্ষে সেরপ ফ্রু নিহত ভোজন সম্ভবপর নহে। আবার মান্থব বৃদ্ধিবলে নানাবিষয় জ্ঞাত হইয়া ও নানাকার্য্য সম্পাদন করিয়া যে স্থথ অন্থত করে, কুকুরের তাহা কথন স্বপ্নেও অন্থতব হয় না। প্রথমে ই ক্রিয় হইতে স্থান্থভূতি হইয়া থাকে। কিন্তু যথন কোন পশু উন্নত ভূমিতে আরোহণ করে তথন সে ঐ নিম্নজাতীয় স্থথ আর তত আগ্রহের সহিত সন্থোগ করিতে পারে না। মন্থ্য-সমাজের মধ্যেও দেখা যায়, মান্থ্য যতই পশুর তুলা হয় সে ই ক্রিয়ন্থ ততই তীলভাবে অন্থতৰ করে। আর যতই তাহার শিক্ষাদির উন্নতি হয়, ভতই বৃদ্ধিবৃত্তির পরিচালনা ও এতধিধ স্ক্ষ্ম স্ক্র্যু বিষয়ে তাহার স্থান্থভূতি হইতে থাকে। এইখানেই মান্থ্য ও

শিক্ষালাভের উপায়

পশুর মধ্যে প্রভেদ—মান্থবের একাগ্রতাশক্তি বেশী। মান্থবে মান্থবে প্রভেদও এই একাগ্রতাশক্তির তারতম্যেই হইয়া থাকে। নিম্নতম মান্থবের সঙ্গে উচ্চতম মান্থবের তুলনা কর, দেখিবে যে প্রভেদ শুধু একাগ্রতার গাঢ়তায়। আমার মনে হয় শিক্ষার সার কথাই গুইল মনের একাগ্রতা—কতকগুলি ঘটনার সংগ্রহ নহে।

প্রত্যক্ষ অনুভূতি

প্রকৃতির সঙ্গে প্রতিনিয়ত বাস করিলে তাহা হইতেই যথার্থ
শিক্ষা পাওয়া যায়। কেবল প্রত্যক্ষ অফুভৃতি দ্বারাই প্রকৃত
শিক্ষা লাভ হয়। আমরা সমগ্র জীবন যদি কেবল বিচার ও
তর্ক করিয়া কাটাইয়া দেই, তাহা হইলে আমরা একবিন্দু সত্য
লাভ করিতে পারিব না—নিজে প্রত্যক্ষ অফুভব না করিলে কি
সত্যলাভ হয়?

যদি সমৃদয় জ্ঞানই আমাদের প্রত্যক্ষ অন্থভৃতি হইতে লাভ

হইয়া থাকে, তবে ইহা নিশ্চয় যে, আমরা যাহা কথন প্রত্যক্ষ
অন্থভব করি নাই, তাহা কথন কল্পনাও করিতে পারি না অথবা
ব্রিভেও পারি না। কুক্ট-শাবকগণ ডিম্ম হইতে ফুটিবামাত্র

শাস্ত খুঁটিয়া থাইতে আরম্ভ করে। অনেক সময়ে এরপ দেখা
গিয়াছে যে, যথন কুক্টা দারা হংসডিম্ম ফুটান হইয়াছে, তথন

হংসশাবক ডিম্ম হইতে বাহির হইবামাত্র জলে চলিয়া গিয়াছে;
ভাহার মাতা মনে করিল, শাবকটা ব্রি জলে ডুবিয়া গেল।

যদি প্রত্যক্ষাম্প্রতিই জ্ঞানের একমাত্র উপায় ইয়, তাহা হইলে

এই কুক্টশাবকগুলি কোথা হইতে খাতা খুঁটিয়া থাইতে শিথিল

অথবা ঐ হংসশাবকগুলি জল তাহাদের স্বাভাবিক স্থান বলিয়া

শিক্ষাপ্রসঙ্গ

জানিতে পারিল ? যদি তুমি বল, উহা সহজাত-জ্ঞান (instinct) মাত্র, তবে তাহাতে কোন অর্থ ই বুঝাইল না। সহজাত-জ্ঞান কি ? আমাদেরও ত এইরপ সহজাত-জ্ঞান অনেক বহিয়াছে। टामारनत मर्था ज्ञानक महिलाहे शियाता वाकाहेया थारकः তোমাদের অবশ্য স্মরণ থাকিতে পারে, যথন তোমরা প্রথম শিক্ষা করিতে আরম্ভ কর, তথন তোমাদিগকে শ্বেত, রুষ্ণ উভয় প্রকার পর্দার, একটির পর আর একটিতে, কত যথের সহিত অঙ্গলি প্রয়োগ করিতে হইত, কিন্তু অনেকদিনের অভ্যাদের পর, এক্ষণে তোমরা হয়ত কোন বন্ধুর সহিত কথা বলিবে অথচ সঙ্গে সঙ্গে পিয়ানোতে যথায়থ হাত চালাইতে পারিবে। উহা এক্ষণে তোমাদের সহজাত-জ্ঞানে পরিণত হইয়াছে—উহা তোমাদের পক্ষে সম্পূর্ণ স্বাভাবিক হইয়া পড়িয়াছে। অক্যান্ত কার্য্য যাহা আমরা করিয়া থাকি, তাহার সম্বন্ধেও ঐ। অভ্যাদের দারা উহা সহজাত-জ্ঞানে পরিণত হয়, স্বাভাবিক হইয়া যায়। কিন্তু আমরা ঘতদূর দেখিতে পাই, তাহাতে এই বোধ হয় যে, যাহা পূর্বের বিচার-পূর্বক-জ্ঞান ছিল, তাহাই এক্ষণে নিমভাবাপর হইয়া সহজাত-জ্ঞানে পরিণত হইয়াছে। এই বিচার আবার প্রত্যক্ষামুভৃতি ব্যতীত হইতে পারে না। স্থতরাং সমুদয় সহজাত-জ্ঞানই পূর্ব প্রত্যক্ষামূভূতির ফল। পূর্বামূভূত অনেক ভয়ের সংস্কার কালে এই জীবনের মমতারূপে পরিণত হইয়াছে। এই কারণেই বালক অতি বাল্যকাল ইইতেই আপনা-আপনি ভয় পাইয়া থাকে, কারণ ভাহার কষ্টের পূর্ব্বদংস্কার রহিয়াছে। যোগীদিগের দার্শনিক ভাষায় উহা সংস্কাররপে পরিণত হইয়াছে, বলা যায়। শিক্ষা মজ্জাগত

শৈক্ষালাভের উপায়

হইয়া সংস্কারে পরিণত না হইলে শুধু কতকগুলি জ্ঞান-সমষ্টি কথনও নানা ভাববিপ্লবের মধ্যে তিষ্টিতে পারে না। তোমবা জগংকে কতকগুলি জ্ঞান দিয়া যাইতে পার, কিন্তু তাহাতে উহার বিশেষ কল্যাণ হইবে না; ঐ জ্ঞান আমাদের মজ্জাগত হইয়া সংস্কারে পরিণত হওয়া চাই।

মনে কর, আমি রাস্তায় গিয়া একট। কুকুর দেখিলাম। উহাকে কুঁকুর বলিয়া জানিলাম কিরূপে ? যথনই উহার ছাপ আমার মনের উপর পড়িল, উহার সহিত মনের ভিতরকার পূর্ব-দংস্কারগুলিকে মিলাইতে লাগিলাম; দেখিলাম, তথায় আমার সমুদয় পূর্ববদংস্কারগুলি শুরে শুরে সজ্জীঞ্চ রহিয়াছে। নৃতন কোন বিষয় আদিবামাত্রই আমি ঐটিকে দেই প্রাচীন সংস্থারগুলির সহিত মিলাইলাম। যথনই দেখিলাম, সেইরূপভাবের আর কতকগুলি সংস্থার রহিয়াছে, অমনি আমি উহাদিগকে তাহাদের সহিত মিলাইলাম—তথনই আমার তৃপ্তি আদিল। আমি তথন উহাকে কুকুর বলিয়া জানিতে পারিলাম, কারণ উচা পূর্বাবস্থিত কতকগুলি সংস্থারের সহিত মিলিল। যথন আমি উহার তুল্য সংখ্যার আমার ভিতরে না দেখিতে পাই, তথনই আমার অতৃপি আদে। এইরূপ হইলে উহাকে 'অজ্ঞান' বলে। আর তৃপ্তি इरेलरे **উरा**क छान वल। यथन এकि আপেল পড়িল, তথन মামুষের অতৃপ্তি আসিল, তারপর মামুষ ক্রমশঃ এরপ কতকগুলি ঘটনা—ধেন একটি শুঙ্খল দেখিতে পাইল। কি সে শুঙ্খল? দেই শৃঙ্খল এই যে, সকল আপেলই পড়িয়া থাকে। মামুষ উহার 'মাধ্যাক্ষণ' সংজ্ঞা দিল। অতএব আমরা দেখিলাম—পূর্কে

কতকগুলি অমুভূতি না থাকিলে নৃতন অমুভূতি অসম্ভব। কারণ

ঐ নৃতন অমুভূতির সহিত মিলাইবার আর কিছু পাওয়া যাইবে না।
অতএব দেখিলাম, এই পূর্ব্বসঞ্চিত জ্ঞান-ভাণ্ডার ব্যতীত নৃতন
কোন জ্ঞান হওয়া অসম্ভব। বাস্তবিক কিন্তু আমাদের সকলক্ষেই
পূর্ব্বসঞ্চিত জ্ঞান-ভাণ্ডার সঙ্গে করিয়া লইয়া আদিতে হইয়াছে।
জ্ঞান কেবল ভূয়োদর্শনলর, জানিবার আর কোন পথ নাই।
অতএব মাহুহে বা পশুতে বাহাকে স্বাভাবিক জ্ঞান বলি, তাহা
অবশুই পূর্ব্ববর্তী ইচ্ছাক্বত কাথ্যের ক্রমসঙ্কোচভাব হইবে। আর
ইচ্ছাক্রত কার্য্য বলিলেই পূর্ব্বে আমরা অভিজ্ঞতালাভ করিয়াছিলাম,
স্বীকার করা হইল। পূর্বকৃত কার্য্য হইতে ঐ সংস্কার আদিয়াছিল,
আর ঐ সংস্কার এখনও বর্ত্তমান। এই মৃত্যুভীতি, এই জ্বনিবামাত্র
জলে সন্তব্ব আর মন্তুয়ের মধ্যে যাহা কিছু অনিচ্ছাক্কত স্বাভাবিক
কার্য্য রহিয়াছে, সবই পূর্ব্ব কার্য্য ও পূর্ব্ব অমুভূতির ফল—
উহারা এক্ষণে স্বাভাবিক জ্ঞানরূপে পরিণত হইয়াছে।

যদি আমাকে আবার শিক্ষা নিতে হইত এবং এ বিষয়ে আমার কর্তৃত্ব থাকে, তাহা হইলে আমি ঘটনাবলী সম্বন্ধে আর অধ্যয়ন করিতাম না। আমি আমার একাগ্রতা ও পৃথগ্করণ-শক্তিকে বিকাশ করিব এবং নিথুত উপায়ে আমার ইচ্ছামত তথাসংগ্রহ করিব।

পরাতুকরণ, নবাতুকরণ ও আত্মপ্রভায়

প্রত্যেক ব্যক্তির কর্ত্তব্য—নিজের নিজের আদর্শ লইয়া তাহা জীবনে পরিণত করিতে চেষ্টা করা। অপর ব্যক্তির আদর্শ লইয়া তদমুসারে চরিত্রগঠনের চেষ্টা হইতে উন্নতিলাভে ক্রতকার্য্য হইবার

শিক্ষালাভের উপায়

ইহা অপেক্ষাকৃত নিশ্চিত উপায়। অপরের আদর্শ হয়ত তিনি জীবনে কথনই পরিণত করিতে সমর্থ হইবেন না। কোন সমাজের সকল নরনারী একরপ মন বা শক্তিবিশিষ্ট নহে, অথবা কোন বিষয় ব্ঝিবার সকলের একরপ শক্তি নাই। স্ততরাং প্রত্যেকেরই আদর্শ ভিন্ন ভিন্ন থাকা উচিত; আর এই আদর্শগুলির কোনটিকেই উপহাস করিবার অধিকার আমাদের নাই। প্রত্যেকেই নিজ নিজ আদর্শে পৌছিবার জন্ম যতদূর পারে করুক। আমাকে জোমার বা তোমাকে আমার আদর্শের দ্বারা বিচার করা ঠিক নহে। ওক-বৃক্ষের আদর্শে আপেল বা আপেল-বৃক্ষের আদর্শে ওক-বৃক্ষের বিচার করা উচিত নহে। আপেল-বৃক্ষকে বিচার করিতে হইলে অকের নম্না লইয়া বিচার করা আবশ্যক। এইরপ আমাদের সকলের সম্বন্ধেই ব্ঝিতে হইবে।

আহার, পোশাক ও জাতীয় আচার ব্যবহার পরিত্যাগ করিলে, ক্রমে জাতীয়ত্ব লোপ হইয়া যায়। বিছা সকলের কাছেই শিথিতে পারা যায়। কিন্তু যে বিছালাতে জাতীয়ত্বের লোপ হয়, তাহাতে উরতি হয় না—অধংপাতের স্চনাই হয়। ব্যস্ত হইও না; অপর কাহাকেও অমুকরণ করিতে যাইও না। আমাদিগকে এই একটি বিশেষ বিষয় স্থান রাখিতে হইবে—অপরের অমুকরণ সভ্যতা বা উন্ধতির লক্ষণ নহে। আমি নিজেকে রাজার বেশে ভূষিত করিতে পারি—তাহাতেই কি আমি রাজা হইব ? দিংহচর্মাবৃত্ত করিতে পারি—তাহাতেই কি আমি রাজা হইব ? দিংহচর্মাবৃত্ত করিতে করন দিংহ হয় না। অমুকরণ—হীন, কাপুক্ষের ক্যায় অমুকরণ কথনই উন্নতির কারণ হয় না। বরং উহা মানবের

ঘোর অধংপাতের চিহ্ন। যথন মাত্র্য আপনাকে দ্বলা করিতে আরম্ভ করে, তথন বুঝিতে হইবে, তাহার উপর শেষ আঘাত পড়িয়াছে; যথন সে নিজ পূর্ব্বপুক্ষণাশকে স্বীকার করিতে লজ্জিত হয়, তথন বুঝিতে হইবে, তাহার বিনাশ আসন্ধ।

তোমবা আত্মবিশ্বাসদপ্র হও, তোমাদের প্রপ্রথগণের নামে লক্ষিত না হইয়া তাহাদের নামে গৌরব অন্তত্ত্ব কর, আর অন্তর্বণ করিও না, অন্তকরণ করিও না। তোমাদের ভিতর যাহা আছে, নিজ শক্তিবলে তাহা প্রকাশ কর ; কিন্তু অন্তকরণ করিও না—অ্থচ অপরের নিকট যাহা ভাল, তাহা গ্রহণ কর। আমাদিগকে অপরের নিকট শিথিতে হইবে। বীজ মাটিতে পুঁতিলে, উহা মৃত্তিকা, বায়ু ও জল হইতে রস সংগ্রহ করে বটে, কিন্তু উহা যথন বৃদ্ধিপ্রাপ্ত হইয়া প্রকাও মহীরুহে পরিণত হয়, তথন কি উহা মাটি, জল বা বায়ুর আকার ধারণ করে? না, উহা তাহা করে না। উহা মৃত্তিকাদি হইতে উহার প্রয়োজনীয় সারাংশ গ্রহণ করিয়া নিজের প্রকৃতি অন্ত্র্যায়ী একটি বৃহৎ বৃক্ষে পরিণত হয়; তোমরাও এইরূপ কর। অবশ্য অপরের নিকট হইতে আমাদের যথেষ্ট শিথিবার আছে; যে শিথিতে চায় না, সে ত প্রেই মরিয়াছে। আমাদের মন্তু বলিয়াছেন—

"শ্রদ্ধান: শুভাং বিভামানদীতাবরাদপি।
অন্ত্যাদপি পরং ধর্মাং স্ত্রীরত্বং তৃত্বাদপি॥" (২।২৬৮)
অর্থাৎ নীক ব্যক্তির সেবা করিয়া তাহার নিকট হইতেও যত্নপূর্বক শ্রেষ্ঠ বিভা শিক্ষা করিবে। হীন চণ্ডালের নিকট হইতেও শ্রেষ্ঠ
ধর্ম শিক্ষা করিবে, ইত্যাদি।

শিক্ষালাভের উপায়

অপবের নিকট ভাল যাহা পাও, শিক্ষা কর, কিন্তু সেইটি লইয়া নিজেদের ভাবে গঠন করিয়া লইতে হইবে—অপরের নিকট শিক্ষা করিতে গিয়া অপরের সম্পূর্ণ অন্তকরণ করিয়া নিজের স্বাতস্ত্র্য হারাইও না; এক মুহুর্ত্তের জন্ম মনে করিও না, যদি ভারতের সকল অধিবাসী অপর জাতি-বিশেষের পোশাক-পরিচ্ছদ, আচার-ব্যবহার সম্পূর্ণ অন্তকরণ করিত, তাহা হইলেই ভাল হইত। জাতীয় জীবন-স্রোতকে প্রবাহিত হইতে দাও। যে সকল প্রবল অন্তরায় এই ব্যোগালিনী নদীর স্রোত্তমার্গ অবক্লদ্ধ করিয়া রাখিয়াছে, দেগুলিকে স্বাইয়া দাও, পথ পরিষ্কার করিয়া দাও, নদীর খাতকে সবল করিয়া দাও—ভাহা হইলে উহা নিদ্ধ স্বাভাবিক গতিতে প্রবলবেনে অগ্রসর হইবে—এই জাতি নিজের স্ব্রবিধ উন্নতি-সাধন করিতে করিতে চরম লক্ষ্যের দিকে ছুটিবে।

আমি সমগ্র জগতে দেখিয়াছি,—দীনতার, দ্র্রেলতা-সম্পাদক উপদেশের দারা অতি অগুভ ফল ঘটয়াছে, সমগ্র মন্ত্রাজাতিকে উহা নষ্ট করিয়া ফেলিয়াছে। আমাদের সন্তানসম্থতিগণকে এই রূপভাবে শিক্ষা দেওয়া হয়—আর তাহার। যে শেষে আধপাগলা-গোছ হইয়া দাঁড়ায়, ইহা কি আশ্চর্যের বিষয়? যদি জড় জগতে বড় হইতে চাও, বিশাস কর তুমি বড়। আমি হয়ত একটি ক্ষ্মুর্দ, তুমি হয়ত পর্বতত্ত্বা উচ্চ তরদ, কিন্তু জানিও, অনস্ত সম্প্রু আমাদের উভয়েরই পশ্চাদেশে রহিয়াছে, অনস্ত ঈশ্বর আমাদের সকল শক্তি ও বীর্যের ভাগুরস্বরূপ, আর আমর্রা উক্রয়েই উহা হইতে যত ইচ্ছা শক্তি সংগ্রহ করিতে পারি। অতএব আপনার উপর বিশাস কর। জগতের ইতিহাসে দেখিবে, কেবল যে সকল

ক্ষাতি নিজেদের উপর বিশ্বাস স্থাপন করিয়াছে, তাহারাই প্রবল ও বাঁধ্যবান হইয়াছে। প্রত্যেক ক্ষাতির ইতিহাসে ইহাও দেখিবে, যে সকল ব্যক্তি নিজেদের উপর বিশ্বাস স্থাপন করিয়াছে, তাহারাই প্রবল ও বাঁধ্যবান হইয়াছে। দৃঢ়চিত্ত হও; সর্ব্বোপরি পবিত্ত ও সম্পূর্ণ অকপট হও; বিশ্বাস কর যে, তোমাদের ভবিশ্বং অভি গৌরবম্য।

শিক্ষার উদ্দেশ্য ঃ

(১) চরিত্রগঠন

অশেষ জ্ঞান ও অনত শক্তির আকর এক প্রভ্যেক নরনারীর অ হাস্তরে স্থাপ্তের ক্যায় অবস্থান করিতেছেনে; সেই একাকে দাগরিত করাই শিক্ষার প্রকৃত উদ্দেশ্য।

সংস্থারসমস্টিই চরিত্র—স্থখ-তুঃখ ভাহার উপাদান

শম্দয় মানবছাতির চরম লক্ষ্য—জ্ঞানলাভ। প্রাচ্যদর্শন আমাদের নিকটে এই একমাত্র লক্ষ্য বাতীত অন্ত কোনরূপ লক্ষ্যের কথা বলে নাই। হ্বথ মাহ্মষের চরম লক্ষ্য নহে—জ্ঞান। হ্বথ, আনন্দ—এ সকলের ত শেষ আছে। হ্বথই চরম লক্ষ্য মনে করা মাহ্মষের জম। জগতে আমরা যত ত্থে দেখিতে পাই, তাহাদের কারণ—মাহ্মষ অজ্ঞের মত মনে করে হ্বথই তাহার চরম লক্ষ্য! কালে মাহ্মষ ব্রিতে পারে, সেহ্থের দিকে নর, জ্ঞানের দিকে ক্রমাগত চলিয়াছে—হ্বথ-ত্থে উভয়ই তাহার মহান্ শিক্ষক—সেশুভ হইতে যেমন, অশুভ হইতেও তদ্ধপ শিক্ষা পায়। হ্বথ-ত্থে যেমন তাহার আত্মার উপর দিয়া চলিয়াযায়, অমনি তাহার। উতাতে নানাবিধ চিত্র রাধিয়া যায়, আর এ চিত্র বা সংস্কারদম্প্তির ফলকেই আমরা মানব-চরিত্র বলি। কোন ব্যক্তির চরিত্র লইয় আলোচনা করিয়া দেথ, ব্রিবে—উহা প্রকৃতপক্ষে তাহার মনের প্রবৃত্তি, মনের প্রবণতাদম্হের সম্প্তি মাত্র। ত্মি দেখিবে—তাহার চরিত্রকে এক বিশেষরূপ

ছাচে ঢালিবার পক্ষে ভালমন উভয়েরই সমান অংশ আছে; কোন (कान छाल वतः छः श छश इहेट अतिक शिका निवाहः, तिथा यात्र । ছগতের মহাপুরুষগণের চরিত্র আলোচন। করিলে দেখা যায়, অধিকাংশ স্থলে দুঃগ শুথ অপেক্ষা ভাঁহাদিগকে অধিক শিক্ষা দিয়াছে: দারিদ্রা ধন হইতে অধিক শিক্ষা দিয়াছে, প্রশংসা হইতে নিলারপ মাঘাতই তাহাদের মাভান্তরীণ জ্ঞানাগ্রির উদ্দীপনে অবিক পরিমাণে সাহাযা করিয়াছে। যদি আমরা ধীর ভাবে নিজেদের অন্তঃকরণকে অধ্যয়ন করি, তবে দেখিব আমাদের হাসি-কালা, স্তথ-তঃথ, বুর-অভিসম্পাত, নিন্দা-স্কৃতি দকলই আমাদের মনের উপর বহির্জগতে অনেক ঘাত-প্রতিঘাত হইতে, আমাদের নিজেদের ভিতর হইতেই উংপ#। উহাদের ফলেই আমাদের বর্তমান চরিত্র গঠিত। যদি ভুমি কোন ব্যক্তির চরিত্র যথার্থ বিচার করিতে চাও, ভবে ভাহার বড বড কার্য্যের দিকে লক্ষ্য করিও না। অবস্থাবিশেষে নিতান্ত নিকোধও বীরের মত কাষ্য করিয়া থাকে। লোককে ভাহার অভি সামাত্য কাষ্য করিবার সময় লক্ষ্য কর, উহাতেই মহৎ লোকের প্রকত চরিত্র জানিতে পারিবে। বঙ বড ঘটনা সামান্ত লোককে প্রযুপ্ত মতান করিয়া তুলে। কিন্তু সকল অবস্থাতেই থাঁহার চরিত্তের মহত্ব লক্ষিত হয়, তিনিই প্রকৃত মহান লোক। মানুষকে যতপ্রকার শক্তি লইয়া নাডাচাড়া করিতে হয়, তন্মধ্যে যে কর্মের দারা মামুষের চরিত্র গঠিত হয়, তাহাই প্রবলতম শক্তি।

ইচ্ছা সৰ্বাশক্তিমতী

আমরা জগতে যতপ্রকার কার্য্য দেখিতে পাই, মহুগ্য-সমাজে যতপ্রকার গতি হইতেছে, আমাদের চতুদ্দিকে যে সকল কার্য্য হইতেছে, উহারা কেবল চিন্তার প্রকাশ মাত্র, মাল্লযের ইচ্ছার প্রকাশ মাত্র। যন্ত্রসমূহ, নগর, জাহাজ, যুদ্ধজাহাজ স্বই মানুষের ইচ্ছার বিকাশ মাত্র। এই ইচ্ছা আবার চরিত্র হইতে গঠিত, চরিত্র আবার কর্মগঠিত। যেমন কর্ম, ইচ্ছার প্রকাশও তদকুরপ। আমাদের দেহ যেন লৌহপিণ্ডের মত, আর আমাদের প্রত্যেক চিন্তা যেন তাহার উপর আন্তে আন্তে হাতুড়ির আঘাত—এই ভাবে আমরা त्मर्रोतिक (यंखार रेक्सा, गठेन कति। आमता अथन यात्रा रुद्रेशाहि, তাহা আমাদের চিন্তাগুলিরই ফলম্বরূপ। স্থতরাং তোমরা কি চিন্তা কর, সে বিষয়ে বিশেষ লক্ষ্য রাখিও। বাক্য ত গৌণ জিনিস। চিন্তাগুলিই বছকালস্থায়ী, আর তাহাদের গতিও বছদরপ্রসারী। আমরা যে কোন চিন্তা করি, তাহাতে আমাদের চরিত্রের ছাপ লাগিয়া যায়; এই হেতু সাধুপুরুষদের উপহাসে বা ভর্ৎসনায় প্যান্ত তাহাদের হৃদয়ের ভালবাসা ও পবিত্রতার একট্থানি রহিয়। যায় এবং তাহাতে আমাদের কল্যাণসাধনই করে।

আমরা তুর্বল বলিয়াই নানাবিধ ভ্রমে পড়িয়া থাকি, আর অজ্ঞান বলিয়াই আমরা তুর্বল। আমাদিগকে অজ্ঞানে ফেলিয়াছি। আমরা আপনারাই আপনাদিগকে অজ্ঞানে ফেলিয়াছি। আমরা নিজের চক্ষে নিজেই হাত দিয়া অন্ধকার বলিয়া চীৎকার করিটেতি। হাত সরাইয়া লও, ভাহা হইলে দেখিবে সেই জীবাত্মার স্বপ্রকাশ স্বরূপের আলোক রহিয়াছে। আধুনিক বৈজ্ঞানিকগণ কি বলিডেছেন

তাহা কি দেখিতেছ না ? এই সকল ক্রমবিকাশের হেতু কি ?--বাসনা। কোন পশু যেভাবে অবস্থিত দে তদতিরিক্ত অন্য কিছুরূপে থাকিতে চায়--্সে দেখে, সে যে-সকল অবস্থার মধ্যে বাস করে, **দেগুলি তাহার উপযুক্ত নহে—স্থতরাং দে একটি নৃতন শরীর গঠন** করিয়া লয়। তুমি দর্কনিয়তম জীবাণু হইতে নিজ ইচ্ছাশক্তি মূলে উৎপন্ন হইয়াছ—আবার ইচ্ছাশক্তি প্রয়োগ কর, আরও উন্নত হইতে পারিবে। ইচ্ছা দর্বাশক্তিমতী। তুমি বলিতে পার, যদি ইচ্ছা সর্বাশক্তিমতী হয়, তবে আমি অনেক কাঞ্জ—যাহা ইচ্ছা করি, ভাহা করিতে পারি না কেন ? তুমি যথন একথা বল, তথন তুমি তোমার কৃত্র 'আমি'র দিকে লক্ষ্য করিতেছ মাত্র। ভাবিয়া দেখ, তুমি ক্ষুদ্র জীবাণু হইতে এই মাতুষ হইয়াছ। কে তোমাকে মাতুষ করিল? তোমার আপন ইচ্ছাশক্তি। তুমি কি অস্বীকার করিতে পার, ইহা সর্বশক্তিমতী ? যাহা তোমাকে এতদুর উন্নত করিয়াছে, তাহা তোমাকে আরও অধিক উন্নত করিবে। আমাদের প্রয়োজন —চরিত্র, ইচ্ছাশক্তির দৃঢ়তা—উহার তুর্বলতা নহে। যদি তুমি কতকগুলি ভুল করিয়াছ বলিয়া বাড়ী গিয়া অমুতাপ ও ক্রন্দন क्तिया खोवन कांगि ভाशां विश्व किছू हे উপकात इहेरव ना, বরং উহা তোমাকে অধিকতর তুর্বল করিয়া ফেলিবে। যদি সহস্র বৎসর ধরিয়া এই গৃহ অন্ধকারময় থাকে, আর তুমি সেই গৃহে আদিয়া 'হায়, বড় অন্ধকার! বড় অন্ধকার!' বলিয়া রোদন করিতে व्यात्रख दत, जर्र कि व्यक्तकात हिना याहर्त ? এकि नियाननाहे बानितारे এक मूरूर्ख गृरु बातांकिछ इरेरा। अङ्थर माताबीरन 'আমি অনেক দোষ করিয়াছি, আমি অনেক অক্তায় কাজ করিয়াছি'

শিক্ষার উদ্বেশ্য-চরিত্রগঠন

বলিয়া চিন্তা করিলে তোমার কি উপকার হইবে? আমরা নানা দোহে দোষী, ইহা কাহাকেও বলিয়া দিতে হয় না। জ্ঞানের আলো জ্ঞাল, এক মৃহুর্ত্তে সব অভ্যত চলিয়া যাইবে। নিজের প্রকৃত স্বরূপকে প্রকাশ কর, প্রকৃত 'আমি'কে—সেই জ্যোভিন্ময়, উচ্ছল, নিত্যভদ্ধ 'আমি'কে প্রকাশ কর—প্রত্যেক ব্যক্তিতে সেই আত্মাকে প্রকাশ কর।

সংস্থার চরিত্রের নিয়ামক

মনকে যদি একটি ছদের সহিত তুলনা করা যায়, ভবে বলা যায় যে, মনের মধ্যে যে-কোন তরঙ্গ উঠে, ভাহার বিরাম হইলেও ভাহা একেবারে নষ্ট হইয়া যায় না, কিন্তু উহা চিত্তের ভিতর একটি দাগ এবং সেই তর্পটির পুন: উদয় হইবার সম্ভাবনীয়তা রাখিয়া যায়। এই দাগ এবং ঐ ভরকের পুনরাবির্ভাবের সম্ভাবনীয়তার একত্তে নাম-সংস্থার। আমরা যে-কোন কার্যা করি-আমাদের প্রত্যেক অঙ্গদঞ্চালন, আমাদের মনের প্রত্যেক চিস্তা, চিত্তের উপর এইরূপ সংস্থার ফেলিয়া যাইতেছে: আর যথন তাহারা উপরিভাগে প্রকাশিত না থাকে, তথনও ভাহারা এত প্রবল থাকে যে, তলে তলে অজ্ঞাতভাবে কার্যা করিতে থাকে। এই 6 छ সদা সর্বাদাই উহার স্বাভাবিক পবিত্র অবস্থা পুন:-প্রাপ্তির জ্বন্ত চেষ্টা করিছেছে. किछ डे क्तिय छनि উराদिशक वाहित्र चाकर्षण कविया वाथि एउट । আমরা প্রতিমৃহুর্ত্তে যাহা, তাহা আমাদের মনের উপর এই সংস্কার-পঞ্জের দারা নিয়মিত। আমি এই মুহুর্বে ধাহা, তাহা আমার ভূত জীবনের এই সকল সংস্থার-সমষ্টি মাত্র। ইহাকেই প্রকৃতপক্ষে চরিত্র বলে। প্রত্যেক ব্যক্তির চরিত্র এই সংস্কার-সমষ্টি দ্বারা নিয়মিত।

যদি শুভ-সংস্কার প্রবল হয়, সেই চরিত্র সাধুচরিত্ররূপে পরিণত হয়, অনৎ-সংস্কার প্রবল হইলে তাহা অসচ্চরিত্র হয়। যদি কোন ব্যক্তি मर्तिमा मन्म कथा खरन, मन्म हिन्छ। करत, मन्म काक करत, ভाहात मन এই मकन मन्म-मःस्नात्रभूनं इहेगा घाहेत्व धवः উहाताहे बाङ्काख्छात्व ভাহার কার্য্য-প্রবৃত্তিকে নিয়মিত করিবে। এইরূপ, যদি কোন লোক ভাল বিষয় ভাবে এবং ভাল কাজ করে, উহাদের সংস্কারগুলি ভালই হইবে এবং উহারা পূর্ব্বোক্ত প্রকারে তাহাকে তাহার খনিচ্ছাসত্ত্বেও সংকার্য্যে প্রবৃত্ত করাইবে। যথন মাতুষ এত ভাল কাজ করে এবং এত সংচিন্তা করে যে, তাহার প্রকৃতিতে অনিচ্চাসত্তেও অনিবার্য্য-রূপে সংকার্য্য করিবার ইচ্ছা উপস্থিত হয়, তথন সে কোন অগ্রায় কার্য্য করিব বলিয়া মনে মনে চিস্তা করিলেও, এই সকল সংস্থারের সমষ্টিস্বরূপ তাহার মন তাহাকে উহা করিতে দিবে না-সংস্কার-গুলিই তাহাকে মন্দ দিক হইতে ফিরাইয়া আনিবে। সে তথন তাহার সৎসংস্কারের হত্তে পুত্তলিকাপ্রায়। শিক্ষা মজ্জাগত হইয়া সংস্কারে পরিণত হওয়াকেই প্রকৃত শিক্ষা বলে। যথন এইরূপ হয়, তথনই দেই ব্যক্তির চরিত্র গঠিত হইয়াছে বলা যায়।

বেমন কৃষ্ তাহার পদ ও মন্তক থোলার ভিতরে গুটাইয়া রাথে
—তৃমি তাহাকে মারিয়া ফেলিতে পার, বগু থগু করিয়া ফেলিতে
পার, কিন্তু তাহারা বাহিরে আদিবে না—যে ব্যক্তির বিভিন্ন ইন্দ্রিয়-কেন্দ্রগুলির উপর সংযমলাভ হইয়াছে, তাহার চরিত্রও সেইরূপ।
সর্বাদা ক্ষচিন্তার প্রতিক্রিয়াদ্বারা শুভ সংস্কারগুলি তাহার মনের
উপরিভাগে সর্বাদা ভ্রমণ করে বলিয়া চিত্তের শুভ সংস্কার প্রবল
হয়; তাহার ফল এই হয় যে, আমরা ইন্দ্রিয় (কর্মেন্দ্রিয় ও

শিক্ষার উদ্দেশ্য—চরিত্রগঠন

জ্ঞানেশ্রির উভয়ই) জয় করিতে সমর্থ হই। তথনই চরিত্রের প্রতিষ্ঠা হয়, তথনই কেবল তুমি সত্য লাভ করিতে পার। এরপ লোকই চিরকালের জয়্ম নিরাপদ ভূমিতে দুঙায়মান হয়। তাহার দার্বা কোন অয়ায় কার্যা সম্ভবে না। তাহাকে ঘেথানেই ফেলিয়া দার্প না কেন, যে সঙ্গেই তাহাকে রাথ না কেন, তাহার পক্ষে কোন বিপদের সম্ভাবনা নাই।

আদ্বথালকার শিক্ষাপদ্ধতি মহুগ্র গড়িয়। তুলে না, কেবল উহা গড়া জিনিদ ভাপিয়া দিতে জানে। এইরূপ অবস্থামূলক বা অম্বিরতাবিধায়ক শিক্ষা কিংবা যে শিক্ষা কেবল 'নেতি'-ভাবই প্রার্থিত করায় দে শিক্ষা মৃত্য অপেকাও ভরম্বর। মন্তিম্বের মধ্যে নান। বিষয়ের বহু বহু তথা বোঝাই করিয়া, দেওলিকে অপরিণত অবস্থায় দেখানে দারাজীবন হট্রগোল বাধাইতে দেওয়াকেই শিক্ষা-লাভ করাবলা চলে না। সং আদর্শ ও ভাবগুলিকে এমনভাবে সুপরিণাম লাভ করাইতে ২ইবে, যাহাতে তাহারা প্রকৃত মুলুমুর, প্রকৃত চরিত্র ও জীবন গঠন করিতে পারে। পাঁচটি সংভাবকে যদি তুমি পরিপাক করিয়া নিজের জীবনে ও চরিত্রে পরিণত করিতে পার, তাহা হইলে যিনি কেবল একটি পুতকাগার কণ্ঠন্থ করিয়া রাথিয়াছেন, তাঁহার অপেক্ষা তোমার শিক্ষা অনেক বেণা। শিক্ষাটি সংস্থাবে পরিণত হইয়া ধমনীগত হইলে তবে তাহাকে শিক্ষা বলে (Education is the nervous association of certain ideas). অগ্নির দাহিকা শক্তি যতক্ষণ আমরা উপলব্ধি ন। করি, ঐ জ্ঞান যতক্ষণ না আমাদের ধমনী ও মজ্জা-গত হয়, ততক্ষণ আ ওনের জ্ঞান জনায় না। ভায় বিজ্ঞান কতকগুলি মুখত্ব করিলেই

শিক্ষা হয় না। যাহাজীবনের দক্ষে মিশিয়া যায়, তাহাই ষথার্থ শিক্ষা। পরমহংদদেবের বেমন কাঞ্চনভ্যাগ—নিজ্ঞাবস্থায়ও তাঁর অঙ্গে কাঞ্চন স্পর্শ করাইলে অঙ্গের বিকৃতি উপস্থিত হইত। এই-প্রকার সংস্কারগত যাহা হয়, তাহাই প্রকৃত শিক্ষা।

এইরপে আমরা যাহা কিছু চিস্তা করিয়াছি, যে-কোন কার্য্য আমরা করিয়াছি, সবই মনের মধ্যে অবস্থিত আছে। যে চিস্তাগুলি স্ক্ষতর রূপ ধারণ করিয়াছে, তাহারই কতকগুলিকে আবার তরক্ষাকারে আনয়ন করাকেই স্মৃতি বলে। সবগুলিই স্ক্ষতাবে অবস্থান করে এবং মাহ্যুষ মরিলেও এই সংস্কারগুলি তাহার মনে বর্ত্তমান থাকে। বেদান্তবাদীদের মতে—যথন এই শরীরের পতন হয়, তথন মানবের ইন্দ্রিয়গণ মনে লয়প্রাপ্ত হয়, মন প্রাণে লয়প্রাপ্ত হয়, প্রাণ আত্মায় প্রবেশ করে, আর তথন সেই মানবাত্মা যেন স্ক্ষ্ম শরীর বা লিক্ষ শরীররূপ বসন পরিধান করিয়া যান। এই স্ক্ষ্ম শরীর বা লিক্ষ শরীররূপ বসন পরিধান করিয়া যান।

পূর্ব্বসংস্কারগুলিই কেবল আমাদিগের একাগ্রভালাভের প্রতিবন্ধক। তোমরা সকলেই লক্ষ্য করিয়াছ যে, যথনই তোমরা মনকে একাগ্র করিতে চেষ্টা কর, তথনই তোমাদের নানাপ্রকার চিস্তা আদে। অফ্র সময়ে তাহারা তত প্রবল থাকে না, কিন্তু যথনই উহাদিগকে ভাড়াইবার চেষ্টা কর, তথনই উহারা নিশ্চয় আসিবে; তোমার মনকে যেন একেবারে ছাইয়া ফেলিবে। ইহার কারণ কিং? এই একাগ্রভা-অভ্যাদের সময়েই ইহারা এত প্রবল হয় কেন ? ইহার কারণ এই, তুমি যথন উহাদিপকে দমন করিবার চেষ্টা করিভেছ, তথনই উহারা উহাদের সমুদয় বল প্রকাশ করে।

শিক্ষার উদ্দেশ্য—চরিত্রগঠন

অত্যাত্য সময়ে উহারা ওরপভাবে বলপ্রকাশ করে না। চিত্তের কোন স্থানে উহারা জড় হইয়া রহিয়াছে, আর ব্যাদ্রের ত্যায় লক্ষ্য-প্রদান করিয়া আক্রমণের জত্য যেন সর্বাদা প্রস্তুত হইয়াই রহিয়াছে। ঐত্তলিকে প্রতিরোধ করিতে হইবে, যাহাতে আমরা যে ভাবটি হৃদয়ে রাখিতে ইচ্ছা করি, কেবল সেইটিই আদে, অপরাপর সম্দয় ভাবগুলি চলিয়া যায়। তাহা না হইয়া তাহারা ঐ সময়েই আদিবার চেটা করিতেছে। সংস্কারসমূহের এইরপ মনের একাগ্রভা-শক্তিকে বাধা দিবার ক্ষমতা আছে।

जर ७ वजर काका ज

প্রত্যেক কার্যেই যেন চিত্ত-প্রদের উপর একটি তরঙ্গ চলিয়া যায়। এই কম্পন কালে নই ইইয়া যায়। থাকে কি ? এই সংস্কারসমূহই অবশিষ্ট থাকে। এইরপ অনেকগুলি সংস্কার মনে পড়িয়া থাকিলে তাহারা সমবেত ইইয়া অভ্যাদরূপে পরিণত হয়। 'অভ্যাদই বিতীয় স্বভাব'—এইরপ কথিত হইয়া থাকে; শুদ্ বিতীয় স্বভাব নহে, উহা 'প্রথম' স্বভাবও বটে—মান্ত্রের সমৃদ্য স্থভাবই ঐ অভ্যাদের উপর নির্ভর করে। আমরা এখন যেরপ প্রকৃতিবিশিষ্ট রহিয়াছি, তাহা পূর্ব্ব অভ্যাদের ফল । সমৃদ্যই অভ্যাদের ফল জানিতে পারিলে আমাদের মনে সান্ধনা আদে; কারণ, যদি আমাদের বর্ত্তমান স্বভাব কেবল অভ্যাদ বশেই ইইয়া থাকে, ভাহা হইলে আমরা ইচ্ছা করিলে যথন ইচ্ছা ঐ অভ্যাদকে নাশ করিতেও পারি। এই সমৃদ্য সংস্কারই আমান্তরের মনের ভিতর যে চিন্তা-প্রবাহ চলিয়া যায়, তাহার পশ্চাদবশিষ্ট ফলম্বরূপ। আমাদের চরিত্র এই সমৃদ্য সংস্কারের সমষ্টিশ্বরূপ। যথন কোন

বিশেষ বৃত্তি-প্রবাহ প্রবল হয়, তথন লোকের সেই ভাব হইয়া দাঁড়ায়। যথন দদগুণ প্রবল হয়, তথন মাতুষ দং হইয়া যায়। যদি মন্দভাব প্রবল হয়. তবে মাত্রুষ মন্দ হইয়া যায়। যদি আনন্দের ভাব প্রবল হয়, তবে মুমুগ্র স্থাী হইয়া থাকে। অসৎ স্বভাবের একমাত্র প্রতিকার—ভাহার বিপরীত অভ্যাস। যত কিছু অসং অভ্যাস আমাদের চিত্তে সংস্থারবদ্ধ হইয়া গিয়াছে, তাহা কেবল সং-অভ্যাদের দ্বারা নাশ করিতে হইবে। কেবল সংকার্য্য করিয়া যাও, সর্বদা পবিত্র চিন্তা কর: অসং-সংস্কার নিবারণের ইহাই একমাত্র উপায়। কথনও কাহাকে আশা নাই বলিও না: কারণ অসৎ ব্যক্তি কেবল একটি বিশেষ প্রকার চরিত্র, যাহা কতকগুলি অভ্যাদের সমষ্টিমাত্র, ভাহারই পরিচয় দিতেছে এবং উহা আবার নতন ও সং অভ্যাদের দারা নিবারিত হইতে পারে। চরিত্র কেবল পুনঃ পুনঃ অভ্যাদের সমষ্টিমাত্ত। এইরূপ পুনঃ পুনঃ অভ্যাসই স্বভাবকৈ সংশোধিত করিতে পারে। যে-কোন কার্যা ভগবানের দিকে লইয়া যায় ভাহাই সংকার্যা, আরু যে-কোন কার্যা আমাদিগকে নিম্নদিকে লইয়া যায় তাহা অসং কার্যা। ভিতরের দিক হইতে দেখিলে আমরা দেখিতে পাই, কতকগুলি কার্যা আমাদিগকে উন্নতিপ্রবণ করে, আর কতকগুলি কার্য্যের প্রভাবে আমরা অবনত ও পশুভাবাপর হইয়া যাই।

চবিত্রবলে মাত্র্য সর্ব্বত্রই জয়ী হইতে পারে। পাশ্চান্ত্য জাতিয়-জাননের যে অপূর্ব্ব প্রাসাদসমূহ নির্মাণ করিয়াছেন, দেগুলি
চবিত্রেরপ স্তম্ভ্যমূহ-অবলম্বনে প্রতিষ্টিত— যতদিন না আমরা এইরপ
শত শত উৎক্রা চবিত্র সৃষ্টি করিতে পারিতেছি, ততদিন এ-জাতি

শিক্ষার উদ্দেশ্য—চরিত্রগঠন

বা ও-জাতির বিক্লে বিরক্তি প্রকাশ ও চীৎকার করা বৃথা। টাকায় কিছুই হয় না, নামেও হয় না, যশেও হয় না, বিভায়ও কিছুই হয় না, ভালবাসায় সব হয়—চরিত্রই বাধাবিদ্বরূপ বজ্ঞদৃঢ় প্রাচীরের মধ্য দিয়া পথ করিয়া লইতে পারে। শত শত যুগের কঠোর চেষ্টার ফলে একটা চরিত্র গঠিত হয়, আর নিম্পুষ্য চরিত্রের মত অতা কোন্শক্তি মামুষকে যথার্থ যোগ্যভাদানে সমর্থ ? সমন্ত সম্প্রদায়ের মধ্যে তাহারাই মাত্র জয়লাভ করিবে যাহারা জীবনে চরিত্রের চরম উৎকর্ষ দেথাইতে পারিবে।

(২) মানুষ তৈয়ার করা

অতীত ভারতের কর্মাকুশলভা

ভারতের ইতিহাস পাঠ করিলে জানা যায়, ভারত বরাবরক্ কার্য্যকুশল। আজকাল আমরা শিক্ষা পাইয়া থাকি—আমরা হীনবীর্যা ও নিক্ষণা; যে-সকল ব্যক্তির নিকট এই শিক্ষা পাওয়া যায়, তাহাদের নিকট আমরা অধিক জ্ঞানের প্রত্যাশা করি। তাহাদের শিক্ষায় এই ফল ফলিয়াছে যে অক্সান্ত দেশের লোকের নিকট আমরা হীনবীর্যা ও নিক্ষণা—ইহা একটি কিংবদন্তীস্বরূপ দাঁড়াইয়াছে। ভারত যে কোনকালে নিজ্ঞিয় ছিল, একথা আমি কোনমতেই স্বীকার করি না। আমাদের এই পবিত্র মাতৃভূমি যেমন কর্ম্মপরায়ণ, অন্ত কোন স্থানই সেইরূপ নহে। তাহার প্রমাণ—এই অতি প্রাচীন মহান জাতি এখনও জীবিত রহিয়াছে।

আমাদের এখন এমন ধর্ম চাই, যাহাতে আমাদিগকে মান্নথ করিতে পারে। আমাদের এমন সব মতবাদের আবশুক—যাহা আমাদিগকে মান্নথ করে। যাহাতে মান্নথ প্রস্তুত হয়, এমন স্কাঙ্গসম্পন্ন শিক্ষার প্রয়োজন। আমাদের পক্ষে এক্ষণে প্রয়োজন—লোহবৎ দৃঢ় মাংসপেশী ও স্নায়ু-সম্পন্ন হওয়া;—এমন দৃঢ়-ইচ্ছা-শক্তিসম্পন্ন হওয়া যে, কেহই যেন উহার প্রতিরোধে সমর্থ না হয়
—যেন উহা ব্রন্ধাণ্ডের সম্দন্ন রহস্তভেদে সমর্থ হয়, যদিও এই কার্য্য-সাধনে সম্প্রের অভল ভলে যাইতে হয়, যদিও করিদা সর্বপ্রকার মৃত্যুকে আলিক্ষন করিতে প্রস্তুত থাকিতে হয়! ইহাই এক্ষণে আমাদের আবশুক।

কুসংস্কার পরিছার করিয়া সবল ছও

আমি তোমাদিগকে স্পষ্ট ভাষায় বলিতেছি, আমরা হুর্বল, **অতি চর্বল। প্রথমত: আমাদের শারীরিক দৌর্বলা-এই** শারীরিক দৌর্বল্য আমাদের অস্ততঃ এক তৃতীয়াংশ তঃথের কারণ। আমরা অলম, আমরা কার্য্য করিতে পারি না: আমরা একসঙ্গে মিनिতে পারি না; আমরা পরস্পর পরস্পরকে ভালবাসি না; আমরা 'ঘোর স্বার্থপর: আমরা তিনজন একদঙ্গে মিলিলেই পরস্পরকে ঘুণা করিয়া থাকি, পরস্পরের প্রতি ঈর্ষা করিয়া থাকি। আমাদের এখন এই অবস্থা--আমরা অতিশা বিশুঝলভাবাপন্ন, ঘোর স্বার্থপর হইয়া পড়িয়াছি—শত শত শতাব্দী ধরিয়া এই লইয়া विवान क्रिएडिइ (य. जिनक्शांवन এইভাবে क्रिएड इटेर्टर, कि थे ভাবে ? अमूक वाक्तिक मिथित आमात्र शांख्या नहें हहेत्व किना ? যাহারা দারা জীবন এইরূপ তুরুহ প্রশ্নসমূহের মীমাংদায় ও ঐ দকল তত্ত্ব সম্বন্ধে বড় বড় মহাপাণ্ডিত্যপূর্ণ দর্শন লিখিতে ব্যস্ত, তাহাদিগের निकर्ष चात्र कि चाना कविरक शादा याय ? चामारतत्र धर्मणा त्य রাল্লাঘরে ঢুকিয়া সেইখানেই আবদ্ধ থাকিবে--এইরূপ আশঙ্কা বিলক্ষণ বহিয়াছে। এই অবস্থায় মৌলিকভত্ত-গবেষণায় মাতৃষ একেবাবে অসমর্থ হয়, নিজের সমুদয় তেজ, কার্য্যকরী শক্তি ও চিস্তাশক্তি হারাইয়া ফেলে; আর যতদূর সম্ভব কৃত্রতম গণ্ডীর মধ্যেই তাহার কার্যক্ষেত্র সীমাবদ্ধ হয়, তাহার বাহিরে আর যাইতে পারে না। বরং ভোমাদের প্রত্যেককে ঘোর' নাত্তিক দেখিতে ইচ্ছা করি, কিন্তু কুনংস্কারগ্রন্ত নির্কোধ দেখিতে ইচ্ছা করি না; कातन नाखिटकत वतः जीवन चाह्म, जाहात किहू इहेवात चाना

আছে, সে মৃত নহে। কিন্তু যদি কুসংস্কার ঢোকে, তবে মাথা একেবারে যায়, মন্তিষ্ক নিবর্বীর্ঘ হইনা যায়; মৃত্যুকীট সেই জীবস্ত শরীরে প্রবেশ করে। এই চুইটিই পরিত্যাগ করিতে হইবে।

वामारात युवकश्नरक अथमण्डः नवन इटेर्फ इटेर्टर, धर्म भारत আদিবে। হে আমার যুবকবন্ধুগণ, তোমরা দবল হও-ইহাই তোমাদের প্রতি আমার উপদেশ। গীতাপাঠ অপেকা ফুটবল থেলিলে তোমরা স্বর্গের অধিকতর সমীপবর্ত্তী হইবে। আমাকে অতি সাহসপ্ৰবিক একথাগুলি বলিতে হুইতেছে; কিন্তু না বলিলেই নয়। আমি তোমাদিগকে ভালবাদি। আমি জানি, জুতা কোন্থানে পায়ে লাগিতেছে। আমার মংকিঞ্চিৎ অভিজ্ঞতা আছে। ভোমাদের বলি, ভোমাদের শরীর একটু ভাজা হইলে তোমরা শ্রীক্ষের মধ্তী প্রতিভাও মহান্ বীর্যা ভাল করিয়া বুঝিতে পারিবে। যথন তোমাদের শরীর তোমাদের পায়ের উপর দৃঢ়ভাবে অবন্থিত হুইবে, যথন তোমবা আপনাদিগকে মানুষ বলিয়া জানিবে, তথনই তোমরা উপনিষদ ও আত্মার মহিমা ভাল করিয়া বুঝিবে। নিভীক সাহসী লোক-ইহাই আমরা চাই; আমরা চাই বক্ত তাজা হউক, স্বায়ু দতেজ হউক, পেশী লৌহদুঢ় হউক। মন্তিক্ষের নিকীৰ্য্যতা-সম্পাদক দৌৰ্ব্যাজনক ভাবের দরকার নাই ৷ সেইগুলি পরিত্যাগ কর। সর্বাপ্রকার গুপ্তভাবের দিকে ঝোঁক পরিত্যাগ কর। গুপ্তভাব লইয়া নাড়াচাড়া ও কুদংস্কার সর্বলাই তুর্বলভার চিহ্নমরণ, উহা দর্বলাই অবনতি ও মৃত্যুর চিহ্নমরণ। অতএব উহা হইতে সাবধান হও; তেজ্বী হও, নিজের পায়ের উপর নিজে দাডাও।

বহিৰ্ভারতে গমন ও শিক্ষার কুফল-উপলব্ধি

ভিতরে অদম্য শক্তি রহিয়াছে। তথু 'আমি কিছু নই' ভাবিয়া ভাবিয়া বীর্যাহীন হইয়া পডিয়াছ। তুমি কেন ?—সমস্ত জাতিটাই হইয়া পড়িয়াছে। একবার বাহিরে বেড়াইয়া আস, দেখিবে ভারতেতর দেশে লোকের জীবনপ্রবাহ কেমন তর্তর করিয়া প্রবল বেগে বহিয়া যাইভেছে। আর ভোমরা কি করিভেছ ? দারাজীবন কেবল বাজে একিতেছ। ভারতের যেন জরাজীর্ণ অবস্থা হইয়া ভীমরতি ধরিয়াছে। ভোমরা দেশ ছাডিয়া বাহিরে গেলে ভোমাদের জাতি যায় !! এই হাজার বংসরের ক্রমবর্দ্ধমান জ্মাট কুসংস্থারের বোঝা ঘাড়ে নিয়া বদিয়া আছে, হাজার বংসর ধরিয়া খাভাগাভের শুদ্ধাশুদ্ধ বিচার করিয়া শক্তিক্ষয় করিতেছ। পৌরোহিত্যরূপ আহাম্মকির গভীর ঘণিতে ঘুরপাক থাইতেছ। শত শত যুগের অবিরাম সামাজিক অত্যাচারে তোমাদের সব মহয়জটা একেবারে নষ্ট হইয়া গিয়াছে— তোমরা কি বল দেখি ? আর তোমর। এখন করিতেছই বাকি ? তোমরা বই হাতে করিয়া সমুজের ধারে পায়চারি করিতেছ। ইউরোপীয় মন্তিজ-প্রস্থত কোন তত্ত্বে এক क्षा माज-जाहा अथां कि किनिम नय-मिट हिस्रांत वनहक्रम ধানিকটা ক্রমাগত আওড়াইতেছ, আর তোমাদের প্রাণ-মন দেই ৩০ টাকার কেরানিগিরির দিকে পড়িয়া রহিয়াছে; না হয় থুব (कात এकটा पृष्ठे উकीन शहेगात भएनव कतिराख्छ। हेशहे जात्रधीय যুবকগণের সর্বোচ্চ ত্রাকাজ্ঞা! আবার প্রত্যেক ছাত্তরে আশে পাশে একপাল ছেলে—ভার বংশধরগণ—'বাবা, থাবার দাও, थावाव मार्ख विनया छेक हो १ कात्र जुनिए छह !! विन, ममूर कि

জলের অভাব হইয়াছে যে তোমাদের বই, গাউন, বিশ্ববিদ্যালয়ের ভিপোমা প্রভৃতি সমেত তোমাদের ভ্বাইয়া ফেলিতে পারে না? এখন মামুষ হও! নিজেদের সংকীর্ণ গর্ত্ত হইতে বাহিরে আসিয়া দেথ, সবজাতি কেমন উন্নতির পথে চলিয়াছে! আর ভোমরা কি করিতেছ ? এত বিভা শিথিয়া পরের দরজায় ভিথারীর মত 'চাকরি मां अ. हाकवि मां अ' विमया (हैं हाई रेड हा । कुछाव या थाईया, मान्य করিয়া করিয়া তোমরা কি আর মাহুষ আছ ? তোমাদের মূল্য এক কাণাকড়িও নয়। এমন স্বন্ধলা স্বক্লা দেশ, যেখানে প্রকৃতি অন্ত সকল দেশ অপেক্ষা কোটিগুণে ধনধাতা প্রসব করিতেছেন. **रमशारन एक्ट्रधावन कविया राजामारमव रमर्टे अन्न नार्ड**—मिरठे वज्र নাই! যে দেশের ধনধান্ত পৃথিবীর অপর সকল দেশে সভ্যতা বিস্তার করিয়াছে, দেই অন্নপূর্ণার দেশে তোমাদের তুর্দশা ? ঘুণিত কুকুর অপেক্ষাও যে তোমাদের তুর্দশা হইয়াছে! তোমরা আবার তোমাদের বেদবেদান্তের বড়াই কর! যে জাতি সামান্ত অন্নবস্থের সংস্থান করিতে পারে না—পরের মুখাপেক্ষী হইয়া জীবনধারণ করে, সে জাতির আবার বড়াই! ধর্মকর্ম এথন গঙ্গায় ভাগাইয়া আগে জীবন-সংগ্রামে অগ্রসর হও। ভারতে কত জিনিস জ্ঞায় ! বিদেশীলোক সেই কাঁচা মাল দিয়া তাহার সাহায়ে সোনা ফলাইতেছে। আর তোমরা ভারবাহী গৰ্দভের ন্যায় তাহাদের মাল টানিয়া মরিতেছ! ভারতে যে-সব পণা উৎপন্ন হয়,' দেশ-বিদেশের লোক তাহা নিয়া তাহার উপর বুদ্ধি থরচ করিয়া নানা ক্লিনিস তৈয়ার করিয়া বড় হইয়া গেল, আর ভোমবা ভোমাদের বৃদ্ধিটাকে দিল্পকে পুরিয়া

শিক্ষার উদ্দেশ্য—মামুষ তৈয়ার করা

রাধিয়া ঘরের ধন পরকে বিলাইয়া দিয়া 'হা অর, হা অর' করিয়া বেডাইতেচ।

উপার ভোমাদের হাতেই রহিয়াছে। . চোথে কাপড় বাঁধিয়া বলুতেছ, 'আমি অন্ধ, কিছুই দেখিতে পাই না!' চোথের বাঁধন ছি ডিয়া ফেল, দেখিবে—মধ্যাহ্ছ-সূর্য্যের কিরণে জগৎ আলো হইয়া রহিয়াছে। টাকা না জোটে ত জাহাছের থালাসী হইয়া বিদেশে চলিয়া যাওঁ। দেশী কাপড়, গামছা, কুলা, ঝাঁটা মাথায় করিয়া আমেরিকা-ইউরোপে পথে পথে ফেরি কর গিয়া, দেপিবে ভারতজাত জিনিসের এখনও কত কদর! আমেরিকায় দেখিলাম—হগলী জেলার কতকগুলি মৃদলমান ঐন্ধপে ফেরি করিয়া করিয়া ধনবান হইয়া পড়িয়াছে। ভাহাদের অপেক্ষাও কি ভোমাদের বিস্থাবৃদ্ধি কম ? এই দেখ না—এদেশে যে বেনারদী শাড়ী হয়, এমন উৎকৃষ্ট কাপড় পৃথিবীর আর কোথাও জন্মায় না। এই কাপড় নিয়া আমেরিকায় চলিয়া যাও। দে দেশে ঐ কাপড়ে গাউন তৈয়ার করিয়া বিজ্ঞী করিতে লাগিয়া যাও, দেখিবে কত টাকা আদে।

বছিবিজ্ঞান ও সংঘৰজ্ঞা

সম্ভবত: অপর জাতির নিকট হইতে আমাদিগকে কিছু বহিবিজ্ঞান শিক্ষা করিতে হইবে, কিরপে দলগঠন ও পরিচালন করিতে হয়, বিভিন্ন শক্তিকে প্রণালীবদ্ধভাবে কাজে লাগাইয়া কিরপে অন্ন চেষ্টায় অধিক ফললাভ করিতে হয়, তাহা পিথিতে হইবে। ভোমাদের জাতির মধ্যে সভ্যবদ্ধ হইয়া ভাগ্য করিবার শক্তির একেবারেই অভাব। ঐ এক অভাবই সকল অনর্থের কারণ।

याशास्त्र त्मरभन्न शेष्टिशम नार्डे, जाशास्त्र किहूरे नारे। जुनि মনে কর না, ষাহার 'আমি এত বড় বংশের ছেলে' বলিয়া একটা বিশ্বাস ও গর্ব্ব থাকে, সে কি কথন মন্দ হুইতে পারে ? কেমন ক্রিয়া হইবে, বল না ? তাহার সেই বিশ্বাসটা তাহাকে এমন ৰাশ টানিয়া বাধিবে যে. সে মরিয়া গেলেও একটা মন্দ কাজ করিতে পারিবে না। তেমনি একটা জাতির ইতিহাস সেই काि जिल्ह बाग जिल्हा बाद्य, नीह इट्टेंट एव ना। 'ट्रामाएनव দেশের ইতিহাস যেমন থাকা দরকার হইয়াছিল, তেমনই আছে। যাহাদের চক্ষু আছে, ভাহারাই সেই জ্বলম্ভ ইতিহাসের বলে এখনও সঞ্চীব আছে। আমি আমার প্রাচীন পিতৃপুরুষগণের গৌরবে গৌরব অহুভব করিয়া থাকি। যতই আমি অভীতকালের আলোচনা করিয়াছি, যতই আমি অধিক পশ্চাদৃষ্টিপরায়ণ হইয়াছি, তত্তই আমার হানয়ে এই গৌরব-বৃদ্ধির আবির্ভাব হইয়াছে, ইহাতেই আমার বিশ্বাদের দৃঢ়তা ও সাহস আসিয়াছে, আমাকে পৃথিবীর धुनि इष्टेर्ड উचिड कतिया, चामारनत महान शृक्षश्रुक्षशृत्वत महान অভিপ্রায় কার্যো পরিণত করিতে নিযুক্ত করিয়াছে। সেই প্রাচীন আর্যাদিগের সম্ভানগণ, ঈশবের ক্লপায় তোমাদেরও সেই গর্ব ক্রদেয়ে আবিভূতি হউক, তোমাদের পূর্বপুরুষগণের উপর সেই বিখাদ জোমাদের শোণিতের সহিত মিশিয়া তোমাদের জীবনের অকীভৃত হুইয়া যাউক, উহা দারা সমগ্র ক্লগডের উদ্ধার সাধিত হুউক। ভোমবাই কেবল জগতে আজকাল বছৰৎ পডিয়া আচ। ভোমাদের hypnotise (মন্ত্ৰমুগ্ধ) কৰিয়া ফেলিয়াছে। বহু প্ৰাচীনকাল হইতে তোমাদের অপরে বলিয়াছে. তোমরা হীন, তোমাদের কোন

শিক্ষার উদ্দেশ্ত—মাতুষ তৈয়ার করা

শক্তি নাই, তোমরাও তাহা শুনিয়া আজ হাজার বংসর হইতে চলিল, ভাবিতেছ—আমরা হীন, সকল বিষয়ে অকর্মণ্য !— ভাবিয়া ভাবিয়া তাহাই হইয়া পড়িয়াছ। এই দেহও ত ভোমাদের ক্ষেত্রের মাটি হইতেই জ্লিয়াছে—আমি কিন্তু কথনও এইরূপ ভাবি নাই। তাই, দেখনা, তাঁর (ঈশরের) ইচ্ছায়, যাহারা আমাদের চিরকাল হীন মনে করে, তাহারাই আমাকে দেবতার মত খাতির করিয়াছে এবং করিতেছে। ভোমরাও যদি এরূপ ভাবিতে পার যে, 'আমাদের ভিতর অনন্ত শক্তি, অপার জ্ঞান, অদম্য উৎসাহ আছে' এবং অন্তরের ঐ শক্তি জাগাইতে পার ত ভোমরাও আমার মত হইতে পারিবে। চালাকী দ্বারা কোন মহৎ কার্য্য হয় না। প্রেম, সত্যান্থরাগ ও মহাবীধ্যের সহায়তায় সকল কার্য্য সম্পন্ন হয়। "তদা কুরু পৌরুষম।"

मनीत ७ वन

Brain (মন্তিক) ও muscles (মাংসপেশীসমূহ) সমানভাবে develop (পূর্ণাবয়বসম্পন্ন) হওয়া চাই। Iron nerves with a well-intelligent brain and the whole world is at your feet (লোহের মত শক্ত সায়ুর সহ্নিত তীক্ষ বৃদ্ধিমন্তা থাকিলে জগতকে পদানত করা যায়)। আমি চাই এমন লোক—
যাহাদের শরীবের পেশীসমূহ লোহের ফায় দৃঢ় ও স্লায়ু ইম্পাতনির্মিত হইবে, আর তাহাদের শরীবের ভিতর এমন একটা মন বাস করিবে, যাহা বজ্ঞের উপাদানে গঠিত। বীর্ষা, মসুস্তুত্ব, ক্ষাত্রীর্ষা, ব্রশ্বভেঞ্ক !

मिखकरक फेक फेक किया, फेक फेक जानरमें भून कर, अश्विम

দিবারাত্র মনের দল্পথে স্থাপন করিয়া রাথ, তাহা হইলে উহা হইতেই মহৎ মহৎ কার্য্য হইবে। অপবিত্রতা দম্বন্ধে কোনও কথা বলিও না, কিন্তু মনকে বল, আমরা শুদ্ধ পবিত্র-স্বরূপ। আমরা

ः মরা জনিয়াছি, আমরা মরিব—এই চিস্তায় আমর। আপনাদিগকে একেবারে অভিভৃত করিয়া ফেলিয়াছি এবং ভজ্জন্ত সর্বাদাই একরপ ভয়ে জড়সড় হইয়া রহিয়াছি।

'যার বেমন ভাব ভার ভেমন লাভ'

আমার দৃঢ় বিশাস যে ব্যক্তি দিবারাত্র নিজেকে হীন ভাবে, তাহার দারা ভাল কিছু হইতে পারে না। যুদি কোন ব্যক্তি দিবারাত্র নিজেকে দীনত:খী হীন ভাবে, সে হীনই হইয়া যায়। যদি তুমি বল —'আমার মধ্যেও শক্তি আছে.' তোমার ভিতর শক্তি জাগিবে। আর যদি তুমি বল আমি কিছুই নই, ভাব যে তুমি কিছু নগ, দিবারাত্র যদি ভাবিতে থাক যে তুমি কিছুই নহ, তবে তুমিও 'কিছু না' হইয়া দাঁড়াইবে। এই মহান্ তত্তি তোমাদের স্মরণ রাখা কর্তবা। আমরা সেই সর্বশক্তিমানের সন্তান, আমরা সেই অনন্ত ব্রহ্মাগ্রির ফুলিঞ্সরপ। আমরা 'কিছুই না' কিরপে হইতে পারি ? জামরা সব করিতে প্রস্তুত, সব করিতে পারি, আমাদিগকে সব করিভেই হইবে। আমাদের পূর্বপুরুষগণের হৃদয়ে এই আত্মবিশাস ছিল, এই আত্মবিশাসরূপ প্রেরণাশক্তিই তাঁহাদিগকে সভাতার উচ্চ হইতে উচ্চতর সোপানে অগ্রসর कवारेशाहिल; जात यनि এथन जवनित इरेशा शांदक, यनि जायादनत ভিতর দোষ আসিয়া থাকে, তবে আমি তোমাদিগকে নিশ্চয় করিয়া বলিতেছি, যেদিন আমাদের দেশের লোক এই আত্মপ্রতায়

শিক্ষার উদ্দেশ্য—মামুষ তৈয়ার করা

হারাইয়াছে, দেইদিন হইতেই এই অবনতি আরম্ভ হইয়াছে। দীনহীন ভাবকে কুলার বাতাস দিয়া বিদায় কর-সব মঞ্চল হইবে। নান্তিভাবত্যোতক কিছু থাকিবে না—স্বই অতিভাবত্যোতক হওয়া घरे। वल-जामि जाहि, देशद जाहिन, जाद नमृत्य जामाद মধ্যে আছে। আমার যাহা কিছু প্রয়োজন—স্বাস্থ্য, পবিত্রতা, জ্ঞান সমুদয়ই আমি আমার ভিতর হইতে অভিবাক্ত করিব। সংকল্পই ধ্বগতে অমোঘ শক্তি। দৃঢ়-ইচ্ছাশক্তিদম্পন্ন পুরুষের শরীর হইতে যেন একপ্রকার তেজ নির্গত হইতে থাকে আর তাহার নিজের মন যে অবস্থায় অবস্থিত অপর ব্যাক্তর মনে ঠিক সেই ভাবের উৎপাদন করে—এইরূপ প্রবল-ইচ্ছাশক্তিসম্পন্ন পুরুষ-সমূহের মধ্যে মধ্যে আবির্ভাব হইয়া থাকে। আর যথনই একজন শক্তিসম্পন্ন পুরুষের শক্তিতে অনেকের ভিতর সেই একই প্রকার ভাবের উদয় হয়, তথনই আমরা শক্তিসম্পন্ন হইয়া উঠি। সংহতিই শক্তির মূল। স্থতরাং ভারতের ভবিষ্যুৎ উজ্জ্বল করিতে চইলে তাহার মূল রহস্তই এই সংহতি, শক্তিসংগ্রহ, বিভিন্ন ইচ্ছার্শক্তি-সমূহের একতা মিলন। আর এখনই আমার মনক্রকের সমক্ষে ঝরেদ সংহিতার সেই অপূর্ব শ্লোক প্রতিভাত **হইতেছে**--

> সং গচ্ছধ্বং সং বদধ্বং সং বো মনাংসি জানতাং। দেবা ভাগং যথা পূৰ্বেই উত্যাদি। (১০।১৯১।২)

ভোমরা দকলে সমান-অন্তঃকরণবিশিষ্ট হও, কারণ পূর্ব্যকালে দেবগণ একমনা হইয়াই তাঁহাদের ভাগ লাও করিতে সমর্থ ইইয়াছিলেন। দেবগণ একচিত্ত বলিয়াই মানবের উপাসনার যোগ্য ইইয়াছেন।

বর্ত্তমান শিক্ষাব্যবস্থার দোষ ও তন্নিরাকরণের উপায়

বৰ্ত্তমান শিক্ষা — ৰেতিভাবপূৰ্ণ

ভোমরা এক্ষণে যে শিক্ষালাভ করিছেছ, তাহার কতকগুলি গুণ আছে বটে, কিন্তু উহার আবার কতকগুলি বিশেষ দোষও আছে, আর এই দোষ এত বেশী যে, গুণভাগ উহাতে ডুবিয়া যায়। প্রথমতঃ এই শিক্ষায় মাত্র্য তৈয়ার হয় না—ঐ শিক্ষা সম্পূর্ণ নাস্তি-ভাবপূর্ণ। এইরূপ শিক্ষায় অথবা অন্ত যে কোন শিক্ষায় সব কিছু ভাঙ্গিয়া চুরিয়া দেয়, ভাগা মৃত্যু অপেকাও ভয়ানক। বালক স্থুলে গেল, সে প্রথম শিখিল—তাহার বাপ একটা মূর্য; দিতীয়তঃ ভাহার পিতামহ একটা পাগল, তৃতীয়তঃ প্রাচীন আচার্য্যগণ সব ভণ্ড, আর চতুর্থতঃ শাস্ত্র সব মিথাা ় ষোল বংদর বয়দ হইবার পূর্বেই সে একটা প্রাণহীন, মেরুদগুহীন 'না'-এর সমষ্টি হইয়া দাঁড়ায়। আর ইহার ফল এই হইয়াছে যে, এইরূপ পঞ্চাশ বংসরের শিক্ষায় ভারতের তিন প্রেদিডেন্সির ভিতরে একটা প্রকৃত মাহ্য । क्याहेन ना। सोनिक जापूर्व (व क्ट अशान क्याहेशाह, সে এ দেশের নম, অক্ত**র শিক্ষালাভ করিয়াছে অগবা** তাহারা আপনাদিগকে কুদংস্কার হইতে মৃক্ত করিবার জন্ত পৰিত্র শিক্ষা-প্ৰণালী অনেলয়ন কৰিয়াছে। মাথায় কডকগুলি ভাব ঢুকাইয়া मात्रा कोवन इक्षय इहेन ना-धमश्रक्ष जात्व याथाय चूतिएक मात्रिन-

> বাংলা, বোম্বাই ও মান্সান্ত —তথন মাত্র এই তিন প্রেসিডেন্সি ছিল।

বর্ত্তমান শিক্ষাব্যবস্থার দোষ ও তল্লিরাকরণের উপায়

ইহাকে শিক্ষা বলে না। বাল্যকাল হইতে বরাবর আমরা একমাত্র নান্তিভাবপূর্ণ শিক্ষাই পাইয়াছি। আমরা একমাত্র শিথিয়াছি বে, আমরা কেহ নহি। আমাদের দেশে যে মহৎলোক জন্মগ্রহণ কিরিয়াছেন ইহা আমাদিগকে অতি অল্পই ব্যিতে দেওয়া হয়। অন্তিভাবপূর্ণ কিছুই আমাদিগকে শিথান হয় না। এমন কি আমাদের হাতে, পা কিভাবে ব্যবহার করিতে হয় ভাহাও আমরা জানি না।

— শ্ৰহা-বিশ্বাস-বৰ্জ্জিত

विश्वविद्यान एक वर्ष मान मिकाव श्रीय नविश्व (माययुक्त, दक्वन চূড়ান্ত কেরানিগড়া কল বইত নয়। কেবল ভাহা হইলেও রক্ষা মামুষগুলি একেবারে শ্রদ্ধা-বিশ্বাদ-বজ্জিত হইতেছে: গীতাকে প্রক্রিপ্ত বলে, বেদকে চাধার গান বলে। ভারতের বাহিরে যাহা কিছু আছে, তার নাড়িনক্ষত্রের থবর আছে, নিজের কিন্তু সাতপুরুষ চুলায় যাক-তিন পুরুষের নামও জানে না। আমরা কেবল চুর্বলভাই আয়ত্ত করিয়াছি। ভাইত বলিভেছি, ভোমাদের व्यका नाहे, आषा अछात्र । नि इहेरव रखामारतत ? ना इहेरव भःभाव, ना इष्टेरव धर्म। इय के ध्वकाव **उ**ष्माह উভाম क्रिया मः नारत গণ্যমাশ হও--- नव्छ नव हाफ्त्रिश हु फि्रा निशा आ**मा**रनत পথে আস। तम्म-वित्मत्मत्र त्माकत्क धर्त्याभरम्म निया छाहात्मत উপকার কর। ভবে ত আমাদের মত ভিক্ষা মিলিবে। আদান-थानान ना शांकित्न त्करहे काहाबुख मित्क हांग्रेना। ० तम्बिएक सामता हुता धर्मकथा अनाहे—छाहे गृहत्कृता सामात्वत हुमूति। सह দেয়। ভোমবা কিছুই করিবে না, ভোমাদের লোকে অন্ন দিবে

কেন ? চাকরিতে, গোলামিতে এত ত্থ দেথিয়াও তোমাদের চেতনা আসিতেছে না! কাজেই ত্থেও দ্র হইতেছে না। ইহা নিশ্চয়ই দৈবী মায়ার থেলা!

এখনকার কালে যদি কেহ মুশা, বৃদ্ধ বা ঈশার উক্তি উদ্ধৃত' করে, দে হাস্তাম্পদ হয়; কিন্তু হাক্দ্লি, টিগুল বা ভারউইনের নাম করিলেই লোকে দেকথা একেবারে অকাট্য বলিয়া গ্রাহ্য করিয়া লয়। 'হাক্দ্লি একথা বলিয়াছেন', অনেকের পক্ষে একথা বলিলেই যথেষ্ট! আমরা কুদংস্কার হইতে মূক্ত হইয়াছি বটে! আগে ছিল ধর্মের কুদংস্কার, এখন হইয়াছে বিজ্ঞানের কুদংস্কার; তবে আগেকার কুদংস্কারের ভিতর দিয়া জীবনপ্রদ আধ্যাত্মিক ভাব আদিত, আর এই আধুনিক কুদংস্কারের ভিতর দিয়া কেবল কাম ও লোভ আদিতেছে। 'অমূক মহাপুরুষ এই কথা বলিয়াছেন, অতএব ইহা বিশ্বাদ কর', ধর্মদকল এইরূপ বলাতে যদি ভাহারা উপহাদের যোগ্য হয়, ভবে আধুনিকগণ অধিক উপহাদের যোগ্য।

এ দেশের এই যে বিশ্ববিভালয়ের শিক্ষা, এতে শতকরা বড়জার একজন কি তুইজন শিক্ষা পাইতেছে। যাহারা পাইতেছে তাহারাও দেশের হিতের জন্ম কিছু করিয়া উঠিতে পারে না। কেমনেই বা বেচারী করিবে বল? কলেজ হইতে বাহির হইয়াই দেখে সে সাত ছেলের বাপ! তথন যে কোন রকমে একটা কেরানিগিরি, বড়জোর একটা ডেপুটিগিরি জুটাইয়া লয়। ঐ হইল শিক্ষার পরিণাম! তাহার পর সংসারভাবে উচ্চ কর্ম চিন্তা করিবার তাহাদের আর সময় কোথায়? তাহার নিজের স্বার্থ ই সিদ্ধ হয় না—পরার্থে সে আবার কি করিবে? আমাদের বালকদের যে বিভাশিক্ষা হইতেছে,

বর্ত্তমান শিক্ষাব্যবস্থার দোষ ও তরিবাকরণের উপায়

ভাহাও একান্ত অনন্তি (নেতি)-ভাবপূর্ণ (negative)। স্থল-বালক কিছুই শিথে না, কেবল সব ভাঙ্গিয়া নই হয়—ফল 'শ্রুদ্ধাহীনত্ব'; যে শ্রুদ্ধা বেদবেদান্তের মূলমন্ত্র, যে শ্রুদ্ধা নচিকেতাকে ইন্মের মূথে যাইয়া প্রশ্ন করিতে সাহদী করিয়াছিল, যে শ্রুদ্ধাবলে এই জগৎ চলিতেছে, দে 'শ্রুদ্ধা'র লোপ। "অজ্ঞ্রন্তাশ্রুদ্ধানঃ বিনশ্যতি" (গীতা)। তাই আমরা বিনাশের এত নিকট।

ওদেশে দেখিলাম—যাহারা চাকরি করে, Parliament (জাতীয় মহাসভা)-এ তাহাদের স্থান পিছনে নির্দ্ধিট। যাহারা নিজেদের উভামে বিভায় বৃদ্ধিতে স্বনামধন্ত হইয়াছে, তাহাদের বিসিবার জন্তই সামনের আসনগুলি নির্দ্ধিট। ওসব দেশে জাতি-ফাতির উৎপাত নাই। উভাম ও পরিশ্রমে ভাগালকী বাহাদের প্রতি প্রসন্ধা, তাহারাই দেশের নেতা ও নিয়ন্তা বলিয়া গণ্য হন। আর তোমাদের দেশে জাতির বড়াই করিয়া কবিয়া তোমাদের অন্ন পর্যন্ত কুটিতেছে না।

প্রান্তেম (১) আত্মনির্ভরশীল ও জীবনসমস্থা-সমাধানকারী শিক্ষার

কতকগুলি পরের কথা ভাষান্তরে মৃথস্থ ক্রিয়া মাধার ভিতর পুরিয়া পাশ করিয়া ভাবিতেছ, 'আমরা শিক্ষিত'। ছ্যাং! ছ্যাং! ইহার নাম শিক্ষা!! তোমাদের শিক্ষার উদ্দেশ্য কি? হয় কেরানিগিরি, না হয় একটা তৃষ্ট উকীল হওয়া, না হয় বড় জোর কেরানিগিরিরই রূপান্তর একটা ভেপুটিগিরি চাকরী —এই ত? ইহাতে তোমাদেরই বা কি হইল, আর দেশেরই বা কি হইল? একবার চক্ষু খুলিয়া দেখ, স্বর্ণপ্রস্থ ভারত-ভূমিতে আরের জন্ম কি

হাহাকার উঠিতেছে! তোমাদের ঐ শিক্ষায় সে অভাব পূর্ব হুইবে কি ?—কথনও নয়। পাশ্চান্তা বিজ্ঞান সহায়ে মাটি খুঁডিতে আরম্ভ কর, অন্নের সংস্থান কর—চাকরী গুণোরী করিয়া নহে—নিজের চেষ্টায় পাশ্চান্তা বিজ্ঞান সহায়ে নিত্য-নৃতন পশ্বা আবিক্ষা করিয়া। দেশের লোকগুলিকে আগে অন্ন সংস্থান করিবার উপায় শিথাইয়া দাও, তারপর ভাগবত পাঠ করিয়া শুনাও। কর্মতংপরতা দারা ঐহিক অভাব দূর না হুইলে, ধর্মকথায় কেহুই কান দিবে না।

আমাদিগকে বিভিন্নভাবদমূহকে এমনভাবে আপদার করিয়া লইতে হইবে, যাহাতে আমাদের জীবন গঠিত হয়, যাহাতে মামুষ প্রস্তুত হয়, চরিত্র গঠিত হয়। যদি তোমরা পাঁচটি ভাব হজম করিয়া জীবন ও চরিত্র এইভাবে গঠিত করিতে পার, তবে যে ব্যক্তি একখানা দারা লাইত্রেরী মুখস্থ করিয়াছে, তাহার অপেক্ষা তোমার অধিক শিক্ষা হইয়াছে বলিতে হইবে। "য়থা খরশ্চন্দনভারবাহী। ভারস্ত বেজা ন তু চন্দনস্তু॥" চন্দনভারবাহী গর্দ্দভ যেমন উহার ভারই বৃঝিতে পারে, অক্তান্ত গুণ ব্ঝিতে পারে না ইত্যাদি। যদি শিক্ষা বলিতে কতকগুলি বিষয় জানা মাত্র ব্ঝায়, তবে লাইত্রেরীগুলিই ত জগতের মধ্যে শ্রেষ্ঠতম সাধু, অভিধানসমূহই ত ঋষি।

তোমাদের ইতিহাস, সাহিত্য, পুরাণ প্রভৃতি সকল শান্তগ্রন্থ
মান্ন্যকে কেবল ভয়ই দেখাইভেছে! মান্ন্যকে কেবল বলিভেছে—
তুই নরকে যাবি, তোর আর উপায় নাই! তাই এড অবসরতা
ভারতের অন্থিমজ্জায় প্রবেশ করিয়াছে। সেইজ্ঞা বেদবেদান্তের

বর্ত্তমান শিক্ষাব্যবস্থার দোষ ও তদ্মিরাকরণের উপায়

উচ্চ উচ্চ ভাবগুলি সাদা কথায় মাহুষকে বুঝাইয়া বলিতে হইবে।
সদাচার সন্থাবহার ও বিছাশিক্ষা দিয়া ব্রাহ্মণ ও চণ্ডালকে এক
ভূমিতে দাঁড় করাইতে হইবে। প্রথমতঃ সকলে যাহাতে কান্ধের
লোক হয় এবং তাহাদের শরীরটা যাহাতে সবল হয় সেইরূপ
শিক্ষা দিতে হইবে। এইরূপ দ্বাদশন্ধন পুরুষসিংহ জ্বাং জয়
করিবে—কিন্তু লক্ষ লক্ষ ভেড়ারপালের দ্বারা তাহা হইবে না।
দ্বিতীয়তঃ যত বড়ই হউক না কেন, কোন ব্যক্তিগত আদর্শ
শিক্ষা দেওয়া উচিত নহে।

(২) পরার্থতৎপর ও মানবলীবনের উদ্দেশ্যে সচেতন হওয়া

আমাদের এক্ষণে প্রয়োজন, স্বাধীনভাবে জাতীয় বিভার সংশ্ ইংরেজী আর সায়েন্স (বিজ্ঞান) পড়ান, চাই technical education (শিল্প-শিক্ষা), চাই যাহাতে industry (শ্রমশিল্প) বাড়ে। লোকে চাকরি না করিয়া তুপয়সা উপার্জন করিতে পারে। কয়েকটা পাশ দিলে বা ভাল বক্তৃতা করিতে পারিলেই ভোমাদের নিকট শিক্ষিত হইল! যে বিভার উল্লেষে ইতর-সাধারণকে জীবনসংগ্রামে সমর্থ করিতে পারা যায় না, যাহাতে মাম্বের চরিত্রবল, পরার্থতংপরতা, সিংহ-সাহসিকতা আনে না, সে কি আবার শিক্ষা? যে শিক্ষায় জীবনে নিজের পায়ের উপরে দাড়াতে পারা যায় সেই হইতেছে শিক্ষা। বর্ত্তমান শিক্ষায় তোমাদের বাছিক হালচাল বদলাইয়া দিক্তেছে—অথচ নৃতন নৃতন উদ্ভাবনী শক্তির অভাবে তোমাদের অর্থাগমের উপায় হইতেছে না। বেশ স্কার কলকজা তৈয়ার করিতে

শিথিলেই উচ্চ শিক্ষা হয় না। জীবনের সমস্থার সমাধান করা চাই, মানবজীবনের উদ্দেশ্য কি, তাহা জানা চাই—যে কথা নিয়া আজকাল সভ্যজগৎ গভীর গবেষণায় মগ্ন, আর ষেটার আমাদের দেশে হাজার বংসর আগে সিদ্ধান্ত হইয়াছে।

আমাদের দেশের যুবকেরা দলে দলে প্রতিবংদর চীন ও জাপানে যাক। জাপানে যাওয়া আবার বিশেষ দরকার; জাপানীদের কাছে ভারত এখন সর্বপ্রকার উচ্চ ও মহৎ পদার্থের স্বপ্নরাজ্যস্করপ। দেশগুদ্ধ লোক নিজের সোনা রাঙ্, আর পরের রাঙ্টা সোনা দেখিতেছে। এইটি হইতেছে আজকালকার শিক্ষার ভেলকি। আমি বলি. দেশের সমস্ত বড় লোক আর শিক্ষিত লোকে যদি একবার করিয়া জাপান বেডাইয়া আসে ত লোকগুলির চোথ ফুটিবে। দেখানে এখানকার মত বিভার বদহজম নাই। ভাহারা সাহেবদের সব নিয়াছে. কিন্তু তাহারা জাপানীই আছে, সাহেব হয় নাই। তোমাদের দেশে সাহেব হওয়া যে একটা বিষম রোগ দাঁডাইয়াছে। আগে নিজের পায়ে দাঁড়াও, তারপর সকল জাতির নিকট হইতেই শিক্ষা গ্রহণ কর। যাহা কিছু পার আপনার করিয়া লও, যাহা কিছু ভোমার কাজে লাগিবে তাহা গ্রহণ কর। আমার দত বিখাস-মাত্র্যকে তাহার নিজ বিখাস ও ধারণাত্র্যায়ী ধীরে ধীরে উন্নতি করিতে দিলে. যদিও অতি ধীরে ধীরে এই উন্নতি হয়. কিন্ত উত্তা পাকা ত্রীয়া থাকে।

(৩) সনাতন প্রণালী-অফাছন

আমাদের দেশের আধ্যাত্মিক ও এহিক সকল প্রকার শিকা चामात्मत चाम्रजाधीत चानित्व दहेत्व धवः तम निकाम जात्रहीम প্ৰকার সনাতন গতি বজায় রাখিতে হইবে ও যথাসভব সনাতন अनानी व्यवनयन कवित्व इहेर्दा প্রত্যেক জिনিসের হা-এর দিকটাই, ইতিবাচক দিকটাই দক্ষিত থাকে এবং প্রকৃতির এই ইতিবাচক বা অন্তিবাচক—এবং এই হেতু চিত্তগঠনকারী—শক্তি-সমূহের একত্রীকরণদারাই পৃথিবীর নেতিবাচক বা নান্তিবাচক অংশগুলি বিনষ্ট হইয়াথাকে ৷ Physical, mental, spiritual (শরীর, মন ও আত্মাসম্বনীয়) সকল ব্যাপারেই মামুঘকে positive ideas (গড়িবার ভাবসকল) দিতে হইবে; কিন্তু দুণা করিয়া নহে। পরস্পরকে ঘুণা করিয়াই ভোমাদের অধংপতন হইয়াছে। এখন কেবল positive thought (স্বল হইবার ও জীবন গড়িবার ভাব) ছড়াইয়া লোককে তুলিতে इইবে। প্রথমে এইরূপে সমস্ত হিন্দুজাতিকে তুলিতে হইবে—তাহার পর জগৎটাকে তুলিতে হইবে। ঠাকুরের অবতীর্ণ হইবার কারণই এই। তিনি জগভে কাহারও ভাব নষ্ট করেন নাই। মহা অধঃপতিত মামুঘকেও তিনি অভয় দিয়া, উৎসাহ দিয়া তুলিয়া নিয়াছেন। আমাদেরও তাঁহার পদামুদরণে দকলকে তুলিতে হইবে—জাপাইতে হইবে।

ধর্ম্মশিক্ষার প্রয়োজনীয়তা

আখ্যাত্মিকভার জন্মভূমি

এই সেই প্রাচীন ভূমি, অক্সান্ত দেশে যাইবার পূর্বেই তত্ত্ত্বা 'বে স্থানকে নিজ নিজ বাসভূমিরূপে নির্দিষ্ট করিয়াছিলেন; এই সেই ভারতভূমি, যে ভূমির আধ্যাত্মিক-প্রবাহ জভরাজ্যে **সাগ**র-দদৃশ প্রবহমানা স্রোভস্বতীসমূহের তুলা; বেখানে অনস্ত হিমালয় ন্তবে তবে উথিত চইয়া হিমশিখবরাজি বারা যেন স্বর্গরাজ্ঞাব রহস্থানিচয়ের দিকে দৃষ্টিপাত করিতেছে। এই দেই ভারত, যে ভারতভূমির মৃত্তিকা শ্রেষ্ঠতম ঋষিমৃনিগণের চরণরজে পবিত্রীক্ষত হইয়াছে। এইখানেই সর্ব্বপ্রথম অন্তর্জগতের রহস্ত-উদ্ঘাটনের **८** इहे शाहिन : এই शास्त्र मानवमन निकच का का का स्थाप অগ্রদর হইয়াছিল। এইখানেই জীবাত্মার অমরত্ব, অন্তর্যামী ঈশ্বর এবং জগৎ-প্রপঞ্চে ও মানবে ওতপ্রোতভাবে অবস্থিত প্রমাত্মা-সম্বন্ধীয় মতবাদের প্রথম উদ্ধব। ধর্ম ও দর্শনের সর্ব্বোচ্চ আদর্শ-দকল এইখানেই চরম পরিণতি প্রাপ্ত হইয়াছিল। এই দেই ভূমি, যেখান হইতে ধর্ম ও দার্শনিক তত্ত্বসমূহ বক্তাকারে প্রবাহিত হুইয়া সমগ্র হ্রগৎকে প্লাবিত করিয়াছে, আর এখান হুইতেই আবার তদ্রপ তরজের অভ্যাদয় হইয়া নিত্তেজ জাতিসমূহের ভিতর জীবন ও তেজ সঞ্চার করিবে। এই সেই ভারত, যাহা শত শত শতান্দীর অত্যাচার, শত শত বৈদেশিক আক্রমণ, শত শত প্রকার রীতি-নীতির বিপর্যায় সহিয়াও অক্রর আছে। এই সেই ভূমি যাহা নিজ অপবিনাশী বীষ্য ও জীবন লইয়া পর্বত হইতেও দৃঢ়তরভাবে

ধর্মশিক্ষার প্রয়োজনীয়তা

এখনও দণ্ডায়মান। আমাদের শাস্থোপদিই আত্মা যেমন অনাদি, অনস্ত ও অমৃতস্বরূপ, আমাদের এই ভারতভূমির জীবনও ডদ্রুপ। আর আমরা এই দেশের সস্তান।

জাতির মূলভিত্তি—ধর্মা

আমি প্রাচ্য ও পাশ্চাত্তাদেশে অনেক ঘুরিয়াছি, জগতের সম্বন্ধে আমার একটু অভিজ্ঞতা আছে। আমি দেখিলাম, সকল জাতিরই এক একটি প্রধান আদর্শ আছে, তাহাই দেই জাতির মেফদওস্বরূপ। রাজনীতিই কোন কোন জাতির জীবনের মূল-ভিত্তিম্বরণ, কাহারও বা দামাজিক উন্নতি, কাহারও আবার মানদিক উন্নতিবিধান, কাহারও বা অন্ত কিছু জাতীয় জীবনের ভিত্তি। কিন্তু আমাদের মাতৃভূমির জাতীয় জীবনের মুলভিত্তি धर्म-- এक भाव धर्म । উराहे जा भारत द जा जी य जीवत्तव (भक्त छ ; উহারই উপর আমাদের জীবনরূপ প্রাসাদের মূলভিত্তি স্থাপিত। এক্ষণে এই ধর্মভাব আমাদের রক্তের সহিত মিশিয়া গিয়াছে, আমাদের শিরায় শিরায় প্রাত রক্তবিন্দুর সহিত উহা প্রবাহিত इन्टें**ट्रा** উरा आगामित श्रक्रिकिण इरेश পড़ियाहि, आगामित জীবনের জীবনীশক্তিরূপে দাঁড়াইয়াছে। তোলরা কি গঙ্গাকে তাহার উৎপত্তিস্থান হিমানয়ে ঠেলিয়া লইয়া গিয়া আবার তাহাকে নুতন থাতে প্রধাবিত করাইতে ইচ্ছা কর ? ইহাও যদি সম্ভব হয় তথাপি এই দেশের পক্ষে ভাহার বিশেষত্বসূচক ধর্মজীবন পরিত্যাগ করিয়া রাজনীতি অথবা অপর কিছুকে জাতীয় জীবনের মূলভিত্তি-রূপে গ্রহণ করা সম্ভব নহে। স্বল্পতম বাধার পথেই তোমরা কার্য্য করিতে পার: ধর্মাই ভারতের পক্ষে এই সপ্পতম বাধার পথ।

<u>ৰিক্ষাপ্ৰসঞ্</u>

এই ধর্মপথের অফুসরণ করাই ভারতের জীবন, ভারতের উয়ভি
ও ভারতের কল্যাণের একমাত্র উপায়। এই কথা বলিলেই যে
জটাজ ট, দণ্ডকমণ্ডলু ও গিরিগুহা মনে আদে, আমার মন্তব্য
তাহা নহে। তবে কি ? যে জ্ঞানে ভববন্ধন হইতে মৃক্তি পর্ণ, ও
পাওয়া যায়, তাহাতে আর সামাল্য বৈষয়িক উয়ভি হয় না ?
অবশুই হয়। মৃক্তি, বৈরাগ্য, ত্যাগ এ সকল ত মহা শ্রেষ্ঠ আদর্শ;
কিন্তু "স্বল্লমপ্যশ্র ধর্মস্ম ত্রায়তে মহতো ভয়াং।" আধ্যাত্মিকতাই
জীবনের অভাল্য কার্য্যসমূহের ভিত্তি। আধ্যাত্মিক স্কৃতা ও
সবলতাসম্পন্ন মানব, যদি ইচ্ছা করেন, অলাল্য বিষয়েও দক্ষ হইতে
পারেন; আর মান্ত্রের ভিত্তর আধ্যাত্মিক বল না আদিলে,
তাহার শারীরিক অভাবগুলি পর্যান্ত ঠিক ঠিক পূরণ হয় না।
আধ্যাত্মিক উপকারের পরই হইতেছে বৃদ্ধিবৃত্তির উয়ভি সম্বন্ধে
সাহায় করা।

ধর্ম—অন্তর্নিহিত দেবত্বের প্রকাশসাধন

ধর্মাই শিক্ষার ভিতরকার সার জিনিস। আমি আমার নিজের বা অপর কাহারও ধর্মসম্বন্ধে মতামতকে ধর্ম বলিতেছি না। মাম্বরের মধ্যে যে দেবত্ব পূর্বে হইতেই বর্তমান তাহার প্রকাশসাধনকে বলে ধর্ম। যে ভাবধারা পশুকে মাম্বরে এবং মাম্বরেক দেবতায় পরিণত করে তাহাই ধর্ম। ধর্ম বলিতে অনস্ত শক্তি, অনস্ত বীধ্য ব্রায়। অবকাশ ও উপযুক্ত দেশকাল পাইলে দেই শক্তির বিদাশ হয়। কিন্তু বিকাশ হউক বা না হউক, দে শক্তি প্রত্যেক জীবে বর্তমান—আব্রন্ধশুর পর্যন্ত। মন্দির বা গির্জ্ঞা, পুত্তক বা প্রতীক, ইহারা ধর্মের শিশুবিভালয় বিশেষ, ইহা

ধর্মশিকার প্রয়োজনীয়তা

ধর্ম পথের শিশুকে উচ্চতর পথে চালিত করিতে সাহস দেয়।
ধর্ম মত বা প্রে নাই অথবা বৃদ্ধিপ্রস্ত তর্কবিতর্কেও নাই। ইহাই
জীবন, ইহাই হওয়া; ইহা অপরোক্ষাহভূতি। প্রত্যক্ষাহভূতিই
প্রত্যুত ধর্ম। কেবল প্রত্যক্ষ অহভূতি দ্বারাই প্রকৃত শিক্ষালাভ
হয়। আমরা সারাজীবন তর্কবিচার করিতে পারি, কিন্তু নিজে
প্রত্যক্ষ অহভব না করিলে সত্যের কণামাত্রও বৃঝিতে পারিব না।
কয়েকথানি পুত্তক পড়াইয়া তুমি কোন ব্যক্তিকে অস্ত্রচিকিৎসক
করিয়া তুলিবার আশা করিতে পার না। কেবল একথানি মানচিত্র
দেখাইলে কি আমার দেশ দেখিবার কৌতৃহল-চরিতার্থ হইবে?
নিজে তথায় গিয়া সেই দেশ প্রত্যক্ষ করিলে তবে আমার
কৌতৃহল মিটিবে। মানচিত্র কেবল দেশটির আরও অধিক
জ্ঞানলাভের জন্ম আগ্রহ জন্মাইয়া দিতে পারে। ইহা ব্যতীত
উহার আর কোন মূলা নাই।

হাজার বৎসর গঞ্চায়ান কর, হাজার বংসর নিরামিষ থাও—
উহাতে যদি আত্মবিকাশের সহায়তা না হয়, তবে জানিবে,
'সর্কেব রুথা' হইল। সকল উপাসনার সার এই শুদ্ধচিত্ত হওয়া
ও অপরের কল্যাণসাধন করা। যিনি দরিজু, তুর্কল, রোগী
সকলেরই মধ্যে শিব দেখেন, তিনিই যথার্থ শিবের উপাসনা
করেন। আর যে ব্যক্তি কেবল প্রতিমার মধ্যে শিব-উপাসনা
করে, সে প্রবর্ত্তক মাত্র। যে ব্যক্তি জাতিধর্মনিবিশেষে একটি
দরিক্র ব্যক্তিকেও শিববোধে সেবা করে, তাহার অপেক্ষা
অধিক প্রসন্ম হন।

ज्ञा रज्ञा

কোন বিষয় সভা কিনা জানিতে হইলে ভাহার অবার্থ পরীকা এই—উহাতে তোমার শারীরিক, মানসিক বা আধ্যাত্মিক তুর্বলতা আনয়ন করিতেছে কিনা,—তথন তাহা বিষবৎ পরিহার কর। উহাতে প্রাণ নাই, উহা কখনও সত্য হইতে পারে না। বলপ্রদ। সত্যই পবিত্রতাবিধায়ক। সত্যই জ্ঞানস্বরূপ। সত্য निक्त इं वनकार, छेटा अनराय अक्काय पूर्व कविया राम अवः তেজ আনয়ন করে। যে কোন উপদেশ চুর্বলতা শিক্ষা দেয়, তাহাতে আমার বিশেষ আপত্তি। নরনারী বা বালকবালিকা যথন দৈহিক, মানসিক বা আধ্যাত্মিক শিক্ষা পাইতেছে, আমি তাহাদিগকে এই এক প্রশ্ন করিয়া থাকি—তোমরা কি বল পাইতেছ ? কারণ আমি জানি, সতাই একমাত্র বল প্রদান করে। আমি জানি, সভাই একমাত্র প্রাণপ্রদ, সভ্যের দিকে ना शिल किছতেই आमारमत वीर्यानां इटेरव ना, आत वीत ना इंटेनिस मंद्या यास्या याहेर्य ना। धहेक्काहे त्य त्कान मछ. य ट्यान भिकाञ्चनामी मनत्व ও मस्क्रिक प्रस्त करिया रकत्न. মামুষকে কুদংস্কারাবিষ্ট করিয়া ফেলে, যাহাতে মামুষ অন্ধকারে হাতড়াইয়া বেড়ায়, যাহাতে সর্বাদাই মাত্রুয়কে সকল প্রকার বিক্কডমন্তিষপ্রস্ত অসম্ভব, আজগুবি ও কুসংস্কারপূর্ণ বিষয়ের অध्ययं कताय, आमि मिटे ख्रानी खनित्क भव्न कति ना। কারণ, শাহুষের উপর ভাহাদের প্রভাব বড় ভয়ানক, আর শেগুলিতে কিছুই উপকার হয় না, সেগুলি বুথামাত্র।

যাহারা ঐগুলি লইয়া নাড়াচাড়া করিয়াছেন, তাঁহারা আমার

ধর্মশিক্ষার প্রয়োজনীয়তা

দহিত এ বিষয়ে একমত হইবেন যে, ঐগুলি মহুগুকে বিকৃত ও

হর্বল করিয়া ফেলে,—এত হর্বল করে যে, ক্রমশং তাহার পক্ষে

সত্যলাভ করা ও সেই সত্যের আলোকে জীবনযাপন করা একরপ

অস্ত্রুব হইয়া উঠে। অতএব আমাদের আবশুক একমাত্র বল

বা শক্তি। শক্তিসঞ্চারই এই ভবব্যাধির একমাত্র মহৌষধ।

দরিদ্রেগণ যথন ধনিগণের দারা পদদলিত হয়, তথন শক্তিসঞ্চারই

তাহাদের একমাত্র ঔষধ। মূর্য যথন বিদ্বানের দ্বারা উৎপীড়িত হয়,

তথন এই বলই তাহার একমাত্র ঔষধ। আর যথন পাপিগণ অপর
পাপিগণ দ্বারা উৎপীড়িত হয়, তথনও ইহাই একমাত্র ঔষধ।

উপনিষৎসমূহ শক্তির আকর

হে বন্ধুগণ, তোমাদের সহিত আমার শোণিতসম্বন্ধে সম্বন্ধ, তোমাদের জীবনমরণে আমার জীবনমরণ। আমাদের আবশুক শক্তি, শক্তি—কেবল শক্তি। আর উপনিষদ্যত্ শক্তির রহৎ আকরস্বরূপ। উপনিষদ্ যে শক্তিসঞ্চারে সমর্থ, তাহাতে উহা সমগ্র জগৎকে তেজস্বী করিতে পারে। উহার হারা সমগ্র জগৎকে প্রক্তিরীত এবং শক্তি ও বীর্যাশালী করিতে পারা যায়। সকল জাতির, সকল মতের, সকল সুম্প্রদায়ের ত্র্বল, তুংখী, পদদলিতগণকে উহা উচ্চরবে আহ্বান করিয়া নিজের পায়ের উপর দাড়াইয়া মুক্ত হইতে বলে। মুক্তি বা স্বাধীনতা—দৈহিক স্বাধীনতা, মানসিক স্বাধীনতা, আধ্যাত্মিক স্বাধীনতা, ইহাই উপনিষদের মূলমন্ত্র।

উপনিষদের প্রতিপৃষ্ঠা আমাদিগকে তেজবীর্ঘ্যের কথা বলিয়া থাকে। উপনিষদ বলিতেছেন, হে মানব, ডেজম্বী হও, ডেজম্বী

শিক্ষাপ্রসঙ্গ

হও, উঠিয়া দাঁড়াও, বীর্যা অবলম্বন কর। জগতের সাহিত্যের মধ্যে কেবল ইহাতেই 'অভীঃ'—'ভয়শূগু' এই শব্দ বারবার ব্যবহৃত হইয়াছে—আর কোন শাল্পে ঈশ্বর বা মানবের প্রতি 'অভীঃ'—'ভয়শূরু' এই বিশেষণ প্রযুক্ত হয় নাই। 'অভীঃ'— ভয়শৃন্ত হও। ----আর আমার মনশ্চক্ষের সমক্ষে স্থদূর অতীত হইতে **দেই** পাশ্চান্তাদেশীয় সমাট আলেকজাণ্ডাবের চিত্র উদয় হইতেছে —আমি যেন দেখিতেছি সেই দোর্দণ্ডপ্রতাপ সম্রাট সিক্ষনদের তটে দাঁড়াইয়া অরণ্যবাসী, শিলাথত্তোপবিষ্ট সম্পূর্ণ উলঙ্গ স্থবির, আমাদেরই জনৈক সন্ন্যামীর সভিত আলাপ করিতেছেন,—সমাট সম্যাসীর অপূর্বজ্ঞানে বিস্মিত হইয়া তাঁহাকে অর্থ-মানের প্রলোভন দেখাইয়া গ্রীসদেশে আসিতে আহ্লান করিতেছেন। সন্ন্যাসী অর্থ-মানাদি প্রলোভনের কথা গুনিয়া হাস্তদহকারে গ্রীদ যাইতে অস্বীকৃত হইলেন; তথন সমাট নিজ রাজপ্রতাপ প্রকাশ করিয়া বলেন, 'ধদি আপনি না আদেন, আমি আপনাকে মারিয়া ফেলিব।' তথন সন্ন্যাসী উচ্চহাস্ত করিয়া বলিলেন, 'তুমি এখন रयक्रभ विमाल, জीवन এक्रभ मिथा। कथा आह कथन अ नाहे। আমায় মারে কে? জড়জগতের স্ফ্রাট, তুমি আমায় মারিবে? তাহা কথনই হইতে পারে না! আমি চৈতক্ত-স্বরূপ, অজ ও व्यक्ष । व्यापि कथन जन्नारे नारे, कथन मनिष् ना! व्यापि वनस, সর্কাব্যাপী ও সর্কাজ্ঞ ! তুমি বালক, তুমি আমায় মারিবে?' ইহাই ধ্রকৃত তেজ, ইহাই প্রকৃত বীর্যা। উপনিষতৃক্ত এই তেজবিতাই আমাদের বিশেষভাবে জীবনে পরিণত করা আবশ্যক হইয়া পড়িয়াছে।

ধর্মশিক্ষার প্রয়োজনীয়তা

জগতে ইহার ন্থায় অপূর্ব্ব কাব্য আর নাই। তোমাদের উপনিষদ্—দেই বলপ্রদ, আলোকপ্রদ, দিব্য দর্শনশাস্ত্র আবার অবলম্বন কর। উপনিষদ্রপ এই মহন্তম দর্শন অবলম্বন কর। জগতের মহন্তম সত্যসকল অতি সহজবোধ্য—্বেমন তোমার অন্তিম্ব প্রমাণ করিতে আর কিছুর প্রয়োক্তন হয় না, ইহা ভদ্রপ সহজবোধ্য। তোমাদের সম্মুথে উপনিষদের এই সত্যসমূহ রহিয়াছে? এই সত্যসকল অবলম্বন কর, এগুলি উপলব্ধি করিয়া কার্য্যে পরিণত কর। আমাদিগকে দেখিতে হইবে কিরূপে ইহা আমাদের প্রাত্যহিক জীবনে, নাগরিক জীবনে, গ্রাম্য জীবনে, প্রত্যেক জাতির জীবনে, প্রত্যেক জাতির জীবনে কার্য্যে পরিণত করিতে পারা হায়। কারণ, যদি ধর্ম মাম্ববের সর্ব্বাবন্ধায় তাহাকে সহায়তা করিতে না পারে, তবে উহার বিশেষ কোন মূল্য নাই—উহা কেবল কতকগুলি ব্যক্তির জন্ম মতবাদমাত্র।

আত্মতন্ত্ৰ অবগত হও ; শ্ৰেদাবাল হও

আমাদের এখন কেবল আবশ্যক—আত্মার এই অপূর্ব্ধ তত্, উহার অনস্ত শক্তি, অনস্ত বীর্যা, অনস্ত শুদ্ধর ও অনস্ত পূর্ণভার তত্ত্ব অবগত হওয়া। যদি আমার একটি ছেলৈ থাকিত, তবে দে ভূমিষ্ঠ হইবামাত্র আমি তাহাকে বলিতে আরম্ভ করিতাম, 'ত্বমিস নিরঞ্জন:'। তোমরা অবশ্যই পুরাণে (মার্কণ্ডেয় পুরাণ) রাজ্ঞী মদালদার দেই হন্দর উপাথ্যান পাঠ করিয়াচ্। তাহার সন্তান হইবামাত্র তিনি তাহাকে স্বহত্তে দোলায় স্থাপন করিয়া দোল দিতে দিতে তাহার নিকট গাহিতে আরম্ভ করিলেন, 'ত্বমিস

<u> শিক্ষাপ্রসঙ্গ</u>

নিরঞ্জন:'। এই উপাখ্যানের মধ্যে মহান্ সত্য নিহিত রহিয়াছে।
তুমি আপনাকে মহান্ বলিয়া উপলব্ধি কর, তুমি মহান্ হইবে।
এইরূপে জ্ঞানের অভ্যাস করিতে হইবে। সকল অসংকার্যের
মূল তুর্বলভা। স্বার্থপরভাও এই তুর্বলভা হইতে সঞ্জাভ।
অপরকে তুঃখ দেওয়ার কারণও এই তুর্বলভা। এই তুর্বলভার
জন্মই মাহ্মই তাহার প্রকৃত স্বরূপ প্রকাশ করিতে পারে না।
তাহারা কি, তাহারা সকলে জাহুক। দিনরাত্রি তাহারা নিজেদের
স্বরূপের কথা বলুক। মাতৃস্তন্তের সঙ্গে তাহারা সকলে 'আমিই
সেই' এই ওজাময়ী বাণী পান করুক। তাহার পর তাহারা
উহা চিস্তা করুক, আর ঐ চিস্তা, ঐ মনন হইতে এমন সকল
কান্য্য হইবে, যাহা জগৎ কথনও দেখে নাই।

প্রাচীন ধর্ম বলিত, যে ঈশ্বরে বিশ্বাদ না করে, দে নান্তিক।
নৃতন ধর্ম বলিতেছে, যে আপনাতে বিশ্বাদ না করে, দে নান্তিক।
কিন্তু এই বিশ্বাদ কেবল এই ক্ষুদ্র 'আমি'কে লইয়া নহে। এই
বিশ্বাদের অর্থ দকলের প্রতি বিশ্বাদ, কারণ তোমরা দকলে
শুদ্ধস্বরূপ। আত্মপ্রীতি অর্থে দর্ব্বভূতে প্রীতি, দকল তীর্য্যস্কাতির
উপর প্রীতি, দকল বস্তুর প্রতি প্রীতি—কারণ 'তুমি' তুইটি নাই।
এই মহান্ বিশ্বাদবনেই জগতের উন্নতি হইবে। আত্মবিশ্বাদরূপ
আদর্শই। মানবজাতির দর্বাধিক কল্যাণ দাধন করিতে পারে।
যদি এই আত্মবিশ্বাদ আরও বিশ্বাবিতভাবে প্রচারিত কার্য্যে
পরিণত করা হইক, আমার দৃঢ় বিশ্বাদ যে, জগতে যত তৃঃথকট
রহিয়াছে, তাহার অনেক হ্রাদ হইত। দমগ্র মানবজাতির
ইতিহাদে দকল শ্রেষ্ঠ নরনারীর মধ্যে যদি কোন ভাববিশেষ

ধর্মশিকার প্রয়োজনীয়তা

কার্য্যকর হইয়া থাকে, তাহা এই আত্মবিশাস—তাঁহারা এই জ্ঞানে জন্মিয়াছিলেন যে, তাঁহারা শ্রেষ্ঠ হইবেন, আর তাহা হইয়াও ছিলেন।

ত্যাগ ও সেবা—জাতীয় আদর্শ

নানাবিধ মত মতাস্তরের বিভিন্ন স্থরে ভারতগগন প্রতিধ্বনিজ হইতেছে সত্য, কোন স্থর ঠিক তালমানে বাজিতেছে, কোনটি বা বেতালা বটে, কিন্তু বেশ বুঝা যাইতেছে, উহাদের মধ্যে একটি প্রধান স্থর যেন ভৈরবরাগে সপ্রমে উঠিয়া অপরগুলিকে আর শ্রুতিবিবরে পৌছিতে দিতেছে না। ত্যাগের ভৈরবরাগের নিকট অ্ঞান্ত রাগ্রাগিণী যেন লজ্জায় মুথ লুকাইয়াছে। ত্যাগই আমাদের সকলের আদর্শ। ত্যাগই হইল আদল কথা—ত্যাগী না হইলে কেহই পরের জন্ত যোলআনা প্রাণ দিয়া কাজ করিতে পারে না। ত্যাগী সকলকে সমভাবে দেখে—সকলের সেবায় নিযুক্ত হয়। বৃদ্ধ ত্যাগ প্রচার করিলেন, ভারত শুনিল, এবং ছয় শতান্ধী যাইতে না যাইতে সে তাহার সর্ব্বোচ্চ গৌরব-শিখরে আরোহণ করিল। ইহাই রহস্তা। ত্যাগ ও সেবাই ভারতের জাতীয় আদর্শ—ঐ তুইটি বিষয়ে উহাকে উন্নত কর, তাহা হইলে অবশিষ্ট যাহাকিছু আপনা আপনিই উন্নত হইবে।

बहार्श्वसम्बद्धाः शुक्रा

ঠিক ঠিক ভত্বগুলি সকলের সম্মুখে ধরিতে হইবে। প্রথমতঃ
মহাপুক্ষদের পূজা চালাইতে হইবে। যাঁহারা দ্বেই সূব সনাতন
তত্ত্ব প্রভাক্ষ করিয়াছেন, তাঁহাদের লোকের কাছে আদর্শরূপে
দাড় (খাড়া) করিতে হইবে। যেমন শ্রীরামচন্দ্র, শ্রীকৃষ,

শিক্ষা প্রদক

মহাবীর ও শ্রীরামক্ষ। বৃন্দাবনলীলা-ফিলা এখন থাক; চতুর্দিকে
দিংহনাদকারী শ্রীক্বফের পূজা চালাইতে হইবে এবং সমস্ত দৈনন্দিন
কার্য্যে দেই সর্বাশক্তিদায়িনী আনন্দময়ীর পূজা চালাইতে হইবে।
এখন চাই মহাত্যাগ, মহানিষ্ঠা, মহাধৈষ্য এবং স্বার্থগন্ধশৃত্য শুদ্ধবৃদ্ধি
সহায়ে মহা উত্তম প্রকাশ করিয়া সকল বিষয় ঠিক ঠিক জানিবার
জন্ম উঠে পড়ে লাগা।

আদর্শ-মহাবীরচরিত্র

মহাবীরের চরিত্রকেই এখন আদর্শ করিতে হইবে। রামের আজ্ঞার সাগর ডিকাইয়া চলিয়া গেল! জীবন-মরণে দৃকপাত নাই — মহাজিতেন্দ্রিয়, মহাবৃদ্ধিমান! দাস্তভাবের এই মহান্ আদর্শে সকলের জীবন গঠিত করিতে হইবে। এইরপ হইকেই অক্যান্ত ভাবের ক্ষুরণ কালে আপনা আপনি হইবে। দ্বিধাশুন্ত হইয়া গুরুর আজ্ঞাপালন, আর ব্লাহর্ত্তরক্ষা—এই হইতেছে রুতী হইবার একমাত্র গৃঢ়োপায়; "নাল্ডং পদ্ধা বিহুতেহে রুতী হইবার একমাত্র গৃঢ়োপায়; "নাল্ডং পদ্ধা বিহুতেহের রুতী হইবার একমাত্র গৃঢ়োপায়" (মৃক্তির আর দিন্তেমনি ত্রিলোক-সন্ত্রানী সিংহবিক্রম। রামের হিতার্থে জীবনপাত করিতে কিছুমাত্র দিবা রাথে না। রামদেবা ভিন্ন অন্ত সকল বিষয়ে উপেক্ষা—ব্রন্ধতা দ্বিবা না। ব্রমদেবা ভিন্ন অন্ত সকল বিষয়ে উপেক্ষা—ব্রন্ধতা আদিতে পর্যান্ত । এরপ একাগ্রনির্ম হওয়া চাই। কথনও মনে তুর্ব্বলতা আদিতে দিবে না। মহাবীরকে ক্ষরণ করিও — মহামায়াকে ব্যরণ করিও। দেথিবে সব তুর্ব্বলতা—সব কাপুরুষতা তথনি চলিয়া যাইবে।

এখন এक्रिक्ष्य वृन्नावन-नोना-भृजाय त्नान कन रहेरव ना।

ধর্মশিক্ষার প্রয়োজনীয়তা

বাঁশি বাজাইয়া এখন আর দেশের কল্যাণ হইবে না। খোল-করতাল वाकारेया कीर्ज्य नम्फवान्य कविया तम्मी छेप्पन तान। काम-গন্ধহীন উচ্চ সাধনার অমুকরণ করিতে গিয়া দেশটা ঘোর তম্সাচ্চন্ন হুইয়া পড়িয়াছে। ঢাক ঢোল কি দেশে তৈয়ার হয় না ? তুরী ভেরী কি ভারতে মিলে না ? এসব গুরুগম্ভীর আওয়াজ ছেলেদের শোনাও! ছেলেবেলা হইতে মেয়েমান্ষি বাজনা শুনিয়া শুনিয়া, कीर्जन खेनिया खनिया, तम्मो एय त्मरयतम्त्र तम्म इट्रेया तमा এখন চাই গীতারপ সিংহনাদকারী জীক্লফের পূজা; ধুমুর্ধারী রাম. महारीत, मा-कानी व एनत शृका। एमक निका वाकाहरक इहरत, ঢাকে ব্রহ্মকন্ততালের তুকুভিনাদ তুলিতে হইবে, 'মহাবীর, মহাবীর' ধ্বনিতে এবং 'হর হর ব্যোম ব্যোম' শব্দে দিগেদশ কম্পিত করিতে হইবে। (য সব music (গীতবাতো) মাহুষের soft feelings (হাদয়ের কোমলভাবসমূহ) উদ্দীপিত করে, দে সকল কিছু দিনের জন্ম এখন বন্ধ রাখিতে হইবে। গ্রুপদ গান শুনিতে লোককে অভাাদ করাইতে হইবে। তবে ত লোকে মহা উন্থমে কর্মে লাগিয়া শক্তিমান হইয়া উঠিবে। আমি ভাল করিয়া বুঝিয়া **ट्रियाहि, এट्राट्य এथन याहाता धर्म धर्म करत, जाहाद्य अट्राट्य** full of morbidity-cracked brains অথবা fanatic (মজ্জাগত তুর্বলতা, মন্তিক্ষবিকার অথবা বিচারশৃত্ত উৎদাহ-দম্পন্ন)-মহা ब्राह्मा अलाव उपने भना जिल्ल अथन दलामारमव ना चार्छ हेहकान. ন। আছে পরকাল। দেশ ঘোর তমতে ছাইয়া ফেলিয়াছে। ফলও সেইরূপই হইতেছে—ইহজীবনে দাদত্ব, পর্বলাকে নরক। এই ত ইতিহাসে আছে আমাদের পূর্বপুরুষগণ কত দেশে

শিক্ষাপ্রসঙ্গ

উপনিবেশ স্থাপন করিয়াছেন—তিব্বত, চীন, স্থমাত্রা, স্থদ্র জাপানে পর্যন্ত ধর্মপ্রচারক পাঠাইয়াছেন। রজোগুণের ভিতর দিয়া না গেলে উন্নতি হইবার উপায় আছে কি? বৈদিক ছন্দের মেঘমক্রে দেশটার প্রাণস্কার করিতে হইবে। দকল বিষয়ে বীরত্বে কঠোর মহাপ্রাণতা আনিতে হইবে। এইরূপ আদর্শের ক্রুসরণ করিলে, তুবে এখন জীবের কল্যাণ, দেশের কল্যাণ।

জীবস্ত উদাহরণ

তুমি যদি একা এইভাবে চরিত্রগঠন করিতে পার, তাহা হইলে ভোমাকে দেখিয়া হাজার লোক ঐরপ করিতে শিখিবে। কিন্তু দেখিও আদর্শ হইতে কথনও যেন একপাও হটিও না। কথনও হীনসাহস হইও না। খাইতে, শুইতে, পড়িতে, গাইতে, বাজাইতে,
ভোগে রোগে, কেবলই সৎসাহসের পরিচয় দিতে হইবে। তবে ত
মহাশক্তির রূপা হইবে। লেক্চার করিয়া এদেশে কিছু হইবে
না। বাব্ভায়ারা শুনিবে, বেশ বেশ করিবে, হাততালি দিবে;
ভারপর বাড়ী গিয়া ভাতের সঙ্গে সব হজম করিয়া ফেলিবে। পচা
পুরান লোহার উপর হাতুড়ির ঘা মারিলে কি হইবে? ভালিয়া
শুঁড়া হইয়া যাইবে; ভাহাকে পোড়াইয়া লাল করিতে হইবে,
তথন হাতুড়ির ঘা মারিলে একটা গড়ন করিতে পারা যাইবে।
এদেশে জ্বলম্ভ জীবস্ভ উদাহরণ না দেখাইলে কিছুই হইবে না।
কতকগুলি ছেলে চাই যাহারা সব ভ্যাগ করিয়া দেশের জ্ব্যু জীবন
উৎসর্গ করিবে। ভাহাদের life (জীবন) আগে ভৈয়ার করিয়া
দিতে হইবে, তবৈ কাজ হইবে।

ব্ৰহ্মচৰ্য্যবান হও

মেকদণ্ডের ছুইটি বিভিন্ন দেশ দিয়া প্রবাহিত ইড়া ও পিকলা नामक इष्टें मिकि श्रवाष्ट्र এवः त्यक्रमञ्जात मधारतमञ्जल श्रवमा-এই তিনটি প্রত্যেক প্রাণীতেই বিরাজিত। যাহাদেরই মেরুদত্ত चाह्य. जाशास्त्रहे जिल्दा अहे जिन श्रकात जिल्ल जिल्लात প্রণালী আছে। শক্তিবহন-কেন্দ্রগুলি স্ব্যার মধ্যেই অবস্থিত। রূপক ভাষায় উহাদিগকে পদ্ম বলে। পদাগুলির মধ্যে সকলেব নিম্নদেশস্থাটি স্বয়ুমার সর্কানিমভাগে অবস্থিত—উহার নাম মূলাধার, উহার উপরে পর পর স্বাধিষ্ঠান, মনিপুর, অনাহত, বিশুদ্ধ, আজ্ঞা এবং সর্বাশেষ মন্তিষ্কস্থ সহস্রার বা সহস্রদল পদা। সর্বানিমাদেশবর্ত্তী মুলাধার ও দর্ব্বোচ্চদেশে অবস্থিত সহস্রার—দর্বনিম চক্রেই দমুদয় শক্তি অবস্থিত। যোগীরা বলেন, মমুয়াদেহে যত শক্তি অবস্থিত, তাহার মধ্যে সর্বশ্রেষ্ঠ শক্তি ওজ:। এই ওজ: মন্তিকে সঞ্চিত আছে, যাহার মন্তকে যে পরিমাণে ওজোধাতু সঞ্চিত থাকে, দে দেই পরিমাণে বৃদ্ধিমান ও আধ্যাত্মিক বলে বলী হয়, ইহাই ওজো-ধাতুর শক্তি। এক ব্যক্তি অতি হুন্দর ভাষায় হুন্দর ভাব ব্যক্ত করিতেছে, কিন্তু লোক আরুষ্ট হইতেছে না, আবার অপর ব্যক্তি খুব ফুন্দর ভাষায় স্থন্দর ভাব বলিতেছে, তাহা নহে, তবু তাঁচার ৰুপায় লোক মৃগ্ধ হইতেছে। ওক্ষ:শক্তি শরীর হইতে বৃচির্গত হুইয়াই এই অন্তত ব্যাপার সাধন করে। এই ওঙ্ক:শক্তিসম্পন্ন পুরুষ যে কোন কার্য্য করেন, তাহাতেই মহাশক্তির ক্লিভাশ দেখা যায়। দকল মৃত্যোর ভিতরেই অল্লাধিক পরিমাণে এই ওদ্রঃ আছে: শরীরের মধ্যে যতগুলি শক্তি ক্রীডা করিতেছে, তাচার

শিক্ষা প্রসঙ্গ

উচ্চতম বিকাশ এই ওজ:। ইহা আমাদের দর্বাণা মনে রাথা আবশুক যে, এক শক্তিই আর এক শক্তিতে পরিণত হইতেছে। বহির্জগতে যে শক্তি ভাড়িত বা চৌমুক শক্তিরূপে প্রকাশ পাইতেছে, তাহা ক্রমশঃ আভাস্থরীণ শক্তিরূপে পরিণত হইবে, পৈশিক শক্তিগুলিও ওজােরপে পরিণত হইবে। যোগীরা বলেন, মান্তবের মধ্যে যে শক্তি কাম-ক্রিয়া, কাম-চিস্তা ইত্যাদিরপে প্রকাশ পাইতেছে, তাহা দমিত হইলে সহজেই ওজোধাতুরূপে পরিণত হইয়া যায়। আর আমাদের শরীরস্থ সর্বাপেক্ষা নিম্নতম কেন্দ্রটি এই শক্তির নিয়ামক বলিয়া যোগীরা উহার প্রতিই বিশেষ লক্ষ্য करत्रन। छाँशास्त्र हेच्छा এहे त्य, ममुनग्न कामनक्तिंगिरक नहेशा ওজোধাতুতে পরিণত করেন। কামজয়ী নরনারীই কেবল এই **५८काधाजुरक मिर्छ मिर्क किंद्र किंद्र मार्थ इन। এই क्रम्प्रे** দর্বদেশে ব্রহ্মচর্য্য দর্ববেশ্রেষ্ঠ ধর্মারপে পরিগণিত হইয়াছে। মাহুষ সহজেই দেখিতে পায় যে, কামকে প্রশ্রয় দিলে সমূদয় ধর্মভাব, চরিত্রবল ও মান্সিক ডেজঃ স্বই চলিয়া যায়। এই কারণেই দেখিতে পাইবে, জগতে যে যে ধর্মসম্প্রদায় হইতে বড় বড় ধর্মবীর জ্মিয়াছেন, দেই দেই সম্প্রদায়েরই ব্রন্ধচর্য্য সম্বন্ধে বিশেষ লক্ষ্য আছে। এই ব্রহ্মচর্য্য পূর্ণভাবে কায়মনোবাক্যে অফুষ্ঠান করা নিতান্ত কর্ত্তব্য। অনধিকার চর্চ্চায় বা রুথা কাজে যে শক্তিক্ষয় করে, অভিষ্ট কার্যাদিদ্ধির জন্ম পর্যাপ্ত শক্তি দে আর কোথায় পাইবে? The sum total of the energy which can be exhibited by an ego is a constant quantity, অর্থাৎ প্রত্যেক জীবাত্মার ভিতরে নানাভাবে প্রকাশ করিবার যে শক্তি

ধর্মশিকার প্রয়োজনীয়তা

বর্ত্তমান রহিয়াছে উহা সসীম; স্থতরাং সেই শক্তির অধিকাংশ একভাবে প্রকাশিত হইলে তভটা আর অগ্যভাবে প্রকাশিত হইতে পারে না। বন্ধাচর্য্যবান ব্যক্তির মন্তিকে প্রবল শক্তি—মহতী ইচ্ছাপেকি সঞ্চিত থাকে। উহা ব্যতীত মানসিক তেজ আর কিছুতেই হইতে পারে না। যত মহা মহা মন্তিক্ষশালী পুক্ষ দেখা যায়, তাঁহারা সকলেই ব্রহ্মচর্য্যবান ছিলেন।

গুরু ও শিষ্য

যে ব্যক্তির আত্মা হইতে অপর আত্মায় শক্তি স্কারিত হয়, তাহাকে গুরু বলে; এবং যে ব্যক্তির আত্মায় শক্তি সঞ্চারিত হয়, তাহাকে শিশু বলে। এইরপ শক্তিসঞ্চার করিতে হইলে প্রথমতঃ যিনি সঞ্চার করিবেন, তাহার এই সঞ্চারের শক্তি থাকা আবশ্যক। আর যাহাতে সঞ্চারিত হইবে, তাহারও গ্রহণের শক্তি থাকা আবশ্যক। বীজ সতেজ হওয়া আবশ্যক, ভূমিও স্কুষ্ট থাকা আবশ্যক। যেথানে এই উভয়টিই বিভ্যমান, দেইথানেই অপুর্ব বিকাশ দৃষ্ট হয়। এইরপ ব্যক্তিই প্রকৃত গুরু, এইরপ ব্যক্তিই প্রকৃত শিশু। আবার শক্তিসঞ্চারের গুরু সম্বন্ধে আরো অনেক বিল্ল আছে। অনেকে আছেন, যাহারা স্বয়ং অজ্ঞানাচ্ছন্ন হইয়াও অহম্বারে আপনাদিগকে সর্বজ্ঞ মনে করেন, শুধু তাহাই নহে, অপরকেও নিজ স্বন্ধে লইয়া যাইবেন বলিয়া ঘোষণা করেন। এইরপে অন্ধ অন্ধকে পথ দেখাইয়া লইয়া যাইতে য়াইতে উভয়েই খানায় পড়িয়া য়ায়।

"অবিভায়ামন্তরে বর্তমানাং, স্বয়ং ধীরাঃ পণ্ডিতক্মক্সমানাং। দক্রমামানাং পরিষক্তি মুঢ়াং, অক্ষেনৈব নীয়মানা যথাক্ষাং॥"(কঠ, ২।৫)

শিক্ষাপ্রসঙ্গ

জগং এবম্বিধ জনগণে পরিপূর্ণ—সকলেই গুরু হইতে চাহে, "আপনি গুতে স্থান পায় না, শকরাকে ডাকে।" এইরপ লোক যেরপ সকলের নিকট হাস্থাস্পদ হয়, এই সকল আচার্য্যোগ ডজেপ। ইহাদের ম্বারা আমাদের কোন কাজ হইবে না। তাহারা মদি প্রত্যক্ষ অন্তত্তব না করিয়া থাকেন, তবে তাঁহারা কি শিথাইবেন?

উত্তম গুরু

প্রকৃত গুরু কে? 'খোতিয়'— যিনি বেদের রহস্থাবিং, 'অরুজিন' —নিষ্পাপ, 'অকামহত'—ঘিনি তোমাকে উপদেশ দিয়া অর্থ-সংগ্রহের বাসনা করেন না, তিনিই শাস্ত, তিনিই সাধ। বসন্তকাল আগমন করিলে যেমন বুক্ষে পত্রমুকুলোদয় হয়, অথচ উহা যেমন বুক্ষের নিকট ঐ উপকারের পরিবর্ত্তে কোনপ্রকার প্রত্যুপকার চাহে না, কারণ উহার প্রকৃতিই অপরের হিতসাধন। পরের হিত করিব, কিন্তু ভাহার প্রতিদানস্বরূপ কিছু চাহিব না। প্রকৃত গুরু এইরূপ। আর কেহই গুরু হইতে পারে না। গুরু সম্বন্ধে এইটুকু বুঝা আংশ্রেক যে, তিনি যেন শাস্ত্রের মর্মজ্ঞ হন। যে গুরু শব্দ লইয়া বেশী নাডাচাডা কথেন ও মনকে কেবল শব্দের শক্তিঘারা চালিত হইতে দেন, তিনি ভাব হারাইয়া ফেলেন। শাজের মর্ম যিনি জানেন, তিনিই যথার্থ ধর্মাচার্য্য। দ্বিতীয়তঃ, গুরুর নিম্পাপ হওয়া আবশুক। অনেক সময়ে লোকে বলিয়া থাকে, "গুরুর চরিত্র. গুরু কি করেন না করেন দেখিবার প্রয়োজন কি ? তিনি যাহা वरनन, (महेरि नहेशाहे आमारमंत्र काम कता आवश्रक।" এ कथा ঠিক নহে। প্রথম তিনি কি চরিত্রের লোক, তাহা দেখা আবক্তক:

ধর্মশিকার প্রয়োজনীয়তা

ভারণর তিনি কি বলেন, তাহা দেখিতে হইবে। তাঁহার সম্পূর্ণরূপে শুদ্ধতি হওয়া আবশুক; তবেই তাঁহার কথায় প্রকৃত একটা গুরুত্ব থাকে; কারণ তাহা হইলেই তিনি প্রকৃত শক্তিসঞ্চারকের যোগ্য হইতে পারেন। নিজের মধ্যে যদি শক্তি না রহিল, তবে তিনি সঞ্চার করিবেন কি ? তৃতীয়জঃ—গুরুর উদ্দেশ্য কি, দেখা আবশুক। গুরু যেন অর্থ, নাম বা মশরপ কোন স্বার্থদিন্ধির জন্য শিক্ষাদানে প্রকৃত না হন—সমৃদয় মানবজাতির প্রতি পবিত্র প্রেমই যেন তাঁহার কার্যের নিয়ামক হয়। যদি দেখ, গুরুতে এইদব লক্ষণগুলিই বর্ত্তমান, তত্তব জানিবে তোমার কোন আশক্ষা নাই। নতৃবা তাঁহার নিকট শিক্ষায় বিপদ আছে।

উত্তম শিশ্বা

শিশ্যের এই গুণগুলি আবশ্যক—পবিত্রতা, প্রকৃত জ্ঞানপিপাদা ও অধ্যবদায়। অশুদ্ধাত্মা পুকৃষ কথন প্রকৃত ধার্মিক হইতে পারে না। চিন্তা, বাক্য ও কার্য্যে পবিত্র হওয়া একান্ত আবশ্যক। আমরা দে বস্তু অন্তরের সহিত অন্তসন্ধান না করি, আমরা দে বস্তু লাভ করিতে পারি না। যতদিন পর্যন্ত ব্যাকুলতা প্রাণে জাগরিত না হয় ও আমরা প্রবৃত্তির উপর জয়লাভ না করিতে পারি ততদিন সদাসর্বলা অভ্যাদ ও আমাদের পাশব প্রকৃতির সহিত নিরন্তর সংগ্রাম আবশ্যক। যে শিশ্য এইরূপ অধ্যবদায় সহকারে দাধনে প্রবৃত্ত হয়, তাহার দিন্ধি অবশ্রম্ভাবী। গুরুর প্রতি বিশাস, বিনয়নম্র আচরণ, তাহার আক্ষাবহতা ও তাহার প্রতি গভীর শ্রদ্ধা ব্যতিরেকে আমাদের ক্লয়ে ধর্মবিকাশ হইতেই পারে না।

ভোমাদের স্মরণ রাথা আবশুক যে, জগতের সকল শ্রেষ্ঠ

শিক্ষাপ্রসঙ্গ

আচার্য্যগণই বলিয়া গিয়াছেন—আমরা নাশ করিতে আদি নাই, পূর্বের যাহা ছিল, তাহাকে সম্পূর্ণ করিতে আদিয়াছি। তাঁহারা ব্রিতে পারিয়াছিলেন যে, দোষ নিবারণ করিতে হইলে উহার কারণ পর্যন্ত যাইতে হইবে। তাঁহারা জগতের নরনারীগণকে তাঁহাদের সন্তানস্বরূপ দেখিতেন। তাঁহারাই যথার্থ পিতা, তাঁহারাই যথার্থ পিতা, তাঁহারাই যথার্থ পেতা, তাঁহাদের প্রত্যেকেরই জন্ম অনস্ত সহাহ্নভূতি এবং ক্ষমা ছিল—তাঁহারা দর্বাদা সন্থ এবং ক্ষমা করিতে প্রস্তুত ছিলেন। তাঁহারা জানিতেন—কি করিয়া মানবদমাজ সংগঠিত হইবে; হতরাং তাঁহারা অতি ধীরভাবে, অতিশয় সহিষ্কৃতার সহিত তাঁহারো গালাগালি দেন নাই বা ভয় দেখান নাই, কিন্তু অতি ধীরভাবে তাঁহাকে এক এক পদ করিয়া পথ দেখাইয়া লইয়া গিয়াছিলেন।

সংস্কের প্রভাব

আমাদের ভিতর যে সকল উত্তম সংস্কার আছে, সেগুলি এক্ষণে অব্যক্তভাব ধারণ করিয়া আছে বটে, কিন্তু উহারা আবার সংসঙ্গের দারা জাগরিত হইবে—ব্যক্তভাব ধারণ করিবে। সংসঙ্গের অপেক্ষা জগতে পবিত্রতর কিছু নাই, কারণ, এক সংসদ্ধ হইতেই শুভসংস্কারগুলি জাগরিত হইবার ক্যোগ উপস্থিত হয়।

- "কণ্মহ সজ্জন-সঞ্চতিরেকা।

ভবতি ভবার্ণব-তরণে নৌকা॥"

ক্ষণমাত্র সাধুসন্ধ, ভব-সম্ত্রণারের নৌকাস্বরূপ হয়। সংসক্ষেত্র এজদুর শক্তি।

স্বাধীনতার সার্থকতা

বিভিন্ন-চরিত্র নরনারীর শ্রেণী স্বাষ্ট-নিয়মের স্বাভাবিক বিভিন্নতা মাত্র। এই কারণেই একপ্রকার আদর্শের দারা সকলের বিচার করা, বা সকলের সম্মুধে একপ্রকারের আদর্শ স্থাপন করা কোনমভেই উচিত নহে। এইরূপ প্রণাদীতে কেবল অস্বাভাবিক চেষ্টার উত্তেক হয় মাত্র। তাহার ফল এই দাঁডায় থে, মামুষ আপনাকে খুণা করিতে আরম্ভ করে, আর তাহার ধান্মিক ও দাধু হইবার পক্ষে বিশেষ বিদ্ন হয়। আমাদের কর্ত্তব্য-প্রত্যেক ব্যক্তিকে তাহার নিজের সর্বেচিচ আদর্শ অমুদারে চলিবার চেষ্টা করিতে উৎশাহিত করা এবং ঐ আদর্শ সত্যের যত নিকটবর্তী হয়, তাহার চেষ্টা করা। ভয় হইতে চরিত্রবান বলবান পুরুষ জন্মিবে, ইহা কিরপে আশা করিতে পার ? অবশ্য ইহা কথনই হইতে পারে না। ভয় হইতে কি প্রেমের উৎপত্তি সম্ভব ? প্রেমের ভিত্তি—স্বাধীনতা। স্বাধীনতা —মুক্তভাব হইলেই তবে প্রেম আদে। তথনই আমরা বাস্তবিক জগৎকে ভালবাসিতে আরম্ভ করি ও সর্ব্বাপেক্ষা ভ্রাতভাবের অর্থ বুঝিতে পারি—ভাহার পূর্বের নহে।

স্বাধীনতা ইহার মূলমন্ত্র, স্বাধীনতাই ইহার স্বরূপ—ইহার জ্মাত স্বস্থ। প্রথমে মুক্ত হও, তারপর যত ইচ্ছা ক্ষুদ্র ব্যক্তিত্ব রাথিতে হয়, রাথিও। তথন আমরা রক্ষমঞ্চে অভিনেতৃগণের ক্রায় অভিনয় করিব। যেমন একজন যথার্থ রাজা ভিগ্রীরীর বেশে রক্ষমঞ্চে অবতীর্ণ হইলেন, কিন্তু এদিকে বাত্তবিক ভিক্ষ্ক যে, সে রাত্যায় রাত্যায় পরিভ্রমণ করিতেছে। উভয়ে কত প্রভেদ

<u> শিক্ষাপ্রসঙ্গ</u>

राथ! मण উভয়ন্তলেই সমান, বাকাও হয়ত সমান, কিন্তু কি পার্থক্য। একজন ভিক্ষকের অভিনয় করিয়া আনন্দ উপভোগ করিতেচেন, অপরে যথার্থ দারিন্তাকট্টে প্রপীডিত। কেন এই পার্থক্য হয় ? কারণ, একজন মৃক্ত, অপরে বদ্ধ। রাজা জানেন, তাঁহার এই দারিন্তা সত্য নহে, ইহা কেবল তিনি অভিনয়ের জন্ম অবলম্বন করিয়াছেন; কিন্তু যথার্থ ভিক্ষক জ্ঞানে, ইহা তাহার চিরপরিচিত অবস্থা—তাহার ইচ্ছা থাকুক বা না থাকুক, তাহাকে এই দারিদ্রা সহা করিতেই হইবে। তাহার পক্ষে ইহা অভেন্ত নিয়মশ্বরূপ, স্থতরাং দে কষ্ট পায়। তুমি আমি যতক্ষণ না আমাদের স্বরূপ জ্ঞাত হইতেছি ততক্ষণ আমরা ভিক্ষ্ক মাত্র, প্রকৃতির অন্তর্গত প্রত্যেক বপ্তই আমাদিগকে দাস করিয়া রাথিয়াছে। আমরা সমুদর জগতে সাহায্যের জন্ম চীৎকার করিয়া বেডাইতেভি.—শেষে কাল্লনিক জীবগণের নিকট পর্যান্ত সাহায্য চাহিতেছি. কিন্তু কোনকালে এই সাহায্য আদিল না। তথাপি ভাবিতেছি, এইবার সাহায্য পাইব—ভাবিয়া কাঁদিতেছি, চীৎকার করিতেছি, আশা করিয়া বদিয়া আছি, ইতোমধ্যে একটা জীবন कांिन, আবার সেই থেলা চলিতে লাগিল।

মৃক্ত হও; অপর কাহারও নিকট কিছু আশা করিও না।
আমি নিশ্চিত বলিতে পারি, তোমরা বলি ডোমাদের জীবনের
অতীত ঘটনা শ্বরণ কর, তবে দেখিবে, ডোমরা সর্ব্বদাই বৃথা
অপরের াসকট সাহায্য পাইবার চেষ্টা করিয়াছ, কিছু কখনও
পাও নাই; যাহা কিছু পাইয়াছ সবই আপনার ভিতর হইতে।
তুমি নিজে যাহার জন্ম চেষ্টা করিয়াছ তাহাই ফলরূপে পাইয়াছ,

ধর্মশিক্ষার প্রয়োজনীয়তা

তথাপি কি আশ্চর্য্য, তুমি সর্ব্বদাই অপরের নিকট সাহায্য প্রার্থনা করিয়াছ।

চাই অকপট সরলতা, পবিত্রতা, প্রথর বৃদ্ধিমন্তা এবং হুর্দমনীয় ইচ্ছাশক্তি।

সম্প্রসারণই জীবন

জীবনের প্রথম স্বস্পষ্ট চিহ্ন—বিস্তার। যদি তোমরা বাঁচিতে চাও, তবে তোমাদিগকে সন্ধীর্ণ গণ্ডী ছাড়াইতে হইবে। বিস্তার জাতীয় জীবনের পুনরভাদয়ের সর্বপ্রধান লক্ষণ, আর এই বিস্তারের महिल मानूरवत ममल ज्ञानममष्टिरा जामारात याहा निवात जारह, সমস্ত জগতের উল্লভিবিধানে আমাদের ষেটুকু দেয় ভাগ আছে, তাহাও ভারতেতর জগতে যাইতেছে। তবে ভারতের দান—ধর্ম, দার্শনিক জ্ঞান, আধ্যাত্মিকতা। আর ভারতকে যদি আবার উঠিতে হয়, তবে তাহাকে নিক্ষ ঐশ্বৰ্য্য-ভাণ্ডার উন্মুক্ত করিয়া পৃথিবীর সমুদয় জাতির ভিতর তাহা ছড়াইয়া দিতে হইবে এবং ইহার পরিবর্ত্তে অপরে যাহা কিছু দেয়, ভাহাই গ্রহণে প্রস্তুত হইতে হইবে। সম্প্রসারণই জীবন—সন্ধীর্ণতাই মৃত্যু। সমগ্র ভারতসন্তানগণের এক্ষণে কর্ত্তব্য—ত্রাহারা যেন সমগ্র জগৎকে মানবজীবনসমস্থার প্রকৃষ্ট সমাধান শিক্ষা দিবার জন্ম সম্পর্ণরূপে আপনাদিগকে উপযুক্ত করে। তাহারা সমগ্র জগংকে ধর্ম শিথাইতে ধর্মত: ক্রায়ত: বাধ্য। আধ্যাত্মিকতা অবশ্রই পাশ্চাত্তাদেশ জয় করিবে।

সাম্প্রদায়িকভা-দোষ

আমরা অনেক সময় অনর্থক বাগাড়ম্বকে আধ্যাত্মিক সত্য বলিয়া ভ্রম করি, পাণ্ডিত্যপূর্ণ বক্তৃতার ছটাকে গভীর ধর্মামূভূতি মনে করি; তাই সাম্প্রদায়িকতা, তাই বিরোধ। যদি আমরা একবার ব্বিতে পারি, প্রত্যক্ষামূভূতিই প্রকৃত ধর্ম, তাহা হইলে আমরা নিজ হৃদয়ের দিকে দৃষ্টিপাত করিয়া ব্ঝিতে চেষ্টা করিব— আমরা ধর্মের সত্যসমূহ উপলব্ধির পথে কতদ্র অগ্রসর। তাহা হুইলেই আমরা ব্ঝিব যে, আমরা নিজেরাই অন্ধকারে ঘ্রিতেছি ও অপরকেও সেই অন্ধকারে ঘ্রাইতেছি। আর ইহা ব্ঝিলেই আমাদের সাম্প্রদায়িকতা ও হৃদ্ধ বিদ্রিত হুইবে।

সাম্প্রদায়িকতা, সঙ্কীর্ণতা ও উহাদের ফলস্বরূপ ধর্মোন্মন্ততা এই স্বন্দর পৃথিবীকে বহুকাল ধরিয়া আয়ন্ত করিয়া রাখিরাছে। এই ধর্মোন্মন্ততা জগতে মহা উপদ্রবরাশি উৎপাদন করিয়াছে, কতবার ইহাকে নরশোণিতে পদ্ধিল করিয়াছে, সভ্যতার নিধন সাধন করিয়াছে ও যাবতীয় জাতিকে সময়ে সময়ে হতাশার সাগরে ভাসাইয়া দিয়াছে। এই ভীষণ পিশাচ যদি না থাকিত, তাহা হইলে মানবসমাজ আজ প্র্বাপেকা কতদূর উন্নত হইত!

বিভিন্ন আধ্যাত্মিক শক্তিসমৃহের স্থপরিচালনের জন্ত সম্প্রদায় থাকুক, কিন্তু আমাদের পরস্পর বিবাদ করিবার কি প্রয়োজন আছে, যথন আমাদের অতি প্রাচীন শাস্ত্রসকল ঘোষণা করিতেছে যে, এই ভেদ আক্ষ্ণতপ্রতীয়মান মাত্র। এই সকল আপাতদৃষ্ট বিভিন্নতা সত্ত্বেও ঐ সকলের মধ্যে সন্মিলনের স্বর্ণস্ত্র রহিয়াছে, ঐ সকলগুলির মধ্যেই সেই পরম মনোহর একত্ব রহিয়াছে। আমাদের অতি

ধর্মশিকার প্রয়োজনীয়তা

প্রাচীন গ্রন্থসমূহ ঘোষণা করিয়াছেন, 'একং সং বিপ্রা বছধা বদস্কি।' জগতে একমাত্র বস্তুই বিভিন্ন নামে বর্ণন করেন। অতএব যদি এই ভারতে—বেখানে চিরদিন সকল সম্প্রদায়ই সম্মানিত হইয়া আসিয়াছেন, সেই ভারতে যদি এখনও এই সকল সাম্প্রদায়িক বিবাদ, বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে পরস্পর এই দেব হিংসা থাকে, তবে ধিক্ আমাদিগকে, যাহারা সেই মহিমান্থিত পূর্ব্বপুরুষপূণের বংশধর বলিয়া আপনাদিগকে পরিচয় দেয়।

সমন্বরাচার্য্য মহামানব শ্রীরামকৃষ্ণ

একাধারে হৃদর ও মন্তিক উভয় বিরাজমান থাকিবে, যিনি
একাধারে শহরের অভুত মন্তিক এবং চৈতন্তের অভুত বিশাল
হৃদরের অবিকারী হইবেন, যিনি দেখিবেন—সকল সম্প্রদায় এক
আত্মা, এক ঈশরের শক্তিতে অভ্যাণিত ও প্রত্যেক প্রাণীতে
দেই ঈশর বিজমান, যাহার হৃদয় ভারভান্তর্গত বা ভারতবহিভূতি
দরিত্র তুর্বল পতিত সকলের জন্ত কাদিবে, অথচ যাহার বিশাল
বৃদ্ধি এমন মহং তত্ত্বকলের উদ্ভাবন করিবে, যাহাতে ভারতান্তর্গত বা ভারত-বহিভূতি সকল বিরোধী সম্প্রদায়ের সমন্ত্র-সাধন
করিবে ও এইরূপ অভুত সমন্ত্র-সাধন করিয়া হৃদয় ও মন্তিকের
সামঞ্জন্তভাবে উন্নতিদাধক সার্ক্রভৌম ধর্মের প্রকাশ করিবে।
এইরূপ ব্যক্তি জন্মগ্রহণ করিয়াছিলেন এবং আমি অনেক বর্ষ ধরিয়া
তাঁহার চরণতলে বিদয়া শিক্ষালাভের সোভাগ্যলাক্ত করিয়াছিলাম।
ভারতীয় সকল মহাপুক্ষের পূর্ণ প্রকাশস্বরূপ যুগাচার্য্য মহাত্মা
শ্রীবামক্ষের উপদেশ আজকাল আমাদের বিশেষ কল্যাণপ্রদ।

শিক্ষাপ্রসঙ্গ

মদীয় আচার্য্যদেবের নিকট আমি একটি বিষয় শিক্ষা করিয়াছি—
উহাই আমার বিশেষ প্রয়োজনীয় বলিয়া বোধ হয়—এই অভ্তত
সত্য যে জগতের ধর্মসমূহ পরস্পরবিরোধী নহে। উহারা এক
সনাতন ধর্মের বিভিন্ন ভাব মাত্র। এই সন্ধ্যাসিশ্রেষ্ঠ কোনও
ধর্মকে কথনও সমালোচনার দৃষ্টিতে দেখিতেন না; তাহাদের
ভিতর এই এই ভাব ঠিক নয়, একথা তিনি বলিতেন না। তিনি
উহাদের ভালর দিকটাই দেখাইয়া দিতেন। তদীয় মৃথ হইতে
কাহারও প্রতি অভিশাপ বর্ষিত হয় নাই; এমন কি, তিনি
কাহারও সমালোচনা পর্যান্ত করিতেন না। তদীয় নয়ন জগতে
কিছু মন্দ দেখিবার শক্তি হারাইয়াছিল। তিনি ভাল ছাড়া আর
কিছু দেখিতেন না। সাম্প্রদায়িকতা ও গোঁড়ামি দ্বারা আধ্যাত্মিক
জগতে সর্ব্বত্র যে এক গভীর ব্যবধানের স্কৃষ্টি হইয়াছে, তাহা দ্ব

যভ মভ ভভ পথ

যে কোন ব্যক্তি যেপথে চলিতে ইচ্ছা করে, তাহাকে সেই পথে চলিতে দিতে হইবে; কিন্তু যদি আমরা তাহাকে অন্ত পথে টানিয়া লইয়া যাইতে চেষ্টা করি, তবে তাহার যাহা আছে, দে তাহাও হারাইবে; দে একেবারে অকর্মণ্য হইয়া পড়িবে। যেমন একজনের মুখ আর একজনের সঙ্গে মিলে না, দেইরূপ একজনের প্রাকৃতি আর একজনের সঙ্গে মিলে না। যে দেশে সকলকে একপথে পরিচালিত করিবার চেষ্টা করা হয়, দে দেশ ক্রমণঃ ধর্মহীন হইয়া দাঁড়ায়। যদি কথন পৃথিবীর সর্বলোক এক ধর্মমতাবলম্বী হইয়া একপথে চলে, ভবে বড় তুংখের বিষয় বলিতে হইবে। তাহা ইইলে লোকের

ধর্মশিকার প্রয়োজনীয়তা

স্বাধীন চিস্তাশক্তি ও প্রকৃত ধর্মভাব একেবারে বিনষ্ট হইবে। **ভেদই আমাদের জীবনযাত্রার মূলমন্ত্র। সম্পূর্ণরূপে ভেদ চলিয়া** গেলে স্ষ্টিও লোপ পাইবে। যতদিন চিন্তাপ্রণালীর এই বিভিন্নতা থাকিবে. ততদিন আমরা বর্ত্তমান থাকিব। আমাদের আর্টও যে একটা ধর্মের অব। যে মেয়ে ভাল আলপনা দিতে পারে, তার কত আদর ! ঠাকুর নিজে একজন কত বড় আর্টিষ্ট (শিল্পী) ছিলেন। এখন চাই আর্ট এবং কার্য্যকারিতার (utility) সংযোগ-সাধন। জাপান উহা বেশ চট করিয়া নিয়াছে, তাই এত শীঘ্র বড় হইয়া পড়িয়াছে। যে কোন ক্রিয়া বা অমুষ্ঠান তোমাকে ভগবানের নিকট লইয়া যায়, তাহাই অবলম্বন কর : কিন্তু বিভিন্ন পথ লইয়া বিবাদ করিও না। যে মুহুর্তে তুমি বিবাদ করিবে, দেই মুহুর্ত্তে তুমি ঈশ্বর-পথ হইতে ভ্রষ্ট হইয়াছ—তুমি সম্মুথে অগ্রসর না হইয়া পিছু হটিতেছ, ক্রমশঃ পশু-পদবীতে উপনাত হইতেছ। কাহারও সহিত বিবাদ-বিতর্কে আবশ্যক নাই। তোমার যাহা শিখাইবার আছে শিখাও, অন্তের থবরে আবশ্রক নাই। তোমার যাহা শিখাইবার আছে শিখাও, অপরে নিজ নিজ ভাব লইয়া थाकूक। मकनत्कहे अक्राथ याहेर्ड इहेर्दा, अ क्थात रकान अर्थ নাই, ইহাতে বরং ক্ষতিই হইয়া থাকে। স্বতরাং সকলকে এক পথ দিয়া লইয়া যাইবার চেষ্টা একেবারে পরিত্যাগ করা কর্ত্তব্য।

কোটা কোটা নরনারী যে স্তোত্তটি প্রতিদিন পাঠ করেন এবং যাহা আমি অতি বাল্যাবস্থা হইতে খার্ফ্রু করিয়া আসিতেছি, আমি সেই শ্লোকার্দ্ধটি আজ তোমাদের নিকট বলিতেছি, যথা—

শিক্ষাপ্রসঙ্গ

"क्ठीनाः देविष्णामृक्कृष्णिननानाशथक्षाः। नृनात्मत्का शम्यक्षमि शम्मामर्गद हेव॥"

অর্থাৎ হে প্রভো, ভিন্ন ভিন্ন ক্ষতিহেতু সরল ও কুটিল প্রভৃতি নানা পথগামী মানবের, নদীসমূহের সাগরতুল্য, তুমিই একমাত্র গম্যস্থান।

বড় গাছেই বড় বড় লাগে। "কাঠু নেড়ে দিলে বেশী জ্বলে, সাপের মাথায় আঘাত লাগলে তবে দে ফণা ধরে ইত্যাদি।" যথন হৃদয়ের মধ্যে মহা যাতনা উপস্থিত হয়, চারিদিকে তৃংখের বড় উঠে, বোধ হয় যেন এযাত্রা আলো দেখিতে পাইব না, যথন আশা ভরদা প্রায় ছাড়ে ছাড়ে, তথনই এই মহা আধ্যাত্মিক তুর্যোগের মধ্য হইতে অন্তর্নিহিত বন্ধজ্যোতি ক্টুর্তি পায়। ক্ষীর ননী থাইয়া, তুলার উপর শুইয়া, এককোঁটা চক্ষের জল কথনও না ফেলিয়া, কে কবে বড় হইয়াছে, কাহার বন্ধ কবে বিকশিত হুইয়াছেন ?

আমি হয়ত একটি ক্ষুদ্র জলবৃদ্ধুদ, তুমি হয়ত একটি পর্বত-প্রায় তরঙ্গ; হইলই বা। দেই অনন্ত সমুদ্র তোমারও যেমন, আমারও দেইরূপ আশ্রয়। দেই প্রাণ, শক্তি ও আধ্যাত্মিকতার অনন্ত সমুদ্রে তোমারও যেমন আমারও তদ্ধেপ অধিকার। আমার জন্ম হইতেই—আমারও যে জীবন আছে ইহা হইতেই স্পষ্ট প্রতীয়মান হইতেছে যে, পর্বতপ্রায় উচ্চ তোমার ক্যায় আমিও সেই অনন্ত জীবন, অনন্ত শিব ও অনন্ত শক্তির সহিত নিতা সংযুক্ত। অন্তএব হে প্রাতৃগণ, তোমাদের সন্তানগণকে তাহাদের ক্যা হইতেই এই জীবনপ্রদ, মহত্ববিধায়ক, উচ্চ, মহান তত্ব শিক্ষা দিতে আরম্ভ কর।

শিক্ষক ও ছাত্র

শিশুতে অনন্ত শক্তি নিছিত

প্রাচীন পদ্ধা—গুরুগুহে বাস

আমার বিশ্বাস—গুরুর সহিত দাক্ষাৎ সংস্পর্শে আদিয়া গুরুগৃহে বাদেই প্রকৃত শিক্ষা হইয়া থাকে। গুরুর সহিত দাক্ষাৎ সংস্পর্শে না আদিলে কোনরূপ শিক্ষাই হইতে পারে না। আম্টুনের বর্ত্তমান বিজ্ঞালয়গুলির কথাই ধর। পঞ্চাশ বৎসর উহানের প্রতিষ্ঠা হইয়াছে —কিন্তু ফলে কি দাঁড়াইয়াছে ? উহারা একজনও মৌলিকভাবসম্পন্ন

শিক্ষাপ্রসঙ্গ

ব্যক্তি প্রস্ব করে নাই। উহারা কেবলমাত্র পরীক্ষাসভ্যরূপে দণ্ডায়মান বহিয়াছে। সাধারণের কল্যাণের জন্ম আত্মত্যাগের ভাব আমাদের ভিতর এখনও কিছুমাত্র বিকাশপ্রাপ্ত হয় নাই। একজন জলস্ত character-এর (চরিত্রসম্পন্ন ব্যক্তির) কাছে ছেলে-বেলা হইতে থাকা চাই, জলস্ত দৃষ্টাস্ত দেখা চাই। কেবল মিথ্যা কথা বলা বড় পাপ পড়িলে কিছুই হইবে না। Absolute (সম্পূর্ণ নিখঁত) ব্ৰদ্ধচৰ্য্য অভ্যাদ করাইতে হইবে প্রত্যেক ছেলেটিকে; তবে ত শ্রদা বিশাস আসিবে, তাহা না হইলে যাহার শ্রদা বিশাস नारे, तम मिथा। कथा तकन वनित्व ना ? आमारमत रम्हा वित्रकान ত্যাগীলোকের দারাই বিহার প্রচার হইয়াছে। যতদিন ত্যাগীরা বিখাদান করিয়াছেন, ততদিন ভারতের কল্যাণ ছিল। ভারত চির্কাল মাথায় জুতা বহন করিবে যদি ত্যাগী সন্মাসীদের হাতে আবার ভারতকে বিছা শিখাইবার ভার না পড়ে। ছোট ছেলেদের পড়িবার উপযুক্ত একখানাও বই নাই। "ঈশ্বর নিরাকার চৈতন্ত্রস্বরূপ," "তুলাল অতি স্থবোধ বালক"—ইহাতে কোন कांक इटेरव ना। टेटारिं मन्त वहें छान इटेरव ना। तामायन, মহাভারত, উপনিষদ হইতে ছোট ছোট গল্প লইয়া অতি সোলা ভাষায় কতকগুলি বাংলাতে আর কতকগুলি ইংরেজীতে বই লিখা প্রয়োজন। সেইগুলি ছোট ছেলেদের পড়াইতে হইবে। ছেলেগুলি যাহাতে আপনার আপনার হাত, পা, নাক, কান, মুখ, চোখ ন্যাবছার করিয়া নিজের বৃদ্ধি খাটাইয়া নিতে শিখে, এইটুকু করিয়া দিতে হইবে—তাহা হইলেই আথেরে সমস্তই সহজ হইয়া পড়িবে। কিন্তু গোড়ার কথা ধর্ম-ধর্মটা যেন

শিক্ষক ও চাত্ৰ

ভাত আর সবগুলি তরকারি। কেবল শুধু তরকারি থাইলে হয় বদহজম, শুধু ভাতেও তাই। অনেক কতকগুলি কেতাব-পত্র মুখ্য করাইয়া মায়য়য়গুলির মুখ্য বিগড়াইয়া দিতেছে। আমাদের এখন প্রয়োজন দেই প্রাচীনকালের 'গুরুগৃহবাস' ও ভদয়রপ প্রথাসকলের। চাই পাশ্চান্ত্য-বিজ্ঞানের সক্ষে বেদাস্ত, আর মূলয়য় ব্রন্ধচর্যা, শ্রদ্ধা আর আত্মপ্রত্যয়। আর কি জান, ছোট ছেলেদের গাধা পিটিয়া ঘোড়া করা গোছের শিক্ষা দেওরাটা ভূলিয়া দিতে হইবে একেবারে। তোমাদের দেই অভি প্রাচীন সনাতন পত্ম অবলম্বন কর, কারণ তখনকার শাল্পের প্রত্যেক স্বর্গটিই অন্যোঘ। 'দেই প্রাচীনকালের ভাব আনয়ন কর, য়থন জাতীয় শরীরে বীর্ঘা ও জীবন ছিল। তোমরা আবার বীর্ঘাবান হও, দেই প্রাচীন নির্মারিশীর জল আবার প্রাণ ভরিয়া পান কর। ইহা ব্যতীত ভারতের বাঁচিবার আর অন্য উপায় নাই।

তোমাদের মধ্যে যাহারা হার্কার্ট স্পেন্সারের বই পড়িরাছ্
তাহারা মঠ-প্রথায় শিক্ষা (monastery system of education)
কি তাহা জান। ইহা এক সময়ে ইউরোপে প্ররীক্ষিত হইয়াছিল
এবং কোন কোন অঞ্চলে ইহার দারা বেশ স্থফলও হইয়াছিল। এই
প্রথামূলারে একজন পণ্ডিতের অধীনে একটি স্থল থাকে এবং গ্রামের
লোকেরা তাহার থরচ বহন করে। এই পাঠশালাগুলি থুব মোটামুটিভাবে প্রাথমিক শিক্ষা দেয়। আমাদের শিক্ষার ইউপায়গুলি
বড়ই সরল—প্রত্যেক ছাত্রকে বিশ্বার জন্ম একথানি করিয়া ছোট
মাত্রর আনিতে হয়, মার লিখিবার কাগজ হয় প্রথমে তালপাতা,

শিক্ষা প্রসঙ্গ

কারণ তাহাদের পক্ষে কাগ্রের দাম খুব বেশী। প্রত্যেক ছাত্র মাত্র বিছাইয়া বসিয়া নিজের দোয়াত ও পুঁথি বাহির করিয়া লেখা আরম্ভ করে। পাঠশালায় একট্র অন্ধ, একট্-আধট্ট সংস্কৃত ব্যাকরণ এবং সামান্ত ভাষাও শিক্ষা দেয়। ভারতের প্রাচীন শিক্ষাপ্রণালী. যাহা এথনও দেশের অনেক স্থলে প্রচলিত, বিশেষতঃ সন্ন্যাসীদের সংস্প্ত শিক্ষা-- আধুনিক প্রণালী হইতে অনেক পৃথক। সেই শিক্ষা-প্রণালীতে ছাত্রগণকে বেতন দিতে হইত না। তাঁহাদের এই ধারণা ছিল, জ্ঞান এতদুর পবিত্র বস্তু যে, কাহারও উহা বিক্রয় করা উচিত त्कान मृना ना नहेगा ज्वार्थ ख्वान विजत्र कतिराज हहेरव। আচার্যোরা ছাত্রগণকে বিনা বেতনে নিজেদের নিকট রাখিতেন; আর শুধু তাহাই নহে, তাঁহাদের মধ্যে অনেকে ছাত্রগণকে অশন-वमन श्रमान कविराहन। এই मकन बाहार्र्यात वाय-निस्ताहबन्न वछ-लारकता विवाह आकानि वित्यम वित्यम मगरम जाहा निगरक प्रक्रिका দিতেন। বিশেষ বিশেষ দানের অধিকারী বলিয়া তাঁহারা বিবেচিত হইতেন এবং তাহাদিগকে আবার তাঁহাদের ছাত্রগণকে প্রতিপালন করিতে হইত। আগে শিয়েরা 'সমিৎপাণি' হইয়া গুরুর আশ্রমে গমন করিত। গুরু অধিকারী বলিয়া বুঝিলে তাহাকে দীক্ষিত করিয়া বেদপাঠ করাইতেন এবং কায়মনোবাক্যদগুরূপ ব্রতের চিহ্নস্বরূপ ত্রিরাবৃত্ত মৌঞ্জিমেথলা তাহার কোমরে বাঁধিয়া দিতেন।

छाबहे छादबत्र উरम्बरकाती

আমাদিগৈর অভ্যন্তরেই সম্দয় জ্ঞান রহিয়াছে বটে, কিন্তু অপর এক জ্ঞানের ঘারা উহাকে উত্তেঞ্জিত করিতে হইবে। জ্ঞানিবার শক্তি আমাদের ভিতরেই আছে বটে, কিন্তু উহাকে উত্তেঞ্জিত

শিক্ষক ও ছাত্ৰ

করিতে হইবে। আর যোগীরা বলেন, ঐরপে জ্ঞানের উন্মেষ কেবল অপর একটি জ্ঞানের সাহায্যেই সন্থব হইতে পারে। জড়, অচেতন ভূত কথন জ্ঞান বিকাশ করাইতে পারে না—কেবল জ্ঞানের শক্তিতেই জ্ঞানের বিকাশ হইয়া থাকে। আমাদের ভিতরে যে জ্ঞান আছে, তাহার উন্মেষের জন্ম জ্ঞানিগণ সর্বাদাই আমাদের সঙ্গে ছিলেন, স্করাং এই গুরুগণের সর্বাদাই প্রয়োজন ছিল। জগৎ কথনও এই সকল আচায্য-বিরহিত হয় নাই। বর্ত্তমান কালের দার্শনিকগণ যে বলিয়া থাকেন, মান্ত্যের জ্ঞান তাহার আপনার ভিতর হইতে উৎপন্ন হয়, একথা সত্য বটে, সমৃদ্য জ্ঞানই মান্ত্যের ভিতরে রহিয়াছে বটে, কিন্তু ঐ জ্ঞানের উন্মেষের জন্ম তাহার কতকগুলি সহকারী অন্তর্কুল অবস্থার প্রয়োজন। আমরা গুরু ব্যতীত কোন জ্ঞানলাভ করিতে পারি না।

উপযুক্ত হও

খুব কম লোকেই চিন্তার অন্তুত শক্তি বৃঝিতে পারে। যদি কোন ব্যক্তি গুহার বিদ্যা উহার দার অবক্তম করিয়া দিয়া যথার্থ এনটিমাত্রও মহৎ চিন্তা করিয়া মরিতে পারে, দেই চিন্তা দেই গুহার প্রাচীর ভেদ করিয়া সমগ্র আকাশে বিচরগ্ন করিবে, পরিশেষে সমগ্র মানবজাতির হৃদয়ে ঐ ভাব সংক্রামিত হৃইবে। চিন্তার এইরূপ অন্তুত শক্তি। অতএব তোমার ভাব অপরকে দিবার জন্ম বান্ত হৃষ্ট না, প্রথমে দিবার মত কিছু সঞ্চয় কর। তিনিই প্রকৃত শিক্ষা দিতে পারেন, বাঁহার কিছু দিবার আছে; কারণ, শিক্ষাপ্রদান বলিতে কেবল বচন ব্রুষ্ম না, উহা কেবল মতামত ব্রুষ্ম নহে; শিক্ষাপ্রদান অর্থে ব্রুষ্ম ভাব-সঞ্চার। অতএব প্রথমে চরিত্র গঠন

শিকাপ্রসঙ্গ

কর—এইটিই ভোমার প্রথম কর্ত্ব্য। আগে নিজে সভ্য কি ভাহা জান, পরে অনেকে ভোমার নিকট শিখিবে, ভাহারা সব ভোমার নিকট আসিবে। শ্রীরামক্লফদেবের প্রিয় দৃষ্টান্ত ছিল—'ঘখন কমল প্রস্কৃটিত হয়, তখন শ্রমরগণ আপনা আপনিই মধু খুঁজিতে আসিয়া থাকে। এইরপে যখন ভোমার হুংপদ্ম ফুটিবে, তখন শভ শভ লোক ভোমার নিকট শিক্ষা লইতে আসিবে।' এইটি জীবনের এক মহা শিক্ষা। যে ব্যক্তি ভাহার কথাগুলিতে নিজের সন্তা, নিজের জীবন প্রদান করিতে পারেন, ভাহারই কথায় ফল হয়, কিন্তু ভাহার মহাশক্তি-সম্পন্ন হওয়া আবশুক। সর্বপ্রকার শিক্ষার অর্থই আদান-প্রদান—আচার্য্য দিবেন, শিল্প গ্রহণ করিবেন। কিন্তু আচার্য্যের কিছু দিবার বস্তু থাকা চাই, শিয়ের গ্রহণ করিবার জন্ম প্রস্তুত হওয়া চাই।

সহান্মুভূতিসম্পন্ন হও

তিনিই প্রকৃত আচার্য্য, যিনি তাঁহার শিশ্যের প্রবৃত্তি বা ক্রচি
অন্থয়ী নিজের সমস্ত শক্তিটা প্রয়োগ করিতে পারেন। প্রকৃত
সহান্থভূতি ব্যতীত আমরা কথনই ঠিক ঠিক শিক্ষা দিতে পারি না।
কোন ব্যক্তির সহিত তাহার বংশধরের যে সম্বন্ধ; গুরুর সহিত
আমাদেরও ঠিক সেই সম্বন্ধ। যেথানে গুরুশিশ্যের এ সম্বন্ধ নাই,
সেথানে গুরু কেবল বক্তা মাত্র—নিজের প্রাপ্যের দিকেই দৃষ্টি,
আর শিশ্য কেবল গুরুর কথাগুলিতেই মাথা পরিপূর্ণ করেন
ও অবশেক্ষেউভয়েই নিজের নিজের পথ দেখেন।

প্রত্যেক ব্যক্তির অপর ব্যক্তিকে ঈশ্বর বলিয়া চিস্তা করা ও ভাহার সহিত সেইরূপভাবে অর্থাৎ ঈশ্বরের মত ব্যবহার করা উচিত,

শিক্ষক ও ছাত্ৰ

আর তাহাকে কোনমতে বা কোনরপে ঘুণা, নিন্দা বা কোনরপ তাহার অনিষ্টের চেষ্টা করা উচিত নহে। আর ইহা যে শুধু সন্মাদীর কর্ত্তব্য তাহা নহে, সকল নরনারীরই ইহা কর্ত্তব্য। অপরের অধিকারে হাত দিতে যাইও না, আপনার সীমার ভিতর আপনাকে রাথ, তাহা হইলেই সব ঠিক হইয়া যাইবে। উপদেষ্টার কর্ত্তব্য কেবল পথ হইতে বাধাবিদ্বগুলি সরাইয়া দেওয়া। অসদ্গুক্তর নিকট ভ জ্ঞানলাভের কোন সম্ভাবনাই নাই বরং তাঁহার শিক্ষায় বিপদাশক্ষা আছে। অসদ্গুক্তর শিক্ষায় কিছু মন্দ জিনিস শিথিবার আশক্ষা আছে।

জীবন গড়িবার উপায়

কোন ব্যক্তির বিশ্বাস নষ্ট করিও না। যদি পার, ভাহাকে কিছু ভাল জিনিস দাও। যদি পার, মাস্থ যেথানে অবস্থিত আছে, তথা হইতে তাহাকে একটু উপরে ঠেলিয়া দাও। ইহাই কর, কিন্তু তাহার যাহা আছে, তাহা নষ্ট করিও না। কেবল ডিনিই যথার্থ আচার্য্যনামের যোগ্য, যিনি অল্লায়াসেই শিয়্মের অবস্থায় আপনাকে লইয়া যাইতে পারেন—যিনি নিজ আত্মা শিয়্মের আত্মায় সংক্রামিত করিয়া ভাহার চক্ষ্ দিয়া দেখিতে পানু, ভাহার কান দিয়া গুনিতে পান, ভাহার মন দিয়া ব্ঝিতে পারেন। এইরূপ আচার্যাই যথার্থ শিক্ষা দিতে পারেন, অপর কেহ নহে। যাহারা কেবল অপরের ভাব ভাঙ্গিয়া দিবার চেষ্টা করেন, তাহারা কথনই কোন উপকার করিতে পারেন না। সাধারণকে কেবল posity e ideas (সকল বিষয়ে গড়িয়া তুলিবার আদর্শ) দিতে হইবে। Negative thoughts ('নেই নেই' ভাবরাজি) মাহ্যুয়কে নিজীব করিয়া দেয়।

٩

শিক্ষাপ্রসঞ্

দেথ না, যে সকল মা বাবা ছেলেদের দিনরাত লেখাপডার জন্ম তাড়া দেয়-বলে, 'এটার কিছু হবে না', 'বোকা গাধা',-তাদের ছেলেওলি অনেকস্থলে তাহাই হইয়া দাঁড়ায়। ছেলেদের ভাল বলিলে, উৎসাহ দিলে, সময়ে নিশ্চয় ভাল হয়। ছেলেদের পক্ষে যাহা নিয়ম, children in the region of higher thoughts (ভাবরাজ্যের উচ্চ অধিকারের তুলনায় যাহারা এরপ শিশুদের মত তাহাদের) দম্বন্ধেও তাই। Positive idea (জীবন গড়িবার ভাব) দিতে পারিলে সাধারণে মাত্র্য হইয়া উঠিবে ও নিজের পায়ে দাঁড়াইতে শিথিবে। ভাষা, সাহিত্য, দর্শন, কবিতা, শিল্প সকল বিষয়ে যে সব চিস্তা ও চেষ্টা মাত্রয় করিতেছে. তাহাতে ভুল না দেখাইয়া ঐসব বিষয় কেমন করিয়া ক্রমে ক্রমে আরও ভাল রকমে করিতে পারে তাহাই বলিয়া দিতে হইবে। ভ্রমপ্রমাদ দেখাইলে মামুষের feelings wounded (মনে আঘাত (तश्या) इम्र। ठाकुत्रक (त्रिमाण्डि—याशात्र आमता द्रम मत्न করিতাম, তাহাদেরও তিনি উৎসাহ দিয়া জীবনের মতিগতি ফিরাইয়া দিতেন। তাঁহার শিক্ষা দেওয়ার রকমই ছিল একটা অন্তত ব্যাপার। ুযাহার দোষ তাহাকেই বুঝাইয়া বলা ভাল, আর তাহার গুণ দিয়া ঢাক বাজানই উচিত। ঠাকুর বলিতেন যে, यम लाकरक जान जान कतिरन रम जान शहेशा यात्र ; जात जान लाकरक मन्म मन्म कतिरल रम मन्म इहेशा यात्र। मरन कत, अथारन অনেক দেৱৰ আছে, কেবল গালাগালি দিলে किছুই হইবে না; কিন্তু মূল কারণের অহুসন্ধান করিতে হইবে। প্রথমে ঐ দোষের হেতু কি নির্ণয় কর, তাহার পর উহা দূর কর, তাহা হইলে উহার

শিক্ষক ও চাত্ৰ

ফলস্বরূপ দোষ আপনিই চলিয়া যাইবে। চীৎকারে কোন ফল হইবে না। তাহাতে বরং অনিষ্টই আনয়ন করিবে।

প্রকৃতি অনুযায়ী শিক্ষা

স্থতরাং মামুষ যেন নিজ নিজ প্রকৃতির অমুসরণ করে। আর a যদি সে এমন গুরু পায়, যিনি ভাহার ভাবামুঘায়ী এবং সেই ভাবের পুষ্টিবিধায়ক উপদেশ দেন, তবেই সে উন্নতি করিতে সমর্থ হইবে। তাঁহাকে সেই ভাবের বিকাশসাধন করিতে হইবে। স্বতরাং শিয়ের প্রয়োজনামুযায়ী উপদেশও বিভিন্নরূপ হওয়া দরকার। অতীত বহু বহু জন্মের ফলে যাহার যেমন সংস্কার গঠিত হইয়াছে. তাহাকে তদক্ষায়ী উপদেশ দাও। যে যেথানে আছে, তাহাকে সেইখান হইতে ঠেলিয়া তুলিয়া দাও। অপরের প্রবৃত্তি উল্টাইয়া দিবার নামটি পর্যান্ত করিও না, তাহাতে গুরু এবং শিশু উভয়েরই ক্ষতি হইয়া থাকে। যথন তুমি জ্ঞান শিক্ষা দাও, তথন তোমাকে জ্ঞানী হইতে হইবে, আর শিশু থে অবস্থায় রহিয়াছে, তোমাকে মনে মনে ঠিক দেই অবস্থায় অবস্থিত হইতে হইবে। কাহারও কল্যাণ করিতে পার, এ ধারণা ছাডিয়া দাও। তবে যেমন বীজকে জল, মৃত্তিকা, বায়ু প্রভৃতি তাহার বৃদ্ধির প্রয়োজনীয় জিনিসগুলি যোগাইয়া দিলে উহা নিজ প্রকৃতির নিয়মামুষায়ী যাহা কিছু অবশুক গ্রহণ করে ও স্বভাবামুযায়ী বাড়িতে থাকে, তুমি সেইভাবে অপরের কল্যাণ সাধন করিতে পার। যথনই দেথ যে, অপরের কথা হইতে কোন জিনিস শিথিতেছ, জানিও যে পূর্বজন্ম "জেমার সেই বিষয় সম্বন্ধে অভিজ্ঞতা হইয়াছিল; কারণ অভিজ্ঞতাই আমাদের একমাত্র শিক্ষক।

সেবা

অতি শৈশবাবস্থা হইতেই তোমাদের সম্ভানগণ তেজমী হউক, তাহাদিগকে কোনরূপ হর্জনতা, কোনরূপ বাহাযুষ্ঠান শিক্ষা দিবার প্রয়োজন নাই। তাহারা তেজমী হউক, নিজের পায়ে নিজেরা দাঁড়াক—সাহসী সর্বজ্যী সর্বাংসহ হউক। এই সকল গুণসম্পন্ন হইতে হইলে তাহাদিগকে প্রথমে আত্মার মহিমা সম্বন্ধে শিক্ষা দিতে হইবে।

দকল ব্যক্তিকেই তাহার আভ্যন্তর ব্রহ্মতত্ত্ব সম্বন্ধে শিক্ষা দাও। প্রত্যেকে নিজেই নিজের মৃক্তিসাধন করিবে। উন্নতির জন্ম প্রথম প্রয়োজন—স্বাধীনতা। যদি তোমাদের মধ্যে কেই একথা বলিতে সাহসী হয় যে, আমি অমৃক রমণী বা অমৃক ছেলেটির মৃক্তি দিয়া দিব, তবে উহা অতি অন্থায় কথা, অত্যন্ত ভূল কথা বলিতে হইবে। সরিয়া দাঁড়াও! উহারা আপনাদের সমস্থা আপনারাই পূর্ণ করিবে। তুমি কে যে, তুমি আপনাকে সর্বন্ধজ্ঞ মনে করিয়া লাইয়াছ? তোমরা থোলার উপর থোদকারি করিতে সাহদ কর কিসে? তোমরা থোলার উপর থোদকারি করিতে সাহদ কর কিসে? তোমরা কি জান না, সকল আত্মাই পরমাত্মান্থরূপ? অতএব প্রত্যেক নরনারীকে, দকলকেই ঈশ্বর্দৃষ্টিতে দেখিতে থাক। তুমি কাহাকেও সাহায্য করিতে পার না, তুমি কেবল সেবা করিতে পার। যদি প্রভুর অত্থাহে তাঁহার কোন সন্তানের সেবা করিছে পার, তবে তুমি ধন্ম হইবে। নিজেকে একটা কেই বিষ্টু ভাবিও না। তুমি ধন্ম যে, তুমি সেবা করিবার অধিকার পাইযাছ, অপরে পায় নাই।

শিক্ষক ও ছাত্ৰ

ওঁ সহনাববতু। সহ নৌ তুনজু। সহবীর্য্যং করবাবহৈ॥
তেজ্বস্থানাবধীতমক্ষ মা বিশ্বিধাবহৈ॥

— আমরা যাহা অধ্যয়ন করিলাম, তাহা যেন আমাদের দর্বপ্রকার বিদ্ব হইতে রক্ষা করে এবং উভয়ের পুষ্টিবিধান করে; উহা দারা আমাদের বীর্যা উৎপন্ন হউক। আমাদের অধীত বিভা জ্ঞানরূপ শক্তিপ্রদানে দমর্থ হউক। আমরা—আচাধ্য ও শিশ্ব—থেন কথনও পরশ্পরকে বিদ্বেষ না করি। অবরোধ-প্রথার দারা রমণীগণেক কথন কি রক্ষা করা যার ? সংশিক্ষা ও দেবভন্তি-প্রভাবেই তাঁহারা স্থরক্ষিত হন। —জীরামকৃষ্ণ

ন্ত্ৰী-শিক্ষা

প্রয়োজনীয়তা

আমাদের দেশের মেয়েদের লেখাপড়া শিথিবার কিছুমাত্র চেষ্টা দেখা যায় না। তোমরা লেখাপড়া শিথিয়া মানুষ হইতেছ, কিন্তু যাহারা তোমাদের স্থপতঃথের ভাগী--- দকল দময়ে প্রাণ দিয়া দেবা করে, তাহাদিগকে শিক্ষা দিতে, তাহাদিগকে উন্নত করিতে তোমরা কি করিতেছ? তোমাদের ধর্মামুশাসনে, তোমাদের দেশের রীতিনীতি অনুযায়ী কোথায় কভটা স্থল হইয়াছে ৷ দৈশের পুরুষদের মধ্যেই তেমন শিক্ষার বিস্তার নাই, তা আবার মেয়েদের ভিতর। গভর্ণমেন্টের সংখ্যাস্থচক তালিকায় (statistics) দেখা যায়, ভারতবর্ষে শতকরা ১০৷১২ জন মাত্র শিক্ষিত, বোধ হয় মেয়েদের মধ্যে শতকরা একজনও হইবে না। এইরপ না হইলে कि त्रान्य अपन कृष्मा इस ? निकात विखात, खात्नत छत्त्रय-এইদব না হইলে দেশের উন্নতি কি করিয়া হইবে ? তোমরা দেশে বে কয়জন লেখাপড়া শিখিয়াছ—দেশের ভাবী আশার স্থল—সেই কয়জনের ভিতরেও ঐ বিষয়ে কোন চেষ্টা, উত্তম দেখিতে পাই না। কিন্তু জানিও, সাধারণের ভিতর আর মেয়েদের ভিতর শিক্ষাবিস্তার ना श्टेरल किছ्र हे हरेवात छे भाग्न नाहे। विভिन्न गूर्ण दय व्यानक

স্ত্রী-শিক্ষা

অদভ্য জাতি ভারত আক্রমণ করিয়াছিল, প্রধানতঃ তাহার জন্মই ভারতমহিলা এত অমুন্নত। কতকটা ভারতবাদীর নিজের দোষ। দেই শত শত যুগবাাপী মানদিক, দৈহিক ও নৈতিক অত্যাচারের কথা, যাহাতে ভগবানের প্রতিমাম্বরূপ মাম্বকে ভারবাহী গর্দভে এবং ভগবতীর প্রতিমার্ক্রপা রমণীকে সন্তান উৎপাদন করিবার দাসীস্বরূপ করিয়া ফেলিয়াছে এবং জীবনকে বিষময় করিয়া তুলিয়াছে, তাহার কথা তাহাদের স্বপ্নেও মনেও উদয় হয় না।

আমাদের ধর্ম জী-শিক্ষা সম্বন্ধে মোটেই বাধা দেয় না।
"কন্তাপ্যেবং ° পালনীয়া শিক্ষণীয়াতিযত্নতঃ"—ঠিক এইভাবে
বালিকাদেরও পালিত এবং শিক্ষিত হওয়া উচিত। প্রাচীন
পুঁথিতে পাওয়া ষায়, পূর্বে বালক এবং বালিকা উভয়েরই শিক্ষার
ব্যবস্থা ছিল। কিন্তু পরবর্তীকালে সমস্ত জাতির শিক্ষা উপেক্ষিত
হইয়াছিল।

আবেরিকার মহিলা

আমেরিকা একটি অভুত দেশ। দরিত্র ও স্ত্রী-জাতির পক্ষে ঐ দেশ নন্দনকাননম্বরূপ। সেই দেশে দরিত্র একরূপ নাই বলিলেই চলে এবং অন্ত কোথাও মেয়েরা ঐ দেশের মেয়েদের মত স্বাধীন, শিক্ষিত ও উন্নত নহে। ইহাদের রমণীগণ সকল স্থানের রমণীগণ অপেক্ষা উন্নত; আবার সাধারণতঃ আমেরিকান নারী আমেরিকান পুরুষ অপেক্ষা অধিক শিক্ষিত ও উন্নত। মহিলাগণ সম্দ্র জাতীয় উন্নতির প্রতিনিধিম্বরূপ। পুরুষের কর্মের্য অভিশয় ব্যস্ত বলিয়া শিক্ষায় তত মনোযোগ দিতে পারে না। মহিলাগণ প্রত্যেক বড় বড় কার্য্যের জীবনম্বরূপ। সংপুরুষ আমাদের

(मर्गं क्यानक, किन्छ मिट्टे (मर्गंत स्प्रांस्त्र मक स्परंग राष्ट्रे কম। "যা শ্রী: স্বয়ং স্থক্তিনাং ভবনেমু"^১—যে দেবী স্থক্তি পুরুষের গৃহে স্বয়ং শ্রীরূপে বিরাজমানা—একথা বড়ই সভ্য। তুষার যেমন ধবল, তেমনি হাজার হাজার মেয়ে দেখিয়াছি। সকল কাজ ভাহারাই করে। স্কুল, কলেজ মেয়েতে ভরা: आमारमञ পোড़ा म्हा त्यारामञ्ज १४ हिनवात छे । আর ভাহাদের মেয়েরা কি পবিত্র। ২৫ বৎসর ৩০ বৎসরের কম কাহারও বিবাহ হয় না। আর আকাশের পক্ষীর ন্যায় স্বাধীন। বাজারহাট, রোজগার, দোকান, কলেজ, প্রফেদর---সব কাজ করে, অথচ কি পবিত্র। আর ওদের কত দয়া। যাহাদের পয়সা আছে, ভাহার। দিনরাত গ্রিবদের উপকারে ব্যস্ত। "যত্র নার্যাম্ব পূজাম্বে বমন্তে তত্ত্র দেবতাং" (ষেখানে স্ত্রীলোকেরা পূজিতা হন, দেবতারাও তথায় আনন্দ করেন)—বুদ্ধ মন্থ বলিয়াছেন। আর আমরা কি করি? আমার মেয়ে ১১ বংশরে বিবাহ না হইলে থারাপ হইয়া যাইবে ! আমরা কি মানুষ ? আমরা মহাপাপী; স্ত্রীলোককে ঘুণ্য কীট, নরকমার্গ ইত্যাদি বলিয়া বলিয়া অধোগতি হইয়াছে। প্রভু বলিয়াছেন, "তং স্ত্রী তং পুমানদি তং কুমার উত বা কুমারী" ২ (তুমিই স্ত্রী, তুমিই পুরুষ, তুমিই বালক ও তুমিই বালিকা) ইত্যাদি। আর আমরা या। । मृह तिनशाहिन, हिलामत (यमन ७० वरमत পर्धास्त

> 18-16-d c

২ বেতাবতর উপনিষদ্

ন্ত্ৰী-শিক্ষা

ব্রহ্মচর্য্য করিয়া বিছাশিক্ষা হইবে, তেমনই মেয়েদেরও করিতে হইবে। কিন্তু আমরা কি করিতেছি? তোমাদের মেয়েদের উন্নতি করিতে পার? তবে আশা আছে; নতুবা পশুজন্ম ঘুচিবে না। তাহারা রূপে লক্ষ্মী, গুণে সরস্বতী—সাক্ষাৎ জগদম্বা; তাহাদৈর পূজা করিলে সর্বাসিদ্ধি লাভ হয়। এই রকম মা জগদম্বা যদি ১০০০ হাজার আমাদের দেশে তৈয়ার করিয়া মরিতে পারি, তবে নিশ্চিপ্ত হইয়া মরিব। তবে তোমাদের দেশের লোক মাহ্য হইবে।

শাক্ত শব্দের অর্থ জান ? শাক্ত মানে মদভাঙ্গ নয়, শাক্ত মানে যিনি ঈশ্বরকে সমস্ত জগতে বিরাজিত মহাশক্তি বলিয়া জানেন এবং সমগ্র স্ত্রী-জাতিতে সেই মহাশক্তির বিকাশ দেখেন। আমেরিকানরা তাহাই দেখে; এবং মন্থ মহারাজ বলিয়াছেন— যেখানে স্ত্রীলোকেরা স্থ্যী, সেই পরিবারের উপর ঈশ্বরের মহাক্রণা। তাহারা তাহাই করে। আর তাহারা দেইজ্ল স্থ্যী, বিদ্বান, স্বাধীন, উত্যোগী। আর আমরা স্ত্রীলোককে নাচ, অধ্ম, মহা-হেয়, অপবিত্র বলি। তাহার ফল—আমরা পশু, দাস, উত্যমহীন, দরিজ।

বৈদিক যুগ ও বৰ্ত্তমান

এ দেশে পুরুষ ও মেয়েতে এতটা তফাং কেন করিয়াছে তাহা ব্ঝা কঠিন। বেদান্তশান্তে ত বলে, একই চিংসভা সর্বভূতে বিরাজ করেন। তোমরা মেয়েদের নিন্দাই কর; কিন্তু তাহাদের উন্নতির জন্ম কি করিয়াছ বল দেখি? স্মৃতি-ফৃতি লিখিয়া, নিয়ম-নীতিতে বদ্ধ করিয়া এদেশের পুরুষেরা মেয়েদের একেবারে

পুত্র-উৎপাদনের যন্ত্র-মাত্র করিয়া তুলিয়াছে। মহামায়ার সাক্ষাৎ প্রতিমা এই দকল মেয়েদের না তুলিলে বুঝি তোমাদের আর উপায়ান্তর আছে ? ভারতের অধঃপতন হইল, ভট্টাচার্য্য-ব্রাহ্মণেরা বান্ধণেতর জাতিকে যথন বেদপাঠের অনধিকারী বলিয়া নির্দ্দেশ क्तिरनन. त्मरे ममार त्मरशास्त्र मकन व्यक्षिकात काष्ट्रिया नर्धरनन । नजुवा विनिक युर्ग, छेनियरनत युर्ग रनिथरक नाहरव रिमर्खियो, গার্গী প্রভৃতি প্রাতঃশ্বরণীয়া স্ত্রীলোকেরা ব্রহ্ম-বিচারে ঋষিস্থানীয়া হইয়া রহিয়াছেন। হাজার বেদজ্ঞ-ব্রাহ্মণের সভায় গার্গী সগর্বের যাজ্ঞবন্ধাকে ব্রহ্ম-বিচারে আহ্বান করিয়াছিলেন। এইসব আদর্শস্থানীয়া মেয়েদের যথন অধ্যাত্মজ্ঞানে অধিকার ছিল, তথন এখনই বা মেয়েদের সে অধিকার থাকিবে না কেন? একবার যাহা ঘটিয়াছে তাহা আবার অবশ্য ঘটিতে পারে, ঘটনাসমূহের পুনরাবৃত্তি ইতিহাসপ্রসিদ্ধ। যাজ্ঞবন্ধ্যকে জনকরাজার সভায় কিরুপ প্রান্ন করা হইয়াছিল, তাহা স্মরণ আছে ত ? তাঁহার প্রধান প্রশ্নকর্তা ছিলেন বাকপটু কুমারী বাচক্রবী—তথনকার দিনে এরপ মহিলাদিগকে ব্ৰহ্মবাদিনী বলা হইত। তিনি বলিয়াছিলেন, 'আমার এই প্রশ্নদ্বর দক্ষ ধকুষ্কের হস্তস্থিত তুইটি শাণিত তীরের ক্যায়; এইস্থলে তাঁহার নারীত্ব সম্বন্ধে কোনরূপ প্রসঙ্গ পর্যান্ত তোলা हम नाहे। आत आमारमय প्राচीन आवना निकालियमण्य বালকবালিকার সমানাধিকার ছিল, তদপেকা অধিকতর সম্যভাব আর কি ্ইতৈ পারে ? আমাদের সংস্কৃত নাটকগুলি পড়-শকুস্তলার উপাখ্যান পড়, তারপর দেখ—টেনিসনের 'প্রিন্সেদ' হইতে আর আমাদের নৃতন কিছু শিখিবার আছে কিনা।

জাভির জীবনের মানদণ্ড-নিরূপণ

ভালমন্দ সকল স্থলেই আছে। আমেরিকায় কতণত স্থানর পারিবারিক জীবন আমি দৃষ্টিগোচর করিয়াছি, কতশত জননী দেখিয়াছি যাঁহাদের নির্মাল চরিত্তের, যাঁহাদের নিঃস্বার্থ অপত্য-স্নৈহের বর্ণনা করিবার ভাষা নাই, কতশত কলা ও কুমারী দেখিয়াছি যাহারা 'ভায়নাদেবীর ললাটস্থ তুষার-কণিকার ভায় নির্মাল', আবার বিলক্ষণ শিক্ষিতা এবং সর্ববিধ মানসিক ও আধ্যাত্মিক উন্নতিসম্পন্ন। কিন্তু যাহাদিগকে আমরা অসৎ নামে অভিহিত করি, জাতির দেই অপগণ্ডগুলির দারা তৎসম্বন্ধে ধারণা করিলে চলিবে না, কারণ উহারা ত আগাছার মত পশ্চাতে পডিয়া থাকে: যাহা সং. উদার ও পবিত্র, তাহা দারাই জাতির জীবনের নির্মাল ও সতেজ প্রবাহ নিরূপিত হইয়া থাকে। একটি আপেল গাছ ও তাহার ফলের গুণাগুণ বিচার করিতে হইলে, যে সকল অপক, অপরিণত, কীটদষ্ট ফল মাটিতে ইতস্ততঃ-বিক্ষিপ্ত অবস্থায় পড়িয়া থাকে—তাহাদের সংখ্যা অধিক হইলেও তুমি কি ভাহাদের সাহায়ো বিচার কর ? যদি একটি স্থপক ও পরিপুষ্ট ফল পাওয়া যায় তবে সেই একটি, দারাই ঐ আপেল গাছের শক্তি, সম্ভাবনা ও উদ্দেশ্য অনুমিত হয়—যেগব শত শত ফল অপরিণত, তাহাদের দ্বারা নহে।

প্রত্যেক জাতির এক একটা নৈতিক জীবনোদ্যে আছে, সেইখানটা হইতে সেই জাতির রীতিনীতি বিচার কাঁট্টিতে হইবে। তাহাদের চোখে তাহাদের দেখিতে হইবে। আমাদের চোখে ইহাদের দেখা, অথবা ইহাদের চোথে আমাদের দেখা—এই তুটিই

ভূল। সম্মুথে বিচিত্র যান, বিচিত্র পান, স্থসজ্জিত ভোজন, বিচিত্র পরিচ্ছদে লজ্জাহীনা বিছ্যী নারীকুল, নৃতন ভাব, নৃতন ভঙ্গা, অপূর্ব্ব বাদনার উদয় করিতেছে; আবার মধ্যে মধ্যে দে দৃষ্ঠ অন্তর্হিত হইয়া বত, উপবাদ, সীতা, দাবিত্রী, তপোবন, জটাবন্ধল, কাষায়, কৌপীন, সমাধি, আত্মাহ্মমন্ধান উপস্থিত হইতেছে। আমি জাতির ত্ইটি দিকই দেখিয়াছি, আর আমি জানি, যে জাতি সীতা-চরিত্র প্রদাব করিয়াছে, ঐ চরিত্র যদি কেবল কাল্পনিকও হয়, তাহা হইলেও স্বীকার করিতে হইবে, নারী জাতির উপর দেই জাতির যেরপ শ্রদ্ধা, জগতে তাহার তুলনা নাই।

আদর্শ- সীতাচরিত্র

ভারতীয় রমণীগণের যেরপ হওয়া উচিত, দীতা তাহার আদর্শ; রমণীচরিত্রের যতপ্রকার ভারতীয় আদর্শ আছে, দবই এক দীতাচরিত্রেরই আশ্রিভ; আর দমগ্র আর্যাবর্জভূমিতে এই দহন্দ্র দহন্দ্র বর্ষ ধরিয়া তিনি এখানকার আবালবৃদ্ধবনিতার পূজা পাইয়া আদিতেছেন। মহামহিমময়ী দীতা স্বয়ং শুদ্ধ হইতেও শুদ্ধতরা, দহিষ্ণুতার চূড়ান্ত আদর্শ দীতা চিরকালই এইরপ পূজা পাইবেন। যিনি বিন্দুমাত্র বিরক্তি প্রদর্শন না করিয়া দেই মহাত্বংথের জীবন যাপন করিয়াছিলেন, দেই নিত্যসাধনী নিত্যবিশুদ্ধস্থভাবা আদর্শপত্নী দীতা, দেই নরলোকের, এমন কি, দেবলোকের পর্যান্ত আদর্শীভূতা মহনীয়-চরিত্রা দীতা চিরদিনই আমাদের জাতীয় দেবতারপেশ্বপ্রমান থাকিবেন। আমরা দকলেই তাহার চরিত্র বিশেষরপে জানি, স্তরাং উহার বিশেষ বর্ণনার আবশ্রক করে না। আমাদের দব পূরাণ নই হইয়া যাইতে পারে, এমন কি আমাদের

ন্ত্ৰী-পিক্ষা

বেদ পর্যন্ত লোপ পাইতে পারে, আমাদের সংস্কৃতভাষা পর্যন্ত চিরদিনের জন্ম কালস্রোতে বিলুপ্ত হইতে পারে, কিন্তু আমার বাক্য অবহিত হইয়া শ্রবণ কর, য়তদিন পর্যন্ত ভারতে অতিশয় গ্রামা-ভাষাভাষী পাঁচজন হিন্দুও থাকিবে, ততদিন পর্যন্ত দীতার উপাবীন থাকিবে। দীতা আমাদের জাতির মজ্জায় মজ্জায় প্রবিষ্ট হইয়াছেন, প্রত্যেক হিন্দু নরনারীর শোণিতে দীতা বিরাজমানা'। আমরা দকলেই দীতার দস্তান। আমাদের নারীগণকে আধুনিকভাবে গঠিত করিবার য়ে দকল চেটা হইতেছে, যদি দে দকল চেটার মধ্যে তাহাদিগকে দীতাচরিত্রের আদর্শ হইতে ভ্রষ্ট করিবার চেটা থাকে, তবে দেগুলি বিফল হইবে। আর প্রত্যাহই ইহার দৃষ্টান্ত দেখিতেছি, ভারতায় নারীগণকে দীতার পদাঙ্ক অন্ত্যরণ করিয়া আপনাদের উন্নতিবিধানের চেটা করিতে হইবে। ইহাই ভারতীয় নারীর উন্নতির একমাত্র পথ।

ভারতের বালকবালিকাগণ, বিশেষতঃ বালিকা মাত্রেই দীতার পূজা করিয়া থাকে। ভারতীয় রমণীগণের সর্ব্বাপেক্ষা উচ্চ আকাজ্জা— পরমবিশুদ্ধস্থভাবা, পতিপরায়ণা, সর্ব্বংসহা দীতার স্থায় হওয়া। সমগ্র ভারতবাদীর সমক্ষে দীতা যেন সহিষ্ণুতার উচ্চতম আদর্শরূপে বর্ত্তমান রহিয়াছেন। দীতা যেন ভারতীয় ভাবের প্রতিনিধিশ্বরূপা, যেন মৃত্তিমতী ভারতমাতা। দীতাচরিত্রের আদর্শ যেমন সমগ্র ভারতকে আচ্ছন্ন করিয়া ফেলিয়াচে, যেমন সমগ্র জাতির জীবনে, সমগ্র জাতির অস্থিমজ্জায় প্রাইন্ট করিয়াছে, যেমন উহা প্রত্যেক শোণিতবিন্দুতে পর্যান্ত প্রবাহিত হইয়াছে, অক্স কোন পৌরাণিক উপাথ্যান তেমন করে নাই। দীতা নামটিও

ভারতে যাহা কিছু গুভ, যাহা কিছু বিগুদ্ধ, যাহা কিছু পুণ্যময়, তাহারই পরিচায়ক। নারীগণের মধ্যে আমরা যে ভারকে নারীজনোচিত বলিয়া শ্রদ্ধা ও আদর করিয়া থাাক, দীতা বলিতে তাহাই ব্রাইয়া থাকে। দীতার কথা কি বলিব! ভোমরা জগতের প্রাচীন সাহিত্য সমগ্র অধ্যয়ন করিয়া নিংশেষ ফারিতে পার, আর আমি তোমাদিগকে নিঃসংশয়ে বলিতে পারি যে, জগতের ভাবী সাহিত্যসমূহও নিংশেষ করিতে পার, কিছু আর একটি দীতা-চরিত্র বাহির করিতে পারিবে না। দীতা-চরিত্র অদাধারণ; ঐ চরিত্র ঐ একবার মাত্রই চিত্রিত হইয়াছে। আর ক্থনও হয় নাই, ইবেও না।

প্রকৃত শক্তিপুজা

আমাদের দেশ দকল দেশের অধম কেন, শক্তিহীন কেন?—
এথানে শক্তির অবমাননা বলিয়া। শক্তির কুপা না হইলে কিছুই
হইবে না। আমেরিকা, ইউরোপে কি দেখিয়াছি?—শক্তির পূজা,
শক্তির পূজা; তব্ ইহারা না জানিয়া পূজা করে, কামের দ্বারা
করে। আর যাহারা বিশুদ্ধভাবে, সাত্বিকভাবে, মাতৃভাবে পূজা
করিবে, তাহাদের কি কল্যাণ না হইবে? আমরা পাশ্চান্ত্য দেশে
যে নারীপূজার কথা শুনিয়া থাকি, সাধারণতঃ উহা নারীর সৌন্দর্য্য
ও যৌবনের পূজা। প্রীরামকৃষ্ণ কিন্তু নারীপূজা বলিতে ব্রিতেন,
সকল নারী সেই আনন্দময়ী মা ব্যতীত কিছুই নহেন—তাঁহারই
পূজা। স্কর্মদ্দ নিজে দেখিয়াছি—সমাজ যাহাদিগকে স্পর্ণ করিবে
না, তিনি এইরূপ স্তীলোকদের সমূধে করজোড়ে দাঁড়াইয়া
রহিয়াছেন, শেষে কাঁদিতে কাঁদিতে তাহার পদতলে পতিত হইয়া

ন্ত্ৰী-শিক্ষা

অর্ধবাহ্য অবস্থায় বলিতেছেন, "মা, একরূপে তুমি রান্ডায় দাঁড়াইয়া রহিয়াছ, আর একরূপে তুমি সমগ্র জগৎ হইয়াছ। আমি তোমাকে প্রণাম করি।" ভাবিয়া দেখ, দেই জীবন কিরপ ধন্ত, যাহা হইতে সর্ব্বিধ পশুভাব চলিয়া দিয়াছৈ, যিনি প্রত্যেক রমণীকে ভক্তিভাবে দর্শন করিতেছেন, যাহার নিকট সকল নারীর মুখ অন্ত আকার ধারণ করিয়াছে, কেবল সেই আনন্দময়ী জগদ্ধাত্তীর মুখ তাহাতে প্রতিবিম্বিত হইতেছে। ইহাই আমাদের প্রয়োজন। মেয়েদের পূজা করিয়াই সব জাতি বড় হইয়াছে। যে দেশে, যে জাতিতে মেয়েদের পূজা নাই, দে দেশ, সে জাতি কথন বড় হইতে পারে নাই, কম্মিন্কালে পারিবেও না। তোমাদের জাতির যে এত অধঃপতন ঘটিয়াছে, ভাহার প্রধান কারণ এই সব শক্তিমূর্ত্তির অবমাননা করা।

জন্মগত শুভাশুভ সংস্থার

মাকে কেন এত শ্রহ্মাভক্তি করিব ? কারণ— আমাদের শাস্ত্র বলে জন্মগত গুভাগুভ সংস্কারই শিশুর জীবনে ভালমন্দের প্রভাব বিস্তার করে। শত সহস্র কলেজেই যাও, লক্ষ লক্ষ বই-ই পড়, আর জগতের বড় বড় পণ্ডিতের সঙ্গেই মিশ, পরিণামে দেখিবে যে. জন্মগত গুভ-সংস্কারই তোমার সাফল্যের যথার্থ কারণ। জন্ম হইতে তোমার সদসৎ অদৃষ্ট নির্দিষ্ট হইয়া রহিয়াছে—জন্ম হইতেই শিশু হয় দেব, না হয় দানব—ইহাই শাস্ত্রের মর্ম্ম। শিক্ষা এবং অপরাপর জিনিস সব পরে আসে এবং ভাহাদের প্রভাব অতি সামান্ত। তুমি যেমন জন্ম পাইয়াছ, তেমনি থাকিবেঁ। থারাপ স্বাস্থ্য লইয়া জন্মিয়াছ, এখন সমগ্র ঔষধালয় সেবন করিলেই

কি তুমি সারাজীবনের স্বাস্থ্য ফিরিয়া পাইবে? তুর্বল, রুগ্ন, দৃষিতরক্ত পিতামাতা হইতে স্কৃত্ত, সবল কয়জন সস্তান জন্মাইতে পারে? বল — কয়জন? — একটিও নয়। সৎ বা অসৎ প্রবৃত্তির প্রবল সংস্কার লইয়া আমরা জগতে আদি। জন্ম হইতেই আমরা দেব বা দানব। আমাদের জীবনের উপর শিক্ষা বা অহা কিছুর প্রভাব প্রকৃতপক্ষে অতি সামান্ত। শাস্তের বিধান—জন্মের প্রাক্কালীন প্রভাবসমূহকে নিয়ন্ত্রিত করিতে হইবে। মাকে পূজা করিব কেন? কারণ তিনি পবিত্রা। কঠোর তপংক্রেশ সহু করিয়া তিনি নিজেকে পুণাস্বরূপিণী করিয়াছেন।

ব্ৰহ্মচৰ্য্য-আদৰ্শ

জাতির জীবনে পূর্ণ ব্রহ্মচর্যোর আদর্শ প্রতিষ্ঠিত করিতে হইলে, প্রথম বৈবাহিক সম্বন্ধকে পবিত্র ও বিচ্ছেদহীন করিতে হইবে এবং তাহারই দাহায্যে মাতৃপুজার উৎকর্ষ-দাধন করিতে হইবে । রোমান-ক্যাথলিক ও হিন্দুগণ বিবাহকে পবিত্র ও অবিচ্ছেত্য করিয়া বহু শক্তিশালী স্ত্রী-পুরুষের স্পষ্ট করিয়াছেন। আরবদের দৃষ্টিতে বিবাহ একটা চুক্তি, একটা বলপূর্ব্বক অধিকার মাত্র—উহা ইচ্ছামত ভাঙ্গিয়া দেওয়া যাইতে পারে। স্থতরাং আমরা তাহাদের মধ্যে ব্রহ্মচারী ও ব্রন্ধারিণীর আদর্শ পাই না। বৌদ্ধর্ম্ম এমন কতকগুলি জ্ঞাতির মধ্যে পড়িয়াছে, যাহাদের সমাজে এখনও বিবাহপ্রথার অভিযক্তি হয় নাই, স্থতরাং এসব দেশে বৌদ্ধর্ম্মের নামে দল্লাদের প্রহ্মন চঙ্গিঞ্জিতছে। তোমাদের যেমন ধারণা যে ব্রহ্মচর্যাই জীবনের পরম গৌরব, আমারও তেমনি এই একটি বিষয়ে চোথ খুলিয়া গিয়াছে যে, এইরপ শক্তিশালী আকুমার ব্রহ্মচারী ব্রহ্মচারিণীর সৃষ্টির

স্ত্রী-শিক্ষা

জন্ম সর্ক্রমাধারণের বৈবাহিক জীবনকে পুণ্যময় করিয়া ভোলা আবশুক। এদেশে প্রভাকে বালিকাকে সাবিত্রীর ন্থায় সভী হইতে শিক্ষা দেওয়া ইইয়া থাকে—মৃত্যুও তাঁহার প্রেমের নিকট পরাভূত হইয়াছিল। তিনি ঐকাস্তিক প্রেম-বলে মমের নিকট হইতেও নিজ স্বামীর আত্মাকে ফিরাইয়া লইতে সক্ষম হইয়াছিলেন। এ সীতা-সাবিত্রীর দেশ, পুণ্যক্ষেত্র ভারতে এখনও মেয়েদের যেমন চরিত্র, সেবাভাব, স্বেহ, দয়া, তৃষ্টি ও ভক্তি দেখা যায়, পৃথিবীর কোথাও তেমন দেখিলাম না। পাশ্চান্ত্যে মেয়েদের দেখিয়া আমার অনেক সময় স্তালোক বলিয়াই বোধ হইত না—ঠিক যেমন পুরুষ মান্ত্রয়! গাড়ী চালায়, আফিদে যায়, স্কলে য়ায়, প্রকেসারি করে! একমাত্র ভারতবর্ষেই মেয়েদের লজ্জা বিনয় দেখিয়া চক্ষ জুড়ায়। এমন সব আধার পাইয়াও ভোমরা ইহাদের উন্নত করিতে পারিলে না! ইহাদের ভিতর জ্ঞানালাক দিতে চেষ্টা করিলে না! ঠিক ঠিক শিক্ষা পাইলে ইহারা আদর্শ স্ত্রীলোক হইতে পারে।

প্রকৃত শিক্ষা হ**ই**বে সমস্ত সমস্তার সমাধানকারী আর ধর্ম উহার কেন্দ্র

আমাদের রমণীগণের মীমাংসিতব্য অনেক সমস্যা আছে —
সমস্যাগুলিও বড় গুরুতর। কিন্তু এমন একটিও সমস্যা নাই, 'শিক্ষা'
এই মন্ত্রবলে যাহার সমাধান না হইতে পারে। প্রকৃত শিক্ষার
ধারণা কিন্তু এখনও আমাদের মধ্যে উদিত হয় নাই। ক্রিকাবলিতে
কতকগুলি শব্দ শিক্ষা নহে; আমাদের বৃত্তিগুলির, শক্তিসমূহের
বিকাশকেই শিক্ষা বলা যাইতে পারে। শিক্ষা বলিতে ব্যক্তিসকলকে

শিক্ষা প্রদক্ষ

এমনভাবে গঠিত করা, যাহাতে তাহাদের ইচ্ছা সিদ্ধিয়ে ধাবিত ও স্থানিক হয়। এইরপভাবে শিক্ষিতা হইলে আমাদের ভারতের কল্যাণসাধনে সমর্থা নির্ভীক-হাদ্যা মহীয়সী রমণীগণের অভ্যুদ্ধ হইবে। তাহারা সভ্যমিত্তা, লীলাবতী, অহল্যাবাঈ ও মীরাবাঈ-এর. পদাঙ্কাম্পরণে সমর্থা হইবে—তাহারা পবিত্রা স্বার্থপদ্ধশৃত্যা বীরিরমনী হইবে; ভগবানের পাদস্পর্শে যে বীর্যালাভ হয়, তাহারা সেই বীর্যালালনী হইবে; স্থতরাং তাহারা বীর-প্রস্বিনী হইবার যোগ্যা হইবে।

কিন্তু নারীদিগের সম্বন্ধে আমাদের হস্তক্ষেপ করিবার অধিকার তাহাদিগকে শিক্ষা দেওয়া পর্য্যন্ত: নারীগণকে এমন যোগ্যতা অর্জ্জন করাইতে হইবে, যাহাতে ভাহাত্মা নিজেদের সমস্তা নিজেরাই নিজেদের ভাবে মীমাংসা করিয়া লইতে পারে। তাহাদের হইয়া অপর কেহ একার্য্য করিতে পারে না. করিবার চেষ্টা করাও উচিত নহে। আর জগতের অক্তান্ত স্থানের নারীগণের ন্তায় আমাদের নাবীগণও এ যোগাতালাভে সমর্থা। আমাকে বারংবার প্রশ্ন করা হইয়াছে—আপনি বিধবাদিগের ও সমগ্র রমণীজাতির উন্নতির উপায় সম্বন্ধে কি মনে করেন? আমি এই প্রশ্নের চরম উত্তর দিতেছি—আমি কি বিধবা যে আমাকে এই বাবে কথা জিজাসা করিতেছ ? আমি কি স্ত্রীলোক যে আমাকে বার বার এই প্রশ্ন জিজ্ঞাদা করিতেছ ? তুমি কে হে, গায়ে পড়িয়া নারীজাতির সমস্তা-সমাধানে শাঁওয়ান হইয়াছ—তুমি কি প্রত্যেক বিধবার ও প্রত্যেক রমণীর অন্তর্য্যামী দাক্ষাৎ ভগবান নাকি ? ভফাৎ! উহারা আপনাদের সমস্থার সমাধান আপনারাই করিবে। আমি বলিতেছি

ना (य, आमारनव नमारकव नावीगरनव वर्त्तमान अवस्था आमि मन्तुर्न मञ्जे । किन्न नातीमितात मन्नत्म जामात्मत रुखत्कत्भत जिथकात তাহাদিগকে শিক্ষা দেওয়া পর্যন্ত। শিক্ষা দিয়া ছাড়িয়া দাও; তথন তাহারা নিজেরাই প্রয়োজনীয় সংস্কারের কথা তোমাদিগকে ব্দলিন। তাহাদের ব্যাপারে তোমরা আবার কে? আমি দংস্কারে বিশ্বাদী নহি, আমি স্বাভাবিক উন্নতিতে বিশ্বাদী। আমি নিছেকে ঈশবের স্থানে বসাইয়া সমাজকে 'এদিকে তোমায় চলিতে হইবে, ওদিকে নয়'- বলিয়া আদেশ করিতে সাহস করি না। জাতীয় জীবনের পুষ্টির জন্ম যাহা যাহা আবশ্রক তাহা উহাকে দিয়া দাও, কিন্তু উহা আপনার প্রকৃতি অমুযায়ী আপনার দেহ গঠন করিয়া नहेत्। आमार्तित कार्या इहेर्डिड श्री. शुक्रव ममार्डित मकनरक শিক্ষা দেওয়া। সেই শিক্ষার ফলে তাহারা নিজেরাই কোনটি ভাল কোনটি মন্দ, সব ব্রিতে পারিবে ও আপনারা মন্দটা করা ছাড়িয়া দিবে। তথন আর জোর করিয়া সমাজের কোন বিষয় ভাঙ্গিতে গডিতে হইবে না।

ধর্ম, শিল্প, বিজ্ঞান, ঘরকন্না, রন্ধন, দেলাই, শরীরপালন—এই সকল বিষয়ের স্থূল স্থূল মর্মগুলিই মেয়েদের শিখান উচিত। নভেল, নাটক ছুইতে দেওয়া উচিত নয়। কেবল পৃঞ্জাপদ্ধতি শিখাইলেই হইবে না, সব বিষয়ে চোখ ফুটাইয়া দিতে হইবে। আদর্শ নারী-চরিত্রসকল ছাত্রীদের সম্মুখে সর্বাদা ধরিয়া উচ্চ ত্যাগরূপ বডে তাহাদের অমুবাগ জন্মাইয়া দিতে হইবে। সীতা, সম্ব্রিদী, দময়ন্তী, লীলাবতী, খনা, মীরা—এঁদের জীবনচরিত্র মেয়েদের ব্র্থাইয়া দিয়া তাহাদের নিজেদের জীবন ঐক্রপে গঠিত করিতে হইবে।

তবে कि जान, शिकारे वन जात मीकारे वन, धर्मरीन रहेल ভাহাতে গলদ থাকিবেই থাকিবে। এখন ধর্মকে কেন্দ্র করিয়া রাথিয়া স্ত্রী-শিক্ষার প্রচার করিতে হইবে। ধর্ম ভিন্ন অন্ত শিক্ষাটা গোণ হইবে। ধর্মশিক্ষা, চরিত্রগঠন, ব্রহ্মচর্য্য-ব্রত্যোদযাপন এইজ্জ শিক্ষার দরকার। বর্ত্তমানকালে এ পর্যান্ত ভারতে যে স্ত্রী-শিক্ষান্ত প্রচার হইয়াছে, ভাহাতে ধর্মটাকেই গৌণ করিয়া রাখা হইয়াছে। সেইজন্মই তোমরা যেসব দোষের কথা বল, দেগুলি হইয়াছে। কিন্তু ভাহাতে স্ত্রীলোকদের কি দোষ বল ? সংস্থারকেরা নিজে ব্রহ্মজ্ঞ না হইয়া স্ত্রী-শিক্ষা দিতে অগ্রসর হওয়াতেই তাহাদের ঐরপ বে-চালে পা পডিয়াছে। সকল সংকার্য্যের প্রবর্ত্তককেই অভীপ্সিত কার্য্যামুষ্ঠানের পূর্ব্বে কঠোর তপস্থানহায়ে আত্মক্ত হওয়া প্রয়োজন। নতুবা ভাহার কাজে গলদ বাহির হইবেই। আমি ধর্মকে শিক্ষার ভিতরকার সার জিনিস বলিয়া মনে করি। আমার বিবেচনায় অক্তান্ত বিষয়ে বেমন, এ বিষয়েও তক্রপ শিক্ষয়িত্রী ছাত্রীর ভাব ও ধারণামুষায়ী শিক্ষা দিতে আরম্ভ করিবেন এবং তাহাকে উন্নত করিবার এমন সহজ্বপথ দেখাইয়া দিবেন, যাহাতে তাহাকে খুব কম বাধা পাইতে হয়।

আত্মরক্ষায় সমর্থা ও ভ্যাগরতে দীক্ষিতা করা

বেরকম শিক্ষা চলিতেছে, সেরকম নহে। সত্যিকার কিছু
শিখা চাই। থালি বইপড়া শিক্ষা হইলে চলিবে না, যাহাতে চরিত্র
গঠিত হয়্ম নিজের শক্তি বাড়ে, বৃদ্ধির বিকাশ হয়, নিজের পায়ে
নিজে দাঁড়াইতে পারে, এইরকম শিক্ষা চাই। ঐ রকম শিক্ষা
পাইলে মেয়েদের সমস্যা মেয়েরা আপনারাই সমাধান করিবে।

স্ত্রী-শিক্ষা

আমাদের মেয়েরা বরাবর প্যানপেনে ভাবই শিক্ষা করিয়া আসিয়াছে। একটা কিছু হইলে কেবল কাঁণিতেই মজবুত। বীরত্বের ভাবটাও শিখা দরকার। এ সময়ে তাহাদের মধ্যেও আত্মরকা শিক্ষা করা দরকার হইয়া পড়িয়াছে। দেখ দেখি, বাঁদীর রাণী কেমন ছিলেন ! দেজতা আমার ইচ্ছা আছে-কতকগুলি বন্ধচারী ও বন্ধচারিণী তৈয়ারী করিব। বন্ধচারীরা কালে সন্ত্যাসগ্রহণ করিয়া দেশে দেশে গ্রামে গ্রামে ঘাইয়া জনসাধারণের মধ্যে শিক্ষাবিস্তারে যত্তপর হইবে । আর এক্ষচারিণীরা মেয়েদের মধ্যে শিক্ষাবিস্তার করিবে। কিন্তু দেশী ধরনে ঐ কাজ করিতে হইবে। পুরুষদের জন্ম যেমন কতকগুলি শিক্ষাকেন্দ্র করিতে হইবে, মেয়েদের শিক্ষা দিতেও সেইরপ কতকগুলি কেন্দ্র করিতে হইবে। শিক্ষিতা ও সচ্চরিতা ব্রন্মচারিণীরা ঐ সকল কেল্রে মেয়েদেয় শিক্ষার ভার নিবে। পুরাণ, ইতিহাস, গৃহকার্য্য, শিল্প, ঘরকলার নিয়ম ও আদর্শ চরিত্রগঠনের সহায়ক নীতিগুলি বর্ত্তমান বিজ্ঞানের সহায়তায় শিক্ষা দিতে হইবে। ছাত্রীদের ধর্মপরায়ণ ও নীতিপরায়ণ করিতে হইবে। কালে যাহাতে তাহারা ভাল গিন্নী তৈয়ারী হয়, তাহাই করিতে হইবে। এই সকল মেয়েদের সন্তান-সন্ততিগণ পরে ঐ সকল বিষয়ে আরও উন্নতিলাভ করিতে পারিবে। যাহাদের মা শিক্ষিতা ও নীতিপরায়ণা হন. তাহাদের ঘরেই বড়লোক জন্মায়। স্ত্রীলোক না সুইলে কি ছাত্রীদের এমন করিয়া শিক্ষা দিতে পারে? শিক্ষিতা বিধবা ও ব্রহ্মচারিণীগণের উপরই স্কুলের শিক্ষার ভার সর্বাদা রাখা উচিত। এদেশে স্ত্রী-বিত্যালয়ে পুরুষ-সংশ্রব একেবারে না রাখাই

ভাল। মেয়েদের ভোমরা এখন যেন কতকগুলি munufacturing machine (পুরোৎপাদনের ষদ্রবিশেষ) করিয়া তুলিয়াছ। রাম, রাম! এই কি ভোমাদের শিক্ষার ফল হইল? মেয়েদের শিক্ষা দিয়া ছাড়িয়া দিতে হইবে। তারপর নিজেরাই ভাবিয়া চিস্তিয়া য়হা হয় করিবে। বিবাহ করিয়া সংসারী হইলেও এইরূপে শিক্ষিতা মেয়েরা নিজ নিজ পতিকে উচ্চভাবের প্রেরণা দিবে ও বীর পুরের জননী হইবে। তাহাদের দেখিয়া ও তাহাদের চেটায় দেশটার আদর্শ উন্টাইয়া য়াইবে। এখন ধরিয়া বিবাহ দিতে পারিলেই হইল—তা নয় বৎসরেই হউক, দশ বৎসরেই হউক! এখন এরূপ হইয়া পড়িয়াছে যে তের বৎসরের মেয়ের সন্তান হইলে গুটিগুলর আহ্লাদ কত; তাহার ধুমধামই বা দেখে কে? এই ভাবটা উন্টাইয়া গেলে ক্রমশঃ দেশে শ্রদ্ধাও আদিতে পারিবে। যাহারা ঐরকম ব্রন্ধচর্য্য করিবে, তাহাদের ত কথাই নাই—কতটা শ্রদ্ধা, কতটা নিজেদের উপর বিশ্বাদ তাহাদের হইবে, তাহা মুখে বলা য়ায় না।

ক্রমে সব হইবে। দেশে এমন শিক্ষিত লোক এখনও জন্মার নাই, যাহারা সমাধ-শাসনের ভয়ে ভীত না হইয়া নিজের মেয়েদের অবিবাহিতা রাখিতে পারে। এই দেখ না—এখনও মেয়ে বার-তের বংসর পার হইতে না হইতে লোকভয়ে, সমাজভয়ে বিবাহ দিয়া ফেলে। এই দেদিন 'সম্মতি-স্চক আইন' করিবার সময় সমাজের নেতারা লক্ষ লোক জড় করিয়া চেঁচাইতে লাগিলেন, 'আমরা আইন চাই না!'—অক্স দেশ হইলে সভা করিয়া চেঁচান দ্রে থাকুক, লক্ষায় মাথা গুজিয়া লোক ঘরে বিসায়া থাকিত ও ভাবিত—

ন্ত্ৰী-শিক্ষা

'আমাদের সমাজে এখনও এহেন কলক রহিয়াছে।' -বাল্যবিবাহে মেয়েরা অকালে সস্তান প্রসব করিয়া অধিকাংশ মৃত্যুম্থে পতিত হয়; তাহাদের সন্তান-সন্ততিগণও ক্ষীণজীবী হইয়া দেশের ভিথানীর সংখ্যা বৃদ্ধি করে। কারণ, পিতামাতার শরীর সম্পূর্ণ সক্ষম ও স্বল না হইলে সবল ও নীরোগ সন্তান জন্মিবে কিরপে? লেখাপড়া শিখাইয়া একটু বয়দ হইলে বিবাহ দিলে সেই মেয়েদের যে সন্তান-সন্ততি জ্বনিবে, তাহাদের দারা দেশের কল্যাণ হইবে। তোমাদের যে ঘরে ঘরে এত বিধবা তাহার কারণ হইতেছে—এই বাল্যবিবাহ। বাল্যবিবাহ কমিয়া গেলে বিধবার সংখ্যাও কমিয়া যাইবে। আমার মত এই যে, বাল্যবিবাহের মূল তত্তটিকে নই করিয়া ফেলিবার চেষ্টা না করিয়া মেয়ে পুরুষ সকলেরই বেশী বয়সে বিবাহ হওয়া উচিত। কিন্তু সঙ্গে সঙ্গে শিক্ষা চাই; তাহা না হইলে অনাচার ব্যভিচার আরম্ভ হইবে।

ভালমন্দ সব দেশেই আছে। আমার মতে সমাজ সকল দেশেই আপনা আপনি গড়ে। অতএব বাল্যবিবাহ তুলিয়া দেওয়া, বিধবাদের পুনরায় বিবাহ দেওয়া প্রভৃতি বিষয়ে অধিক মাথা না ঘামাইয়া, আমাদের কর্ত্তব্য হইতেছে স্ত্রীপুরুষ সমাজের সকলকে শিক্ষা দেওয়া; সেই শিক্ষার ফলে তাহারা নিজেরাই কোন্টি ভাল কোন্টি মন্দ সব ব্বিতে পারিবে ও আপনারাই মন্দটা করা ছাড়িয়া দিবে। তথন আর জোর করিয়া সমাজের কোন বিষয় ভাজিতে গড়িতে হইবে না। আমাদের আধুনিক্ত সংস্কারকগণ বিধবা-বিবাহ লইয়া বিশেষ ব্যস্তঃ অবশ্য সকল সংস্কারকার্থ্যই আমার সহাত্ত্তি আছে, কিন্তু বিধবাগণের স্বামীর সংখ্যার

উপরে কোন জাতির অদৃষ্ট নির্ভর করে না—উহা নির্ভর করে জনসাধারণের অবস্থার উপর।

চিন্তা ও কাৰ্য্যে প্ৰতিবন্ধকহীনতার প্ৰয়োজনীয়তা

শিক্ষা ও সংস্কৃতি (culture) পুরুষদের উপরই সম্পূর্ণ নির্ভর करत वर्षा (यथात शूक्रस्यता উक्रिनिकिंठ, श्वीत्नात्कता (नर्शाद উচ্চশিক্ষিতা। পরস্ত পুরুষেরা শিক্ষিত না হইলে স্ত্রীলোকেরাও হয় না। সামাজিক ব্যাধি-প্রতিকার বাহিরের চেষ্টা দ্বারা হইবে না, মনের উপর কার্য্য করিতে চেষ্টা করিতে হইবে। উন্নতির মুখ্য সহায়—স্বাধীনতা। যেমন মানুষের চিন্তা করিবার ও উহা ব্যক্ত করিবার স্বাধীনতা থাকা আবশ্রক, তদ্রপ তাহার খাওয়া-দাওয়া, পোশাক, বিবাহ ও অক্তান্ত সকল বিষয়েই স্বাধীনতা আবশ্যক— ষতক্ষণ না তাহা দারা অপর কাহারও অনিষ্ট হয়। যদি তুমি काहारक अ निःश हरेरा ना मान, जाहा हरेरन रम धुर्व मृतान हरेगा দাঁড়াইবে। স্ত্ৰীঙ্গাতি শক্তিম্বন্নপিণী, কিন্তু এখন ঐ শক্তি কেবল মন্দ বিষয়ে প্রযুক্ত হইতেছে, তাহার কারণ পুরুষে তাহার উপর অত্যাচার করিতেছে। এখন সে শুগালীর মত; কিন্তু যথন তাহার উপর আর অত্যাচার হইবে না, তথন দে সিংহী হইয়া দাঁড়াইবে। জোর করিয়া সংস্কারের চেষ্টার ফল এই যে তাহাতে সংস্কার বা উন্নতির গতিরোধ হয়। কাহাকেও বলিও না-'তুমি মন্দ।' বরং ভাহাকে বল, 'তুমি ভালই আছ, আরও जान इस ।

সভীত্ব ও জীজাভির অভ্যুদয়

त्यरप्रतात निथारेट रहेटव, निटक्रामत भी विश्व रहेटव । थानि বাপ হইলেই ত হয় না, অনেক দায়িত্ব ঘাড়ে করিতে হয়। আমাদের মেয়েদের একটা শিক্ষা ত সহজে দেওয়া যাইতে পারে-হিন্দুর মেয়ে, সতীত্ব কি জিনিস তাহা তাহারা সহজেই বুঝিতে পারিবে; ইহাতে ভাহার। পুরুষাত্মক্রমে অভ্যন্ত কিনা। প্রথমে দেই ভাবটাই তাহাদের মধ্যে উস্কাইয়া দিয়া (উত্তেজিত করিয়া) তাহাদের চরিত্রগঠন করিতে হইবে—যাহাতে তাহারা, বিবাহ হউক বা কুমারী থাকুক, দকল অবস্থাতেই সতীত্বের জন্ম প্রাণ দিতে কাতর না হয়। কোন একটা ভাবের জন্ম প্রাণ দিতে পারাটা কি কম বীরত্ব ? এখন যে রকম সময় পড়িয়াছে, তাহাতে তাহাদের े (य ভावता वहकान इटेरा बाह्न, जाहातरे वरन जाहारमत्र मरधा কতকগুলি চিরকুমারী রাখিয়া ত্যাগধর্ম শিক্ষা দিতে হইবে। সঙ্গে সক্ষে বিজ্ঞানাদি অন্ত সব শিক্ষা, যাহাতে তাহাদের নিজের ও অপরের কল্যাণ হইতে পারে, তাহাও শিখাইতে হইবে। তাহা হইলে তাহারা অতি সহজেই ঐসব শিখিতে পারিবে, ঐরপ শিখিতে আনন্দও পাইবে। আমাদের দেশের যথার্থ কল্যাণের জন্ত ঐবকম কতকগুলি পবিত্রজীবন ব্রন্ধচারী ব্রন্ধচারিণী হওয়া দরকার হইয়া পডিয়াছে। ভারতের কল্যাণ দ্বীজাতির অভাদয় না হইলে সম্ভাবনা নাই। এক পক্ষে পক্ষার উত্থান সম্ভব নহে। , সেই জন্মই রামকুষ্ণাবভারে স্ত্রী-গুরুগ্রহণ, দেই জন্মই নারী-ভবিশাধন, দেই জ্ঞাই মাতৃভাবপ্রচার, সেই জ্ঞাই আমার স্ত্রীমঠম্বাপনের প্রথম উচ্ছোগ। द्यथात शौलादकव आमव नारे, श्रीत्नादकवा निवानत्क

অবস্থান করে, সে সংসারের—সে দেশের কথন উন্নতির আশা নাই। এই জন্ম এদের আগে তৃনিতে হইবে—এদের জন্ম আদর্শ মঠ স্থাপন করিতে হইবে।

আদর্শ স্ত্রীমঠন্থাপন-পরিকল্পনা

গন্ধার ওপারে একটা প্রকাণ্ড জমি লওয়া হইবে। তাহাতৈ অবিবাহিতা কুমারীরা থাকিবে, আরু বিধবা ত্রন্ধচারিণীরা থাকিবে। আর ভক্তিমতী গৃহস্থের মেয়েরা মধ্যে মধ্যে আদিয়া অবস্থান করিতে পারিবে। এ মঠে পুরুষদের কোনরূপ সংশ্রব থাকিবে না। পুরুষ-মঠের বয়োবৃদ্ধ সাধুরা দূর হইতে স্ত্রী-মঠের কার্য্যভার চালাইবে। স্ত্রী-মঠে মেয়েদের একটি স্কুল থাকিবে; ভাহাতে ধর্মশান্ত্র, দাহিত্য, সংস্কৃত, ব্যাকরণ, এমন-কি অল্প-বিস্তর ইংরেজীও শিক্ষা দেওয়া হইবে। সেলাইয়ের কাজ, রান্না, গৃহকর্মের যাবতীয় বিধান এবং मिल्लानत्तत कुन विषय्क्षान अभिन क्टेर्ट । जात कर्न, धान, পুজা-এসন ত শিক্ষার অঙ্গ থাকিবেই। যাহারা বাড়ী ছাড়িয়া একেবারে এথানে থাকিতে পারিবে, তাহাদের অন্নবস্তু এই মঠ ছইতে দেওয়া হইবে। যাহারা তাহা পারিবে না, তাহারা এই মঠে দৈনিক-ছাত্রীম্বরূপে আসিয়া পড়াশুনা করিতে পারিবে। এমন কি মঠাধ্যক্ষের অভিমতে মধ্যে মধ্যে এখানে থাকিতে ও यछिनन थाकित्व थाइराज्य भाइरव। त्यारात्र जन्महर्याकत्व अह मर्क वरमात्रका बक्कानियोत्रा हाजीत्मत्र भिक्कान जान निर्व। এই মঠে ৫।৭ ধর্মের শিক্ষার পর মেয়েদের অভিভাবকেরা তাহাদের विवार मिटल भातिरव। सांभाधिकातिनी वनिश्रा विरविष्ठ रहेरन অভিভাবকদের মত নিয়া ছাত্রীরা এখানে চিরকুমারী-ব্রতাবলম্বনে

অবস্থান করিতে পারিবে। যাহারা চিরকুমারী-ত্রত অবলম্বন করিবে, তাহারাই কালে এই মঠের শিক্ষমিত্রী ও প্রচারিকা হইয়া দাঁড়াইবে এবং গ্রামে গ্রামে নগরে নগরে শিক্ষাকেন্দ্র খুলিয়া মেয়েদের শিক্ষাবিস্তারে সহায়তা করিবে। চরিত্রবতী, ধর্মভাবাপন্না ত্রীরপ প্রচারিকাদের ছারা দেশে যথার্থ স্ত্রী-শিক্ষার বিস্তার হইবে। স্ত্রী-মঠের সংশ্রবে থতদিন থাকিবে ততদিন ব্রহ্মচর্য্য বৃক্ষা করা এই মঠের ভিত্তিস্বরূপ হইবে। ধর্মপরতা, ত্যাগ ও সংযম এখানকার ছাত্রীদের অলম্বার হইবে; আর দেবাধর্ম তাহাদের জীবনত্রত হুইবে। এইরপ আদর্শ-জীবন দেখিলে তে তাহাদের না সমান করিবে—কেই বা ভাহাদের অবিশ্বাদ করিবে ? দেশের স্থীলোকদের জীবন এইরূপে গঠিত হইলে তবে ত তোমাদের দেশে সীতা, সাবিত্রী, গার্গীর আবার অভ্যথান হইবে। দেশাচারের ঘোর वक्षत्न প्रागरीन, म्लननरीन रहेशा ट्यामाएन त्यारात्रा এथन कि त्य হইয়া দাঁড়াইয়াছে, তাহা একবার পাশ্চাত্ত্য দেশ দেখিয়া আদিলে বুঝিতে পারিতে। মেয়েদের ঐ তুর্দ্দশার জন্ম তোমরাই দায়ী। আবার দেশের মেয়েদের পুনরায় জাগাইয়া তোলাও তোমাদের হাতে রহিয়াছে। সেইজকুই বলি, কাজে লাগিয়া যাও। মেয়েদের জন্ম গ্রামে পাঠশালা খুলিয়া তাহাদের মাতুষ করিতে বলি। মেয়েরা মামুষ হইলে ভবে ত কালে তাহাদের সন্তান-সন্ততির দারা **८** एए अ.स. १ के प्रत्य के प्रत्य का निष्य का न উঠিবে।

আমি পুরুষগণকে যাহা বলিয়া থাকি, রমণীগণকেও ঠিক তাহাই বলিব। ভারত এবং ভারতীয় ধর্মে বিশ্বাস ও শ্রদ্ধান্দাসন কর,

তেজ্বিনী হও, আশায় বৃক বাঁধ; ভারতে জন্ম বলিয়া লজ্জিতা না হইয়া উহাতে গোরব অমূভব কর; আর শ্বনণ রাখিও, আমাদের অপরাপর জাতির নিকট হইতে কিছু লইতে হইবে বটে, কিন্তু জগতের অস্তান্ত জাতি অপেক্ষা আমাদের সহস্রগুণে অপরকে দিবার আছে। দেশীয় নারী দেশীয় পরিচ্ছদে ভারতের ঋষিম্থাগত ধর্ম প্রচার করিলে, আমি দিব্যচক্ষে দেখিতেছি, এক মহান তরঙ্গ উঠিবে, যাহা সমগ্র পাশ্চান্ত্যভূমি প্লাবিত করিয়া কেলিবে। এ মৈত্রেয়ী, খনা, লীলাবতী, দাবিত্রী ও উভয়ভারতীর জন্মভূমিতে কি আর কোন নারীর এ সাহস হইবে না? প্রভু জানেন।

জন-শিক্ষা

সামাজিক অভ্যাচার

আমি নিউইয়র্কের সমুদ্রতটে দাড়াইয়া দেখিতাম—বিভিন্ন तम रेटेट जाक **आमितिकाय উপনিবেশস্থাপনার্থ আদি**তেছে। তাহাদের দেখিলে বোঃ হইত যেন তাহারা মরমে মরিয়া আছে. পদদলিত, আশাহীন, এক পুঁটলি কাপড় কেবল তাহাদের সম্বল-কাপড়গুলিও সব ছিন্নভিন্ন, ভয়ে লোকের মুথের দিকে তাকাইয়া থাকিতে অক্ষম। একটা পুলিসের লোক দেখিলেই ভয় পাইয়া ফুটপাতের অক্তদিকে যাইবার চেষ্টা। এখন মজা দেখ, ছয় মাস পরে সেই লোকগুলিই আবার উত্তম বস্ত্র পরিধান করিয়া সোজা হইয়া চলিতেছে—সকলের দিকেই নিভীক দৃষ্টিতে চাহিতেছে। এরপ অন্তত পরিবর্ত্তন কিলে করিল? মনে কর, সে ব্যক্তি আরমেনিয়া অথবা অপর কোথা হইতে আসিতেছে—দেখানে কেহ তাহাকে গ্রাহ্ম করিত না, সকলেই পিষিয়া ফেলিবার চেষ্টা করিত, সেংগনে সকলেই তাহাকে বলিত, 'তুই জন্মেছিস গোলাম, থাক্বি গোলাম; একটু যদি নড়তে চড়তে চেষ্টা করিস্ত তোকে পিষে কেলব।' চারিদিকের সবই বেন তাহাকে বলিত, 'গোলাম তুই, গোলাম আছিদ-যা আছিদ, তাই থাক। জন্মেছিলি যথন, তথন যে নৈরাশ্ত-অন্ধকারে জন্মেছিলি, দেই নৈরাশ্ত-অন্ধকারে দারাজীবন পড়িয়া থাক্।' সেথানকার হাওয়ায় যেন তাহাকে 🗢 🕹 গুন্ করিয়া বলিত—'ভোর কোন আশা নেই—গোলাম হইয়া চিরজীবন নৈরাশ্য-অন্ধকারে পড়িয়া থাক।' দেখানে বলবান ব্যক্তি পিষিয়া

শিক্ষাপ্রসক

তাহার প্রাণহরণ করিয়া লইয়াছিল। আর যথনই সে জাহাজ হইতে নামিয়া নিউইয়র্কের রাস্তায় চলিতে লাগিল, সে দেখিল একজন উত্তম-বস্ত্র-পরিহিত ভদ্রলোক তাহার করমর্দ্দন করিল। দে যে চীরপরিহিত, আর ভদ্রলোকটি যে উত্তম-বস্ত্র-ধারী, তাহাতে কিছু আসিয়া গেল না। আর একট অগ্রসর হইয়া সে এক ভোজনাগারে গিয়া দেখিল, ভদ্রলোকেরা টেবিলে বসিয়া আহার করিতেছেন--দেই টেবিলের এক প্রান্তে তাহাকে বদিবার জন্ম বল। হইল। সে চারিদিকে ঘুরিতে লাগিল, দেখিল এ এক নৃতন জীবন; সে দেখিল এমন জায়গাও আছে, যেখানে আর পাঁচজন মানুষের ভিতরে দেও একজন মানুষ। হয়ত সে ওয়াশিংটনে গিয়া যুক্তরাজ্যের প্রেসিডেণ্টের সঙ্গে করমর্দ্দন করিয়া আসিল, হয়ত দে তথায় দেখিল দূরবর্ত্তী পল্লীগ্রামসমূহ হইতে মলিন-বন্ধ-পরিহিত রুষকেরা আসিয়া সকলেই প্রেসিডে**ড**টর সঙ্গে করমর্দ্ধন করিতেছে। তথন তাহার মাহার আবরণ থসিয়া গেল। সে যে ব্রন্ধ-মায়াবশে এইরূপ তুর্বলভাবাপন্ন হইয়াছিল ! এখন সে আবার জাগিয়া উঠিয়া দেখিল, মহয়পূর্ণ জগতের মধ্যে সেও একজন মাহুষ !!

তারপর যথন দেশের কথা ভাবিলাম, তথন আমার প্রাণ অস্থির হইয়া উঠিল। ভারতবর্ষে আমরা গরিবদের, সামায়া লোকদের, পতিতদের কি ভাবিয়া থাকি! তাহাদের কোন উপায় নাই, পালাইবার কোন রাস্তা নাই, উঠিবার কোন উপায় নাই। ভারতের দরিত্র, ভারতের পতিত, ভারতের পাপিগণের সাহায্যকারী কোন বন্ধু নাই। দে যতই চেষ্টা করুক, তাহার উঠিবার উপায় নাই। তাহারা দিন দিন তুবিয়া যাইতেছে। রাক্ষ্যবং নৃশংস সমাজ

জন-শিক্ষা

তাহাদের উপর যে ক্রমাণত আঘাত করিতেছে, তাহার বেদনা তাহারা বিলক্ষণ অমুভব করিতেছে, কিন্তু তাহারা জানে না, কোথা হইতে এই আঘাত আদিতেছে। তাহারাও যে মাহুষ. ইহা তাহারা ভূলিয়া গিয়াছে। ইহার ফল দাসত্ব ও পশুত। 🛥 धामारनत এই रात्म, এই বেদান্তের জন্মভূমিতে আমাদের সাধারণলোককে শত শত শতাব্দী ধরিয়া এইরূপ মায়াচক্রে ফেলিয়া এইরপ অবনতভাবাপর করিয়া ফেলা হইয়াছে। তাহাদের স্পর্শে অশুচি, তাহাদের দঙ্গে বদিলে অশুচি। ভাহাদিগকে বলা হইতেছে, 'নৈরাশ্রের অন্ধকারে তোদের জন্ম—থাক চিরকাল এই নৈরাখ্য-অম্বকারে।' আর তাহার ফল এই হইয়াছে যে, তাহারা ক্রমাগত ডুবিতেছে, গভীর অন্ধকার হইতে আরও গভীরতর অন্ধকারে ডুবিতেছে। অবশেষে মহয়জাতি যতদূর নিরুষ্টতম-অবস্থায় পৌছিতে পারে, ততদূর পৌছিয়াছে। কারণ, এমন দেশ আর কোথায় আছে যেথানে মাতুষকে গোমহিঘাদির সঙ্গে একত্র শয়ন করিতে হয় ? যে দেশে কোটি কোটি মান্ত্র মহয়ার ফুল থাইশা থাকে, আর দশ বিশ লাখ্ সাধু আর ক্রোর দশ ত্রাহ্মণ ঐ গরিবদের রক্ত চুষিয়া থায়, আর তাহাদের উন্নতির কোনও চেষ্টা করে না, সে কি দেশ না নরক ় সে ধর্ম না পৈশাচ নৃত্য ! এইটি ভাল করিয়া বোঝ-ভারতবর্ষ ঘুরিয়া ঘুরিয়া দেখিয়াছি! আমেরিকা দেখিয়াছি! কারণ বিনা কার্য্য হয় কি ? পাপ বিনাঃ माक! भिल कि?

> সর্বশান্তপুরাণেষু ব্যাসস্ত বচনদ্বং। পরোপকারস্ত পুণ্যায় পাপায় পরপীড়নম।

—(সমুদয় শাস্ত্র ও পুরাণে ব্যাদের তুইটি'বাক্য আছে - পরোপকার করিলে পুণ্য ও পরপীড়ন করিলে পাপ হয়।) সভ্য নয় কি ? এইসব দেখিয়া---বিশেষ দারিদ্র্য আর অজ্ঞতা দেখিয়া আমার ঘুম হয় না। যদি কাহারও আমাদের দেশে নীচকুলে জন্ম হয়, তার আর আশাভরদা নাই, দে গেল। কেন হে বাপু ? কি অত্যাচিক্ত পাশ্চাত্ত্যে সকলের আশা আছে, ভরদা আছে, স্থবিধা আছে। আজ গরিব, কাল সে ধনী হইবে, বিশ্বান হইবে, জগৎমান্ত হইবে। আর সকলে দরিন্দ্রের সহায়তা করিতে ব্যস্ত। পড়ে ভারতবাসীর मानिक जाय २ होका। नकरन ट्वेंडाटक्ट्रन, जामदा वर् शतिव, কিন্তু ভারতের দরিন্তের সহায়তা করিবার কয়টা সভা আছে ? কয়জন লোকের লক্ষ লক্ষ অনাথের জন্ম প্রাণ কাঁদে? হে ভগবান. আমরা কি মাহ্য ! এ যে পশুবং হাড়ি, ডোম তোমার বাড়ীর চারিদিকে, তাহাদের উন্নতির জন্ম তোমরা কি করিয়াছ, তাহাদের মুথে একগ্রাস অন্ন দিবার জন্ম কি করিয়াছ, বলিতে পার ? তোমরা ভাহাদের ছোও না, 'দূর দূর' কর,—আমরা কি মাফুষ! ঐ যে তোমাদের হাজার হাজার সাধু আন্ধাণ ফিরিতৈছেন, তাহারা ঐ অধঃপতিত দরিক্র পদদলিত গরিবদের জন্ম কি করিয়াছেন? ষাহারা জাতির মেরুদও-- যাহাদের পরিশ্রমে অল্প জন্মতেছে-যে মেথর মুদ্দাফরাস একদিন কাজ বন্ধ করিলে শহরে হাহাকার রব উঠে, হায়! তাহাদের সহামুভূতি করে, তাহাদের স্থে তৃ:থে माखना (मर्बा, दनरण अमन दक्ट्रे नारे! अरे एम्थ ना, हिन्दूरमत সহামুভতি না পাইয়া মাজ্রাঞ্জ অঞ্চলে হাজার হাজার পারিয়া খ্রীষ্টান হইয়। যাইতেছে। মনে করিও না কেবল পেটের দায়ে খ্রীষ্টান হয়;

জন-শিকা

व्यामारम्य महाक्ष्यकृष्ठि भाग्न ना विनया। हेक्हा हम्र औ हूँ प्यार्शिय গণ্ডী ভান্ধিয়া ফেলিয়া এথনই যাই—'কে কোথায় পতিত কান্ধাল দীন দ্বিত্র আছিদ'-বলিয়া তাহাদের সকলকে ঠাকুরের নামে ডাকিয়া নিয়া আদি। ইহারা না জাগিলে মা জাগিবেন না। ৰাৰ্থী ইহাদের অন্ন-বম্বের স্থবিধা যদি না করিতে পারিলাম, তবে আর कि इहेन ? हाय ! हेहाता छनियानाती किছু জানে না, তাই দিনরাত খাটিয়াও অশন-বদনের সংস্থান করিতে পারিতেছে না। দাও, সকলে মিলিয়া ইহাদের চোথ থূলিয়া দাও—আমি দিন্য চোথে দেখিতেছি, ইহাদের ও আমার ভিতর একট্ ব্রন্ধ— একই শক্তি বহিয়াছেন, কেবল বিকাশের তারতম্য মাত্র। সর্কাঙ্গে রক্ত-সঞ্চার না হইলে, কোনও দেশ কোনও কালে কোথায় উঠিয়াছে, দেখিয়াছ ? একটা অঙ্গ পরিয়া গেলে, অন্য অঙ্গ সবল থাকিলেও, ঐ দেহ লইয়া কোন বড় কাজ আর হইবে না—ইহা নিশ্চিত জানিও। হিন্দুধর্মের কোন দোষ নাই। হিন্দুধর্ম ত শিখাইতেছেন, জগতে যত প্রাণী আছে, সকলেই তোমার আত্মার বছরূপ মাত্র। সমাজের এই হীনা ম্প্রার কারণ, কেবল এই তত্তকে কার্য্যে পরিণত না করা, সহামুভতির অভাব, হাদয়ের অভাব।

আমাদের দেশে একজন বড়লোক মার। গেলে শতাকীকাল পরে আর একজনের অভ্যুথান হইয়া থাকে আর পাশচাত্তাদেশে মৃহুর্ত্তে দেস্থান পূর্ণ হইয়া যায়। কারণ পাশ্চাত্তো রুতী পুরুষগণের উদ্ভবক্ষেত্র অতি বিস্তৃত আর আমাদের দেশে অভি শৃত্তীর্ণ ক্ষেত্র হইতে তাঁহাদের উদ্ভব হইয়া থাকে। ঐ দেশের শিক্ষিত নরনারীর সংখ্যা অভ্যস্ত বেশী। তাই ত্রিশকোটী অধিবাসীর দেশ ভারতবর্ষ

অপেক্ষা তিন-চারি কিংবা ছয়কোটী নরনারী-অধ্যুষিত পাশ্চান্ত্য-দেশে রুতী পুরুষগণের উদ্ভবক্ষেত্র বিস্তৃততর।

কেহ কেহ বলেন যে, অজ্ঞ বা গরিবদিগকে স্বাধীনতা দিলে অর্থাং তাহাদের শরীর, ধন ইত্যাদিতে তাহাদের পূর্ণ অধিকার দিলে এবং তাহাদের সন্তানদের ধনী এবং উচ্চপদস্থ ব্যক্তিদিতে সংস্থানদের আয় জ্ঞানার্জ্জনের এবং আপনার অবস্থা উন্নত করিবার সমান স্থাবিধা হইলে তাহারা উচ্ছ্ আল হইয়া যাইবে। ইংলওেও একথা শুনিয়াছি, 'ছোটলোকেরা লেখাপডা শিখিলে আমাদের চাকুরী কে করিবে?' মৃষ্টিমেয় ধনীদের বিলাদের জন্ম লক্ষনরনারী অজ্ঞতার অক্ষকার ও অভাবের নরকে ড্বিয়া থাকুক, তাহাদের ধন হইলে বা তাহারা বিভা শিখিলে সমাজ উচ্ছ্ আল হইবে!!! সমাজ কে? লক্ষ লক্ষ তাহারা?— না, এই তুমি আমি দশজন বড় জাত!!!

জাতিভেদ

কর্মের দারা আমাদিগকে হীনাবস্থায় আনিতে পারি, একথা যদি সভ্য হয়, তবে কর্মের দারা আমাদের অবস্থার উন্নতিসাধনও নিশ্চয়ই সাধ্যায়ত্ত। আরও কথা এই, জনসাধারণ কেবল যে নিজেদের কর্মের দারাই নিজদিগকে এই হীনাবস্থায় আনিয়াছে, তাহা নহে। স্বতরাং তাহাদিগকে উন্নত করিবার আরও স্ববিধা দিতে হইবে। আমি সব জাতিকে একাকার করিতে বলি না। জাতি-বিভাগ থ্ব ভাল। এই জাতি-বিভাগ-প্রণালীই আমরা অম্পরণ করিতে চাই। জাতি-বিভাগ যথার্থ কি, তাহা লক্ষের মধ্যে একজনও বোঝে কিনা সন্দেহ। পৃথিবীতে এমন কোন

জন-শিক্ষা

দেশ নাই, বেখানে জাতি নাই। ভারতে আমরা জাতি-বিভাগের
মধ্য দিয়া উহার অতীত অবস্থায় গিয়া থাকি। জাতি-বিভাগ
এই মৃলস্ত্রের উপরই প্রতিষ্ঠিত। ভারতে এই জাতি-বিভাগপ্রণালীর উদ্দেশ্য হইতেছে—সকলকে ব্রাহ্মণ করা—ব্রাহ্মণই আদর্শ
কান্ত্র্বী। যদি ভারতের ইতিহাদ পড়, তবে দেখিবে, এখানে
বরাবরই নিম্নজাতিকে উন্নত করিবার চেষ্টা হইয়াছে। অনেক
জাতিকে উন্নত করা হইয়াছেও। আরও অনেক হইবে। কাহাকেও
নামাইতে হইবে না—সকলকে উঠাইতে হইবে। জাতি-বিভাগ
কথনও যাইতে পারে না, তবে উহাকে মাঝে মাঝে নৃতন ছাঁচে
ঢালিতে হইবে। প্রাচীন সমাজপ্রণালীর ভিতর এমন জীবনীশক্তি
আছে, যাহাতে সহস্র সহস্র নৃতন প্রণালী গঠিত হইতে পারে।

রজোগুণের প্রয়োজনীয়তা

এ দেশের লোকগুলির রক্ত যেন হাদয়ে রুদ্ধ ইইয়া আছে—ধমনীতে যেন রক্ত ছুটিতে পারিতেছে না—সর্বাঙ্গে পক্ষাঘাত ইইয়া যেন এলাইয়া পড়িয়াছে! আমি তাই ইহাদের ভিতর রজে:গুণ বাড়াইয়া কর্মতৎপরতা ধারা এদেশের লোকগুলিকে আগে ঐহিক জীবন-সংগ্রামে সমর্থ করিতে চুাই। শরীরে বল নাই, হাদয়ে উৎসাহ নাই, মন্তিক্ষে প্রতিভা নাই! কি হইবে এই ক্রড়পিগুগুলি ধারা? আমি নাড়াচাড়া দিয়া ইহাদের ভিতর সার আনিতে চাই—এইজগু আমার প্রাণান্ত পণ! বেদান্তের অমোঘ মন্ত্রবলে ইহাদের জাসাইব। "উত্তিষ্ঠত জ্বাগ্রাত"—এই অভয়বাণী শুনাইতেই আমার জন্ম। তোমরা ঐ কার্য্যে আমার সহায় হও। যাও, গাঁয়ে গাঁয়ে, দেশে দেশে এই অভয়বাণী আচগুল

<u>ৰিক্ষাপ্ৰসঞ্</u>

ব্রাহ্মণকে শুনাও গিয়া। দকলকে ধরিয়া ধরিয়া বল গিয়া 'ভোমরা আমিতবীর্য্য—অমুতের অধিকারী।' এইরূপে আগে রক্কঃশক্তির উদ্দীপনা কর—জীবন-সংগ্রামে দকলকে উপযুক্ত কর। তারপর পরজীবনে মৃক্তিলাভের কথা তাহাদের বল। আগে ভিতরের শক্তি জাগ্রত করিয়া দেশের লোককে নিজের পায়ের উপর দাড় করাও, উত্তম অশন-বদন—উত্তম ভোগ আগে করিতে শিথুক, তারপর দর্বপ্রকার ভোগের বন্ধন হইতে কি করিয়া মৃক্ত হইতে পারিবে, তাহা বলিয়া দিও।

সহামুভূতি

জীবন-সংগ্রামে সর্কাণ ব্যস্ত থাকাতে নিম্নশ্রেণীর লোকদের এতদিন জ্ঞানোয়েষ হয় নাই। ইহারা মানববৃদ্ধিনিয়্রন্তিত কলের জ্ঞায় একইভাবে এতদিন কাজ করিয়া আসিতেছে—আর বৃদ্ধিমান চত্র লোকেরা ইহাদের পরিশ্রম ও উপার্জনের সারাংশ গ্রহণ করিয়াছে; সকল দেশেই ঐরপ হইয়াছে। কিন্তু এখন আর সে কাল নাই! ইতরজাতিরা ক্রমে ঐকথা বৃ্ঝিতে পারিতেছে ও তাহার বিক্লম্বে সকলে মিলিয়া দাঁড়াইয়া আপনাদের জ্ঞায় গঞ্জা আদায় করিতে দৃঢ়প্রতিজ্ঞ হইয়াছে। ইউরোপ, আমেরিকায় ইতরজাতিরা জ্ঞাগিয়া উঠিয়া ঐ লড়াই আগে আরম্ভ করিয়া দিয়াছে। ভারতেও তাহার লক্ষণ দেখা দিয়াছে—ছোটলোকদের ভিতর আজকাল এত যে ধর্মাট হইতেছে উহাতেই ঐ কথা বৃ্ঝা যাইত্তিটে। এখন হাজার চেটা করিলেও ভত্রজাতিনের জ্ঞায় অধিকার পাইতে সাহায় করিলেই ভত্রজাতিদের কল্যাণ।

তাইত বলি, তোমরা এই জনসাধারণের (mass-এর) ভিতর বিভার উল্মেষ যাহাতে হয়, তাহাই কর। ইহাদের বুঝাইয়া বল গিয়া—"তোমরা আমাদের ভাই, শরীরের একান্দ, আমরা ভোমাদের ভালবাসি, ঘুণা করি না।" তোমাদের এই sympathy (সহামুভৃতি) শ্লীইলে ইহারা শতগুণ উৎসাহে কার্যাতৎপর হইবে। আধুনিক বিজ্ঞান সহায়ে ইহাদের জ্ঞানোমেষ করিয়া দাও। ইতিহাস, जृत्गान, विकान, माहिष्य-मत्न मत्न धर्मात शृष्ठविधन हेहात्तर শিখাও। ঐ শিক্ষার বিনিময়ে শিক্ষকগণেরও দারিত্র। ঘুচিবে। पानान-श्रानात উভয়েই উভয়ের বন্ধস্থানীয় হইয়া দাঁড়াইবে। জ্ঞানোন্মেষ হইলেও কুমার কুমারই থাকিবে, জেলে জেলেই থাকিবে, চাষা চাষ্ট করিবে। জাতি-বাবসায় ছাড়িবে কেন? "সহজ কর্ম कोरखग्र मामयमि न जारकर"-- এইভাবে निका भारेल हेराता নিজ বুত্তি ছাড়িবে কেন? জ্ঞানবলে নিজের সহজাত কর্ম যাহাতে আরও ভাল করিয়া করিতে পারে, দেই চেষ্টা করিবে। ছুই-দশ জন প্রতিভাশালী লোক কালে তাহাদের ভিতর হইতে উঠিবেই উঠিবে। তাহাদের তোমরা (ভদ্রজাতিরা) তোমাদের শ্রেণীর মধ্যে তুলিয়া লইবে। তেজমী বিশ্বামিত্রকে ব্রাহ্মণেরা যে ব্রাহ্মণ বলিয়া স্বীকার করিয়া নিয়াছিল, তাহাতে ক্ষত্রিয় জ্বাতিটা ব্রাহ্মণদের काटक ज्थन कज़मूत कुज्छ इहेग्राक्ति, तन रमिथ ? अक्रेश महारूष्ट्रि ও সাহায্য পাইলে মাহুষ ত দূরের কথা, পশুপক্ষীও আপনার হইয়া যায়। এইজ্বন্ত বলি, এইসব নীচজ্বাত্তির ভিতর বিভাগান, জ্ঞানদান করিয়া ইহাদের চৈতত্ত সম্পাদন করিতে বন্ধুশীল হও। ইহারা যথন জাগিবে—আর একদিন জাগিবে নিশ্চয়ই— তথন তাহারাও

তোমাদের ক্লত উপকার বিশ্বত হইবে না, তোমাদের নিকট ক্লডজ্ঞ हरेशा थाकित। याहाता नक नक पतिस ७ निष्णियिक नदनादीद বুকের বক্তমারা অজ্জিত অর্থে বিল্লাব্জন করিয়া এবং বিলাসিতায় আকণ্ঠ নিমজ্জিত থাকিয়া উহাদের কথা একটিবারও চিস্তা করিবার অবসর পায় না—তাহাদিগকে আমি 'বিশ্বাসঘাতক' বলিয়া অভিইিউ করি। যতদিন ভারতের কোটা কোটা লোক দারিদ্র্য ও অজ্ঞানান্ধকারে ডুবিয়া রহিয়াছে, ততদিন তাহাদের পয়দায় শিক্ষিত অথচ যাহারা তাহাদের দিকে চাহিয়াও দেখে না, এরূপ প্রত্যেক ব্যক্তিকে আমি দেশদ্রোহী বলিয়া মনে করি। যতদিন ভারতের বিশকোটী লোক ক্ষুধার্ত্ত পশুর তুল্য থাকিবে, ততদিন বেসব বড়-লোক তাহাদের পিষিয়া টাকা রোজগার করিয়া জাঁকজমক করিয়া বেড়াইতেছে অথচ তাহাদের জন্ম কিছুই করে না, আমি তাহাদের হতভাগ্য বলি। তোমার দ্বারে স্বয়ং নারায়ণ কাঞ্চালবেশে আসিয়া অনাহারে মুতপ্রায় হইয়া পড়িয়া রহিয়াছেন! তাঁহাকে কিছু ना पिया, शानि निष्कत ७ निष्कत खीशुजापत्रहे छेपत नानाश्वकात চর্দ্ব্য, চোম্ম দিয়া পৃত্তি করা—দে ত পশুর কাজ! ভারতের চিরপতিত বিশকোটী নরনারীর জন্ম কাহার হাদয় কাঁদিতেছে ? তাহাদের উদ্ধারের উপায় কি? তাহাদের জন্ম কাহার হৃদয় কাঁদে বল ? তাহারা অন্ধকার হইতে আলোতে আসিতে পারিতেছে না—ভাহারা শিক্ষা পাইতেছে না, কে ভাহাদের कार्ट्स पार्रमा नहेशा याहेर्द, तम ? तक बादत बादत घूतिशा তাহাদের কাছে আলো नहेश गाहेत्व ? हेहाताहे जामामित नेयत, ইহারাই তোমাদের দেবতা হউক—ইহারাই তোমাদের ইষ্ট হউক !

জন-শিক্ষা

তাহাদের জন্ম ভাব, তাহাদের জন্ম কার কর, তাহাদের জন্ম দদাদর্বদা প্রার্থনা কর—প্রভূই তোমাদের পথ দেখাইয়া দিবেন। তাহাদেরই আমি মহাত্মা বলি, যাহাদের হৃদয় হইতে গরিবদের জন্ম রক্তমোক্ষণ হয়, তাহা না হইলে দে ত্রাত্মা। তাহাদের কল্যাণের ক্ষ্ম আমাদের সমবেত ইচ্ছাশক্তি, সমবেত প্রার্থনা প্রযুক্ত হউক। আমি তোমাদিগকে অরণ করাইয়া দিতেছি যে, অভিশাপ নিন্দা ও গালি-বর্ধণের দারা কোন সত্দ্বেশ্য সাধিত হয় না। অনেক বর্ধ ধরিয়া ত ঐরপ চেটা হইয়াছে—কিন্তু তাহাতে কোন স্ক্রল প্রস্ব করে নাই। কেবল ভালবাদা ও সহাম্ভূতি দ্বারাই স্ক্র্ফলপ্রাপ্তির আশা করা যাইতে পারে।

এদেশে এখনও গুণের আদর নাই, অর্থবল নাই, এবং সর্ব্বাপেক্ষা শোচনীয় এই যে, ব্যবহারকুশলতা (practicality) আদৌ নাই। উদ্দেশ্য অনেক আছে, উপায় এদেশে নাই। আমাদের মন্তক আছে, হস্ত নাই। আমাদের বেদাস্তমত আছে, কার্য্যে পরিণত করিবার ক্ষমতা নাই। আমাদের পুস্তকে মহাসাম্যবাদ আছে, আমাদের কার্য্যে মহা ভেদবৃদ্ধি। মহা নিংস্বার্থ নিষ্কাম কর্ম ভারতেই প্রচারিত হইয়াছে, কিন্তু কার্য্যে আমরা অতি নির্দ্দিয়, অতি হৃদয়হীন, নিজের মাংসপিও শরীর ছাড়া অন্ত কিছুই ভাবিতে পারি না। তথাপি উপন্থিত অবস্থার মধ্য দিয়াই কেবল কার্য্যে অগ্রসর হইতে পারা বায়, অন্ত উপায় নাই। ভালমন্দ-বিচারের শক্তি সকলের আছে। কিন্তু তিনিই বীর, যিনি এই সমন্ত অমপ্রমাণ্ণ ও তৃংথপূর্ণ সংসারের তরক্ষে পশ্চাৎপদ না হইয়া, একহন্তে অশ্রবারি মোচন করেন ও অপর অকম্পিত হত্তে উদ্ধারের পথ প্রদর্শন করেন।

একদিকে গতামুগতিক জড়পিগুবং সমাজ, অন্তদিকে অস্থির বৈষ্যতীন অগ্নিবর্ষণকারী সংস্কারক, কল্যাণের পথ এই চুইয়ের মধ্যবর্ত্তী। জাপানে শুনিয়াছিলাম যে, দে দেশের বালিকাদিগের বিশ্বাস এই যে, যদি ক্রীড়াপুত্তলিকাকে হৃদয়ের সহিত ভালধাসা যায়, দে জীবিত হইবে। জাপানী বালিকারা কথনও পুঁতুল ভাকে না। আমারও বিশাস যে, যদি কেউ এই হতঞ্জী, বিগত-ভাগ্য, লুগুবৃদ্ধি, পরপদবিদলিত, চিরবৃভূক্ষিত, কলহ্শীল ও পরশ্রীকাতর ভারতবাদীকে প্রাণের সহিত ভালবাদে, তবে ভারত আবার জাগিবে। যবে শত শত মহাপ্রাণ নরনারী সকল বিলাসভোগস্থথেচ্ছা বিসর্জন করিয়া কারমনোবাক্যে দারিদ্রা ও মুর্থতার ঘনাবর্ত্তে ক্রমশঃ উত্তরোত্তর নিমজ্জনকারী কোটা কোটা স্বদেশীয় নরনারীর কল্যাণ কামনা করিবে, তথন ভারত জাগিবে। আমার ন্তায় কৃষ্ণ জীবনেও ইহা প্রত্যক্ষ করিয়াছি যে, সহদেশ্র, অকপটতা ও অনন্তপ্রেম বিশ্ববিজয় করিতে দক্ষম। উক্ত গুণশালী একজন কোটা কোটা কপট ও নিষ্ঠুরের তুর্ব্বন্ধি নাশ করিতে সক্ষম |

তুৰ্বলুকে অধিক সাহায্য প্ৰয়োজন

ভারতের সমস্ত তুর্দ্দশার মৃল—জনসাধারণের দারিদ্রা।
পাশ্চান্তাদেশের দরিদ্রগণ পিশাচপ্রকৃতি, আর আমাদের—দেবপ্রকৃতি। স্কুতরাং আমাদের পক্ষে দরিদ্রের অবস্থার উন্নতিসাধন
অপেক্ষাকৃত সইজ। আমাদের জনসাধারণ লৌকিক বিভায় বড়
অক্ষা কিন্তু তাহারা বড় ভাল। কারণ, এখানে দারিদ্রা
একটা রাজ্বন্তহোগ্য অপরাধ বলিয়া বিবেচিত হয় না। ইহারা

তুর্দান্তও নহে। আমেরিকা ও ইংলণ্ডে অনেকসময় আমার পোশাকের দক্ষন জনসাধারণ খেপিয়া অনেকবার আমাকে মারিবার যোগাড়ই করিয়াছিল। কিন্তু ভারতে কাহারও অসাধারণ পোশাকের দক্ষন জনসাধারণ মারিতে উঠিয়াছে, এরকম কথা ত কিখনও শুনি নাই। অহান্ত সব বিষয়েও আমাদের জনসাধারণ ইউরোপের জনসাধারণ হইতে অনেক সভ্য। তাহাদিগকে লৌকিক বিহ্যা শিখাইতে হইবে। আমাদের পূর্বপ্রক্ষয়ের যে প্রণালী দেখাইয়া গিয়াছেন, তাহারই অহুসরণ করিতে হইবে আর্থাৎ বড় বড় আদর্শগুলি ধীরে ধীরে সাধারণের ভিতর বিন্তার করিতে হইবে। ধীরে ধীরে তাহাদের তুলিয়া লও, ধীরে ধীরে তাহাদের সমান করিয়া লও। লৌকিক বিহ্যাও ধশ্মের ভিতর দিয়া শিখাইতে হইবে।

কীট less manifested (অল্ল অভিব্যক্ত), ত্রন্ধ more manifested (অধিক অভিব্যক্ত) আত্রন্ধস্তম পর্যায়ত নারায়ণ। যে কোন কার্য্য জীবের ব্রন্ধভাব ধীরে ধীরে পরিক্ষৃট করিবার সহায়তা করে, তাহাই ভাল। যে কোন কার্য্য উহার বাধা হয়, তাহাই মন্দ। আমাদের ব্রন্ধভাব পরিক্ষৃট করিবার একমাত্র উপায়—অপরকে ঐ বিষয়ে সাহায্য করা। যদি প্রকৃতিতে বৈষম্য থাকে তথাপি সকলের পক্ষে সমান স্থবিধা থাকা উচিত। কিছ্ক যদি কাহাকেও অধিক, কাহাকেও কম স্থবিধা দিতেই হয়, তবে বলবান অপেক্ষা তুর্বলকে অধিক স্থবিধা দিতেই হয়, তবে বলবান অপেক্ষা তুর্বলকে অধিক স্থবিধা দিতেই হয়, অর্থাৎ চণ্ডালের বিত্যাশিক্ষার যত আবশ্রুক, বান্ধণের তত্ত নহে। যদি ব্যান্ধণের হেলের একজন শিক্ষকের আবশ্রুক, চণ্ডালের হেলের ধান্ধ

দশন্তনের আবশ্রক। কারণ যাহাকে প্রকৃতি স্বাভাবিক প্রথর করেন নাই, তাহাকে অধিক সাহায্য করিতে হইবে। তেলা-মাথায় তেল দেওয়া পাগলের কর্ম। দরিদ্র, পদদলিত, অজ্ঞ-ইহারাই তোমাদের ঈশ্বর হউক। "আত্মবৎ সর্ববভূতেষু" কি क्विन श्रें थिए थाकिरव नाकि ? याश्वा अकर्के क्वा कि गविवर्मित · মুখে দিতে পারে না, তাহারা আবার মুক্তি কি দিবে! যাহারা অপরের নিঃশ্বাদে অপবিত্র হইয়া যায়, তাহারা আবার অপরকে কি পবিত্র করিবে? যাহাদের রুধিরশোষণের দারা 'ভদ্রলোক' নামে প্রথিত ব্যক্তিরা 'ভদ্রলোক' হইয়াছেন এবং রহিতেছেন, তাহাদের জন্ম একটি সভাও দেখিলাম না। মুসলমান কয়জন দিপাহী আনিয়াছিল? ইংরেজ কয়জন আছে? 🛰 টাকার জন্ম নিজের পিডাভাতার গলা কাটিতে পারে, এমন লক্ষ লক্ষ লোক ভারত ছাড়া কোথায় পাওয়া যায় ? ৭০০ বংসর মুসলমান বাজত্বে ৬ কোটা মুসলমান, ১০০ শত বৎসর খ্রীষ্টান রাজত্বে ২০ লক্ষ খ্রীষ্টান—কেন এমন হয় ? Originality (মৌলিকতা) একেবারে দেশকে কেন ত্যাগ করিয়াছে? আমাদের দক্ষহন্ত শিল্পী কেন ইউরোপীয়দের সহিত সমকক্ষতা করিতে না পারিয়া দিন দিন উৎসন্ন ঘাইভেছে ? কি বলেই বা জার্মান প্রমজীবী ইংরেজ শ্রমজীবীর বছশতাক্ষীপ্রোথিত দৃঢ় আসন টলটলাঃমান করিয়া তুলিয়াছে? কেবল শিক্ষা, শিক্ষা।

. জনশিক্ষাবিস্তারই সমস্ত উন্নতির মূল

আধুনিক সভ্যতার—পাশ্চান্ত্য দেশের, ও প্রাচীন সভ্যতার— ভারত, মিশর, রোমকাদি দেশের—মধ্যে সেইদিন হইতেই প্রভেদ

আরম্ভ হইল, যে দিন হইতে শিক্ষা, সভাতা প্রভৃতি উচ্চঙ্গাতি इटेर क्य": निम्नजािकितिशत मर्धा श्रमातिक इटेर नािशन। প্রত্যক্ষ দেখিতেছি, যে জাতির মধ্যে জনদাধারণের ভিতর বিষ্যাবৃদ্ধি যত প্রচারিত, সে জাতি তত পরিমাণে উন্নত। ভারতবর্ষে যে সর্বানাশ হইয়াছে, তাহার মূল কারণ ঐটি— দেশীয় সমগ্র বিভাবুদ্ধি এক মৃষ্টিমেয় লোকের মধ্যে রাজশাসন ও দম্ভবলে আবদ্ধ করা। যদি আমাদিগকে আবার উঠিতে হয় তাহা হইলে ঐ পথ ধরিয়া অর্থাৎ সাধারণ জনগণের মধ্যে বিভার প্রচার করিয়া। সমস্ত ক্রটির মূলই এইখানে যে—সভ্যিকার জাতি, যাহারা কুটীরে বাস করে, ভাহারা ভাহাদের ব্যক্তিত্ব ও মহয়ত্ব जुनिया नियारह। हिन्, भूमनमान, औष्टीन-প্রত্যেকের পায়ের তলায় পিষ্ট হইতে হইতে তাহাদের মনে এখন এই ধারণা জন্মিয়াছে যে ধনীর পদতলে নিম্পেষিত হইতেই তাহাদের জন্ম। তাহাদের লুপ্ত ব্যক্তিত্ববোধ আবার ফিরাইয়া দিতে হইবে। তাহাদিগকে শিক্ষিত করিতে হইবে। এস্. আমরা উহাদের মধ্যে ভাবের প্রচার कतिया याहे-वाकीहेकू जाहाता निष्कताहै कतिरव। हेहात वर्थ, জনসাধারণের মধ্যে শিক্ষা বিস্তার করিতে হইবেএ

এক্স আবশাক--(১) ধর্মপ্রচার

প্রত্যেক মানব এই জগতে আপন আপন পথ বাছিয়া লয়।
প্রত্যেক জাতিও তদ্ধে। আমরা শত শত যুগ পূর্বে আপনাদের
পথ বাছিয়া লইয়াছি, এখন আমাদিগকে তদফুদারে চলিতেই
হইবে। এই কারণে ভারতে যে কোন প্রকার সংস্কার বা
উন্নতি করিবার চেষ্টা করা হউক, প্রথমতঃ ধর্মপ্রচার আবশ্যক।

যাহাতে তাহারা নীতিপরায়ণ, মমুস্তম্পালী এবং পরহিতরত হয়, এই প্রকার শিক্ষা দিবে। ইহারই নাম ধর্ম-জটিল দার্শনিকতত্ত এখন শিকেয় তুলে রাখ। ধর্মের যে সার্বজনীন সাধারণ ভাব, তাহাই निथाहेट প্রথমত: আমাদিগকে এই কার্য্যে মনোযোগী इटेट इटेटव (य. जामारमंत्र छेन्नियरम. जामारमंत्र भूतार्ग. আমাদের অক্তাক্ত শাস্ত্রে যে সকল ত্রপূর্ব্ব সভ্য নিহিত আছে, जाहा *े मकन* श्रष्ट इट्टेंटिज वाहित कतिया, मर्ठममूह इट्टेंटिज, অর্ণ্য হইতে, সম্প্রদায়বিশেষের অধিকার হইতে বাহির করিয়া সমগ্র ভারতভূমিতে ছড়াইতে হইবে—যেন ঐ সকল শাস্ত্রনিহিত মহাবাক্যের ধ্বনি উত্তর হইতে দক্ষিণ, পূর্ব্ব হইতে পশ্চিম, হিমালয় হইতে কুমারিকা, সিন্ধ হইতে ব্রহ্মপুত্র পর্যান্ত ছুটিভে থাকে। সকলকেই এই সকল শাস্ত্রনিহিত উপদেশ শুনাইতে হইবে। ধর্মপ্রচারের সঙ্গে সঙ্গেই লৌকিক বিছা ও অন্তান্ত বিছা যাহা কিছু আবশ্যক তাহা আপনিই আদিবে। কিন্তু যদি ধর্মকে वान निया लोकिक ज्ञानविचादत्रत्र हाडा कत्र, ज्दर जामानिशक স্পষ্টই বলিতেছি, ভারতে তোমাদের এ চেষ্টা রুখা হইবে—লোকের হৃদয়ে উহা প্রভাব বিস্তার করিবে না। এজন্ম প্রথম আত্মবিদ্যা —হৈত, বিশিষ্টাহৈত, শৈবসিদ্ধান্ত, অহৈত, বৈষ্ণব, শাক্ত, এমন কি বৌদ্ধ ও দৈন প্রভৃতি যে-কোন সম্প্রদায় এ ভারতে উঠিয়াছে, नकलाहे এইशान একবাকা यে. 'এই জীবাত্মাতেই' অনন্তশক্তি নিহিত আছে: পিপীলিকা হইতে উচ্চতম সিদ্ধপুক্ষ পর্যান্ত সকলের মধ্যে সেই 'আআ', তফাৎ কেবল 'প্রকাশের তারতয়ো' - अवकान ७ উপयुक्त तिनकान भावेतावे तिके निक्ति विकास इस ।

কিন্তু বিকাশ হউক বা না হউক, সে শক্তি প্রত্যেক জীবে বর্ত্তমান— আব্রহ্মন্তম্ব পর্যান্ত। এই শক্তির উদ্বোধন করিতে হইবে—দ্বারে দ্বারে যাইয়া।

—(২) বিজ্ঞানিকাপ্রচার

শ্রীই সঙ্গে বিছাশিকা দিতে হইবে। চরিত্র এবং বৃদ্ধির্ত্তি উভয়েরই উৎকর্ষসাধনের জন্ম শিক্ষাবিস্তার, ঐ শিক্ষার ফলে তাহারা আত্মনির্ভরশীল ও মিতব্যয়ী হইতে পারে। কথা ত হইল সোজা, কিন্তু কার্য্যে পরিণত হয় কি প্রকারে? এই আমাদেব দেশে সহস্র সহস্র নিংস্বার্থ দয়াবান ত্যাগী পুরুষ আছেন, ইহাদের মধ্যে অস্ততঃ এক-অর্দ্ধেক ভাগকে, য়েমন তাহারা বিনা বেতনে পর্যাটন করিয়া ধর্মশিকা দিয়া থাকেন, ঐ প্রকার বিছাশিক্ষক তৈয়ার করা য়াইতে পারে। তাহার জন্ম চাই, প্রথমতঃ এক এক রাজধানীতে এক এক কেন্দ্র ও দেখান হইতে ধীরে ধীরে ভারতের সর্বস্থান ব্যাপ্ত হওয়া।

—(৩) সংস্কৃত-শিক্ষায় অনবছেলা

দক্ষে সংক্ষতশিক্ষা চলিবে। কারণ, সংস্কৃতশিক্ষায় সংস্কৃতশক্পুলির উচ্চারণমাত্রেই জাতির মধ্যে একট্বা গৌরব, একটা
শক্তির ভাব জাগিবে। ভগবান রামায়ুজ, চৈতগ্য ও ক্বীর ভারতের
নিম্নজাতিগণকে উন্নত ক্রিবার চেষ্টা ক্রিয়াছিলেন; তাহাদের
চেষ্টার ফলে সেই মহাপুরুষগণের জীবদ্দশায় অভুত ফললাভ
হইয়াছিল। কিন্তু পরে তাঁহাদের কার্য্যের এরূপ শেটিনীয় পরিণাম
কেন হইল, তাহারও নিশ্চিত কিছু কারণ আছে। তাহারা
নিম্নজাতিসমূহের উন্নতি ক্রিয়াছিলেন বটে, তাহারা উন্নতির

সর্বোচ্চশিথরে আরুত হউক ইহা তাঁহাদের আন্তরিক ইচ্ছা ছিল বটে, কিন্তু তাঁহারা সর্বাসাধারণের মধ্যে সংস্কৃত-শিক্ষাবিস্তারের জন্ম শক্তি প্রয়োগ করেন নাই। এমন কি এত বড় যে বৃদ্ধ, তিনিও সর্ববিদাধারণের মধ্যে সংস্কৃত-শিক্ষার বিস্তার বন্ধ করিয়া দিয়া এক বিষম ভুল করিয়াছিলেন। তিনি তাড়াতাড়ি তথন-তথনি যাইনডে ফললাভ হয়, তাহার চেষ্টা পাইয়াছিলেন। স্থতরাং সংস্কৃত-ভাষা-নিবদ্ধ ভাবদমূহ অমুবাদ করিয়া তথনকার প্রচলিত ভাষা পালিতে প্রচার করিয়াছিলেন। অবশু ইহা থুব ভালই করিয়াছিলেন-লোকে তাঁহার ভাব বুঝিল, কারণ তিনি সর্বসাধারণের ভাষায় लाकरक **উপদেশ দিয়াছিলেন। ই**হা খুব ভালই হইয়াছিল— তাঁহার প্রচারিত ভাবসকল শীঘ্র শীঘ্র চারিদিকে বিস্তৃত হইতে লাগিল; দূরে, অতিদূরে তাহার ভাবসমূহ ছড়াইয়া পড়িল; কিন্তু সঙ্গে সঙ্গে সংস্কৃতভাষার বিস্তার হওয়া উচিত ছিল। জ্ঞানের বিস্তার হইল বটে, কিন্তু তাহার দঙ্গে দঙ্গে 'গৌরববৃদ্ধি' ও 'সংস্থার' জুন্মিল না। তোমরা জগৎকে কতকগুলি জ্ঞান দিয়া যাইতে পার, কিন্তু তাহাতে উহার বিশেষ কল্যাণ হইবে না: ঐ জ্ঞান আমাদের মজ্জাগত হইয়া সংস্কারে পরিণত হওয়া চাই।

—(৪) প্রচলিত ভাষায় শিক্ষা

সাধারণকে প্রচলিত ভাষায় শিক্ষা দাও, তাহাদিগকে ভাব দাও, তাহারা অনেক বিষয় অবগত হইবে, কিন্তু সঙ্গে সঙ্গে ভাহাদিগের জ্ঞান যাহাতে সংস্থারে পরিণত হয়, তাহার চেষ্টা কর। যতদিন পর্যান্ত না তাহা করিতে পারিতেছ, ততদিন সাধারণের চিরস্থায়ী উন্নতির আশা নাই। আমি ভোমাদিগকে বলিতেছি, তোমাদের

অবস্থা উন্নত করিবার একমাত্র উপায় সংস্কৃতভাষা শিক্ষা করা। সংস্কৃতভাষায় পাণ্ডিত্য থাকিলেই ভারতে সম্মানভাঙ্গন হওয়া যায়। সংস্কৃতভাষায় জ্ঞানলাভ হইলে কেহই তোমার বিরুদ্ধে কিছু বলিতে সাহসী হইবে না।

- ----(৫) শ্রুভিদারা শিক্ষা ও বাড়ী বাড়ী যাইয়া শিক্ষা

তারপর দরিভ্রদের শিক্ষা অধিকাংশই শ্রবণের দ্বারা হওয়া চাই। স্থূল ইত্যাদির এখনও সময় আদে নাই। ক্রমশ: ঐ সকল প্রধান কেন্দ্রে কৃষি, বাণিজ্য প্রভৃতি শিখান যাইবে এবং শিল্পাদির প্রয়াহাতে এদেশে উন্নতি হয়, ততুপায়ে কর্মশালা খোলা ঘাইবে। কিন্তু এনেশে তাহা অতীব কঠিন। যদি আমরা গ্রামে গ্রামে অবৈতনিক বিভালয় খুলিতে সক্ষমও হই তবু দ্বিদ্রঘরের ছেলেরা দে-দ্র স্কুলে পড়িতে আসিবে না। কারণ, ভারতে দারিন্তা এত অধিক যে. দ্বিদ্র বালকেরা বিভালয়ে না গিয়া বরং মাঠে গিয়া পিতাকে ভাহার কৃষিকার্য্যে সহায়তা করিবে, অথবা অন্ত কোনরূপে জীবিকা-উপার্জ্জনের চেষ্টা করিবে; স্থতরাং যেমন পর্বত মহম্মদের নিকট না যাওাতে মহম্মদই পর্বতের নিকট গিয়াছিলেন, দেইরপ দরিদ্র वानकान यनि भिका नहेरा जानिए ना भारत्, जरव भिकारकहे চাষীর লাঙ্গলের কাছে, মজুরের কারথানায় এবং অন্তত্ত সব স্থানে পৌছিতে হবে—তাহাদের নিকট গিয়া তাহাদিগকে শিক্ষিত করিতে হইবে। দরিত্র বালকেরা যদি স্কুলে আসিয়া লেখাপড়া শিথিতে না भारत, जाहारमत वाफ़ी वाफ़ी याहेशा जाहारमत निकाहरू हहेरत। গরিবেরা এত গরিব, ভাহারা স্থল পাঠশালায় আদিতে পারে না, আর কবিতা ইত্যাদি পড়িয়া তাহাদের কোনও উপকার নাই।

ভারতবর্ষের শেষ পাথরের টুকরার উপর বসিয়া—কুমারিকা অন্ধরীপে মা কুমারীর মন্দিরে বিদিয়া একটা বৃদ্ধি স্থির করিলাম যে—এই যে আমরা এতজন সন্ত্যাদী আছি, ঘুরিয়া বেড়াইতেছি, লোককে দর্শন শিক্ষা দিতেছি—এসব পাগলামি। থালিপেটে ধর্ম হয় না—গুরুদেব বলিতেন না? ঐ যে গরিবরা পশুর মত জীয়ন—যাপন করিতেছে, তাহার কারণ মূর্থতা; আমরা আজ চারি যুগ উহাদের রক্ত চৃষিয়া খাইয়াছি, আর তুই পদে দলন করিয়াছি।

মনে কর, যদি কভকগুলি নিঃস্বার্থ পরহিতচিকীযু সন্ন্যাসী গ্রামে গ্রামে বিভা বিভরণ করিয়া বেড়ায়, নানা উপায়ে নানা কথা, ম্যাপ, ক্যামেরা, শ্লোব ইত্যাদি সহায়ে আচণ্ডালের উন্নতিকল্লে বেডায় তাহা হইলে কালে মঙ্গল হইতে পারে কিনা। কোন একটি গ্রামের অধিবাদিগণ সারাদিনের পরিশ্রমের পর গ্রামে ফিরিয়া আসিয়া কোন একটি গাছের তলায় অথবা অন্ত কোনস্থানে সমবেত হইয়া বিশ্রম্ভালাপে সময়াতিপাত করিতেছে। সেই সময় জন চুই শিক্ষিত সম্যাসী ভাহাদের মধ্যে গিয়া ছায়াচিত্র কিংবা ক্যামেরার সাহায়ে গ্রহনক্ষত্রাদি সম্বন্ধে অথবা বিভিন্ন জাতি বা বিভিন্ন দেশের ইতিহাস मध्यक्ष ছবি দেখাইয়া কিছু শিক্ষা দিল। এইব্ৰূপে গ্লোব, মানচিত্ৰ প্রভৃতির সাহায্যে মূথে মূথে কত জিনিসই না শিখান যাইতে পারে ! তারপর যদি বিভিন্ন জাতির—জগতের প্রত্যেক দেশের লোকের বিবরণ গল্পছলে তাহাদের নিকট বলা যায়, তবে সমস্ত জীবন বই পড়াইলে তাহারা যাহা না শিখিতে পারিত, তাহা অপেকা শতগুণে व्यक्षिक এই क्राप्त भूर्य भिश्रिष्ठ भारत । महरत्रत्र मर्कारभक्षा দরিত্রগণের যেখানে বাস, সেখানে একটি মৃত্তিকানির্মিত কুটীর ও

হল প্রস্তুত কর। কয়েকটি ম্যাজিকলগুন, কতকগুলি ম্যাপ, শ্লোব এবং কতকগুলি রাসায়নিক দ্রব্য যোগাড কর। প্রতিদিন সন্ধ্যার नमरम रमशास गतिविमगरक, अमन कि. हुआनगणरक भर्गास अकत কর। তাহাদিগকে প্রথম ধর্ম উপদেশ দাও, তারপর ঐ ম্যাজিক-া পর্ড ক্রীও অন্যান্ত দ্রব্যের দাহায়ে জ্যোতিষ, ভূগোল প্রভৃতি চলিত ভাষায় শিক্ষা দাও। অগ্নিমন্ত্রে দীক্ষিত এক যুবকদল গঠন কর। তোমাদের উৎসাহাগ্নি তাহাদের ভিতর জালিয়া দাও। চকুই যে জ্ঞানলাভের একমাত্র ভার তাহা নহে-পরস্ক কর্মদারাও শিক্ষার কার্য্য যথেষ্ট হইতে পারে। এইরূপে তাহারা নৃতন চিন্তার সহিত পরিচিত হইতে পারে, নৈতিক শিক্ষালাভ করিতে পারে এবং ভবিশ্বং অপেক্ষাকৃত ভাল হইবে বলিয়া আশা করিতে পারে। ঐটকু পর্যান্ত আমাদের কর্ত্তবা---বাকীটুকু উহারা নিজেরাই করিবে। যদি বংশামুক্রমিক ভাব-সংক্রমণ-নিয়মামুসারে ব্রাহ্মণ বিতাশিক্ষার অধিকতর উপযুক্ত হয়, তবে ব্রাহ্মণের শিক্ষায় অর্থবায় না করিয়া চণ্ডালজাতির শিক্ষায় সমুদয় অর্থ ব্যয় কর। তুর্বালকে অগ্রে সাহাথ্য কর; কারণ তুর্বলের সাহায্য করাই অগ্রে আবশ্রক। যদি ব্রাহ্মণ বৃদ্ধিমান হইয়াই জন্মগ্রহণ করিয়া থাকে, ভবে দে কোনরূপ সাহায্য ব্যতীতও শিক্ষালাভ করিতে পারিবে। যদি অপর ক্রাতি তত্ৰপ বৃদ্ধিমান না হয়, তবে ভাহাদিগকেই কেবল শিক্ষা দিতে থাক—তাহাদিগেরই জন্ম শিক্ষকসমূহ নিযুক্ত করিতে থাক।

—(৬) সামাজিক অভ্যাচার বন্ধ করী

সর্কোপরি, আমাদিগকে দরিজের উপর অত্যাচার বন্ধ করিছে হইবে। আমরা এখন যে বিষম অবস্থায় উপনীত হইয়াছি, ভাহা

ভাবিলে হাস্তের উদ্রেক হয়। যদি কোন ভান্ধী কাহারও নিকট উপস্থিত হয়, সে যেন সংক্রামক রোগের তায় তাহার সঙ্গ ত্যাগ করে। কিন্তু যথনই পাদ্রী-দাহেব আদিয়া মন্ত্র আওরাইয়া ভাহার মাথায় থামিকটা জল ছিটাইয়া দেয়, আর সে একটা (যতই ছিল্ল ও জর্জ্জবিত হউক) জামা পরিতে পায়, তথনই সে পুর সৌড়া হিন্দুর বাড়ীতেও প্রবেশাধিকার পায়। আমি ত এমন কোনও লোক দেখিতে পাই না, যে তথন ভরদা করিয়া তাহাকে একথানা চেয়ার দিতে ও তাহার সহিত সপ্রেম করমর্দ্ধনে অস্বীকার করিতে পারে ॥ ইহা অপেক্ষা আর অদৃষ্টের পরিহাস কতদূর হইতে পারে ? সমাজের এই অবস্থাকে দূর করিতে হইবে, ধর্মকে বিনষ্ট করিয়া নহে, হিন্দুধর্মের মহান উপদেশসমূহের অমুসরণ করিয়া এবং তাহার স্হিত হিন্দুধর্ম্মের স্থাভাবিক পরিণ্ডিস্বরূপ বৌদ্ধধর্মের অন্তত হাদয়বত্তা লইয়া। লক্ষ লক্ষ নরনারী পবিত্রতার অগ্নিমন্ত্রে দীক্ষিত হইয়া, ভগবানে দৃঢ়বিশ্বাসরূপ বর্ষে সজ্জিত হইয়া দরিদ্র. পতিত ও পদদলিতদের প্রতি সহাত্মভৃতিজনিত শিংহবিক্রমে বুক বাঁধিয়া সমগ্র ভারতে ভ্রমণ করুক। মুক্তি, সেবা, সামাজিক উন্নয়ন ও সামোর মঞ্চলময়ী বার্জা দারে দারে প্রচার করুক। এই দরিত্র ব্যক্তিগণকে, ভারতের এই পদদলিত সর্বসাধারণকে তাহাদের প্রকৃত স্বরূপ বুঝাইয়া দেওয়া আবশুক। জাতিবর্ণনির্বিশেষে স্বলতা-তুর্বলতার বিচার না করিয়া প্রত্যেক নরনারীকে প্রত্যেক वानकवानिकरिक खनाख अ मिथाअ या, मवन-प्रकान-फेक्रनीठ-নির্বিশেষে দকলেরই ভিতর দেই অনস্ত আত্মা রহিয়াছেন— ञ्चलदाः मकल्लरे महर इरेल्ड शास्त्र, मकल्लरे माधु इरेल्ड शास्त्र।

দকলেরই সমক্ষে উচ্চৈংস্বরে বল—"উত্তিষ্ঠত জাগ্রত প্রাণ্য বরান্
নিবোধত" (কঠোপনিষৎ ১।০১৪)—উঠ, জাগো, যতদিন না চরম
লক্ষ্যে পৌছিতেছ, ততদিন নিশ্চিম্ত থাকিও না। উঠ, জাগো—
আপনাদিগকে তুর্বল ভাবিয়া তোমরা যে মোছে আচ্ছন্ন হইয়া
জার্ছ, উহা দূর করিয়া দাও। কেহই প্রকৃতপক্ষে তুর্বল নহে—
আত্মা অনন্ত, দর্বশক্তিমান ও দর্বজ্ঞ। উঠ, নিজের স্বরপ
প্রকাশিত কর—তোমার ভিতর যে ভগবান রহিয়াছেন, তাঁহাকে
উচ্চৈঃস্বরে ঘোষণা কর, তাঁহাকে অস্বীকার করিও না।

—(৭) আত্মপ্রত্যয় বৃদ্ধি করা

এই বীর্যালাভের প্রথম উপায়—উপনিষদে বিশ্বাসী হওয়া ও বিশ্বাস করা যে, 'আমি আত্মা। আমায় তরবারি ছেদন করিতে পারে না, কোন যন্ত্র আমাকে ভেদ করিতে পারে না, অগ্নি অর্মায় দক্ষ করিতে পারে না; আমি সর্ব্বশক্তিমান। আমি সর্ব্বজ্ঞ।' অতএব এই আশাপ্রদ, পরিত্রাণপ্রদ বাক্যগুলি সর্ব্বদা উচ্চারণ কর। বলিও না—আমি হর্বল। আমরা সব করিতে পারি। আমরা কি না করিতে পারি? আমাদের দ্বারা সবই হইতে পারে। আমাদের প্রত্যেকের ভিতরে সেই মহিমময় ত্মাত্মা বিশ্বাসী হও। নচিকেতার পাতা যথন যক্ত করিতেছিলেন, তথন নচিকেতার ভিতর শ্রমা প্রবেশ করিল। আমার ইচ্ছা—তোমাদের প্রত্যেকের ভিতর সেই শ্রমা আবিভ্তি হউক, তোমাদের প্রত্যেকেই বীরদর্শে দণ্ডায়মান হইয়া ইক্তিতে জগৎ-পরিচালনকারী মহামনীযাসম্পন্ন মহাপুক্ষ হও, সর্ব্বপ্রকারে অনন্ত ঈশ্বস্ত্বা হও;

শিক্ষাপ্রসন্ধ

षामि जामात्मत मकनत्कर এरेक्न त्मिर् हारे। जेनियम হইতে তোমরা এইরপ শক্তি লাভ করিবে, উহা হইতে তোমরা এই বিশাস পাইবে। এই সব উপনিষদে রহিয়াছে। ভূমি যে কার্য্যই কর না কেন. তোমার পক্ষে বেদান্তের প্রয়োজন। বেদান্তের এই দকল মহান তত্ত্ব কেবল অরণ্যে বা গিরিপ্তিখায়-व्यावक शाकित्व ना: विठातानाय, एकनानत्य, पतित्वत कृष्टित. মংস্ঞজীবীর গৃহে, ছাত্রের অধ্যয়নাগারে—সর্বত্ত এই সকল তত্ত্ব আলোচিত ও কার্য্যে পরিণত হইবে। প্রত্যেক নরনারী, প্রত্যেক वानकवानिका, य य कार्या कक्रक ना क्वन, य य व्यवश्राय অবস্থিত থাকুক না কেন, সর্ব্বত্র বেদান্তের প্রভাব বিস্তৃত হওয়া আবশ্যক। উপনিষদনিহিত তত্তাবলী জেলেমালা প্রভৃতি ইতরসাধারণে কিরপে কার্য্যে পরিণত করিবে? ইহার উপায় শান্তে প্রদর্শিত হইয়াছে। মংস্থন্ধীবী যদি আপনাকে আত্মা विषया विश्वा करत, जर्व रम এक क्रम जान मः अकीवी इहेरव. বিচ্ছার্থী যদি আপনাকে আত্মা বলিয়া চিন্তা করে, তবে দে একজন শ্রেষ্ঠ বিদ্যার্থী হইবে: উকীল যদি আপনাকে আত্মা विनया हिन्दा करत, जरद रम अकड़न जान छेकीन इहेरव। এইরূপ অ্যান্ত সকলের সম্বন্ধেই জানিতে হটবে। সামাজিক জীবনে আমি কোন বিশেষ কর্ত্তব্য সাধন করিতে পারি, তুমি অপর ফার্য্য করিতে পার। তুমি না হয় একটা দেশ শাসন করিছে পার্ব, আমি একজোড়া হেঁড়া জুতা সারিছে পারি। কিছ ভা বলিয়া তুমি আমা অপেকা বড় হইতে পার না-জুমি কি আমার জুতা সারিয়া দিতে পার ? আমি কি দেশ

শাসন করিতে পারি? এই কার্যাবিভাগ স্বাভাবিক। আমি জুতা দেলাই করিতে পটু, তুমি বেদপাঠে পটু—তা বলিয়া তুমি আমার মাথায় পা দিতে পার না। তুমি খুন করিলে তোমার প্রশংকা করিতে হইবে, আর আমি একটা আম চুরি করিকে षामात काँमि मिल्ड इटेर, अन्नभ इटेर्ड भारत ना। अटे অধিকার-তারতমা উঠিয়া যাইবে। যদি জেলেকে বেদান্ত শিথাও. দে বলিবে তুমিও যেমন আমিও তেমন, তুমি না হয় দার্শনিক, আমি না হয় মৎস্তজীবী। কিন্তু তোমার ভিতর যে ঈশ্বর আছেন, আমার ভিতরও সেই ঈশ্বর আছেন। আর ইহাই আমরা চাই-কাহারও কোন বিশেষ অধিকার নাই, অথচ প্রত্যেক ব্যক্তির উন্নতি করিবার সমান স্থবিধা। জীবন-সমস্তা-সমাধানের ইহাই একমাত্র স্বাভাবিক উপায়। জ্ঞান কয়েকজন শিক্ষিত ব্যক্তির একচেটিয়া সম্পত্তি থাকিবে না—উহা উচ্চশ্রেণী হইতে ক্রমে নিমশ্রেণীতে বিস্তুত হইবে। সর্বসাধারণের মধ্যে निकात (हो। इटेरज्ड - शद्य वाधा कविया मकनरक निका मिवात বন্দোবন্ত হইবে। সর্বসাধারণের মধ্যে নিহিত অগাধ কার্য্যকরী শক্তিকে ব্যবহারে আনিতে হইবে। ভারতের অভান্তরে মহতী শক্তি নিহিত আছে—উহাকে জাগাইতে হইবে। ভারতের মধ্যে সামাভাবস্থাপনে ভারতবাসী সকলের ব্যক্তিগত সমান অধিকারলাভে—অবশু ইহার পরিণতি হইবে।

বাহাসভ্যতা আবশাক, গুধু তাহাই নহে; প্রাফ্রেনাভিরিক্ত বস্তুব্যবহারও আবশাক, বাহাতে গরিব লোক্ষের জ্বগুন্তন নৃতন কাজের সৃষ্টি হয়। অরু! অরু! যে ভগবান এখানে আমাকে

আর দিতে পারেন না, তিনি যে আমাকে স্বর্গে অনস্থ স্থথে রাথিবেন, ইহা আমি বিশ্বাস করি না। আহার, চালচলন, ভাব-ভাষাতে তেজ্বিতা আনিতে হইবে, সবদিকে প্রাণের বিস্তার করিতে হইবে—সব ধমনীতে রক্তপ্রবাহ প্রেরণ করিতে হইবে, যাহাতে সকল বিষয়েই একটা প্রাণম্পন্দন অমুভব হয়। তবৈই এই খোর জীবন-সংগ্রামে দেশের লোক survive করিতে (বাঁচিতে) পারিবে। নতুবা অদ্রে মৃত্যুর ছায়াতে অচিরে এদেশ ও জাতিটা মিশিয়া যাইবে।

বড় হইবার লক্ষণত্রয়

ভারতবর্ষে তিনজন লোক পাঁচ মিনিটকাল একদঙ্গে মিলিয়া মিশিয়া কাজ করিতে পারে না। প্রত্যেকেই ক্ষমতার জন্ম কলহ করিতে শুক্ত করে—ফলে সমস্ত প্রতিষ্ঠানটিই ত্রবস্থায় পতিত হয়। কোন জাতির কিংবা ব্যক্তির পক্ষে বড় হইতে হইলে তিনটি বস্তুর প্রয়োজন: প্রথম—সাধুতার শক্তিতে প্রগাঢ় বিশ্বাস। দিতীয়—হিংসা ও সন্দিশ্ধভাবের একাস্ত অভাব। তৃতীয়—যাহারা সং হইতে কিংবা সং কাজ করিতে সচেষ্ট তাহাদিগকে সহায়তা করা। কি কারণে হিন্দুজাতি তাহার অদ্ভূত বৃদ্ধি ও অক্সান্ম গুণাবলী সন্ত্বেও ছিপ্পবিচ্ছিন্ন হইয়া গেল ? আমি বলি, হিংসা। এই তৃতাগা হিন্দুজাতি পরস্পরের প্রতি যেরূপ জ্বন্মভাবে ঈর্ব্যান্থিত এবং পরস্পরের যশংখ্যাতিতে যেভাবে হিংসাপরায়ণ তাহা কোনকালে ক্রেণ্ডাও দেখা যায় নাই। তারপর ভারতবাদীরা বিগত তৃই সহন্র বা ততোধিক বর্ষ ধরিয়া লোকহিতকর কার্য্য করিবার শক্তি হারাইয়া ফেলিয়াছে। জাতি (nation), সর্বান্ধারণ

(public) প্রভৃতি তব্দম্বন্ধে তাহারা এইমাত্র নৃতন ভাব পাইতেছে। সংগঠন ও সংযোগ-শক্তিই পাশ্চান্ত্যজাতির কর্ম-দাফল্যের হেতু; আর পরস্পরের প্রতি বিশ্বাস, সহযোগিতা এবং সহায়তা হইতেই উহার উদ্ভব হইয়া থাকে।

শক্তিসঞ্চার আবশ্যক

তোমাদের জীবনে ধাহাতে প্রবল ভাবপরায়ণতার সহিত প্রবল কার্য্যকারিতা সংযুক্ত থাকে, তাহা করিতে হইবে। জীবনের অর্থ বুদ্ধি অর্থাৎ বিস্তার, আর বিস্তার ও প্রেম একই কথা। স্থতরাং প্রেমই জীবন—উহাই একমাত্র জীবনের গতিনিয়ামক। আর স্বার্থপরতাই মৃত্যু; জীবন থাকিতেও ইহা মৃত্যু, আর দেহাবদানেও এই স্বার্থপরতাই প্রকৃত মৃত্যুম্বরূপ! দেহাবদানে কিছুই থাকে না, একথা ও যদি কেহ বলে, তথাপি তাহাকে স্বীকার করিতে হইবে যে. এই স্বার্থপরতাই যথার্থ মৃত্য। Life is ever expanding, contraction is death (জীবন হইতেছে সম্প্রদারণ আর সঙ্কোচনই মৃত্যু)। এ জীবন ক্ষণভঙ্গুর, জগতের ধন মান ঐশ্ব্যা —এ দকলই ক্ষণস্থায়ী। তাহারাই যথার্থ জীবিত, বাহারা অপরের জন্ত জীবনধারণ করে। অবশিষ্ট ব্যক্তিগণ বাঁচিয়া নাই, মরিয়া चांट्य। এ जन्म पुरश्यत चानात वर्ते, किन्छ देश महाभूक्षनातत শিক্ষালয়স্বরূপ। এই তুঃথ হইতেই সহামুভূতি, দহিফুতা —সর্ব্বোপরি অদম্য দৃঢ় ইচ্ছাশক্তির বিকাশ হয়, যে শক্তিবলে মামুষ সমগ্র জগৎ চুৰ্ণবিচুৰ্ণ হইয়া গেলে একটুও কম্পিত হয় না। এখন চাই গীতায় ভগবান याहा विनयाद्वा- श्रवन कर्यत्यात्र, इतत्य व्येतीय नाहन, অমিতবল পোষণ করা। তবে ত দেশের লোকগুলি জাগিয়া

উঠিবে, নতুবা 'তুমি যে তিমিরে, তারাও সে তিমিরে'। এখন প্রয়োজন-জাতীয় ধমনীর ভিতর নব বিতাদগ্রি-সঞ্চার। উদীয়মান যুবকসম্প্রদায়ের উপরে আমার বিশ্বাস। তাহাদের ভিতর হইতেই আমি কর্মী পাইব। তাহারাই সিংহের ন্তায় বিক্রমে দেশের যথার্থ উন্নতিকল্পে সমূদয় সমস্থা পূরণ করিবে। তোমরা কি সাম্য, স্বাধীনতা, কাৰ্য্য ও উৎসাহে ঘোর পাশ্চান্তা এবং ধর্মবিশ্বাস ও শাধনে ঘোর হিন্দ হইতে পার ? ইহাই করিতে হইবে এবং আমরাই ইহা করিব, আপনাতে বিশ্বাস রাথ। প্রবল বিশ্বাসই বড় বড় কার্য্যের জনক। এগিয়ে যাও, এগিয়ে যাও। মৃত্যু পর্যান্ত গরিব, পদদলিতদের উপর সহাত্মভৃতি করিতে হইবে। ইহাই जामारमत मुनमञ्ज। अभिरम या ७, वीतक्षमम युवकतृत्म ! भरताभकात्र है জীবন, পরহিতচেষ্টার অভাবই মৃত্যু। জগতের অধিকাংশ নরপশুই মৃত প্রেতত্ত্বা; কারণ হে যুবকর্ন, যাহার হৃদয়ে প্রেম নাই, সে মৃত, প্রেত বই আর কি ? হে যুবকরুন্দ, দরিন্দ, অজ্ঞ ও অভ্যাচার-নিপীড়িত জনগণের জন্ত তোমাদের প্রাণ কাঁত্বক, প্রাণ কাঁদিতে काँ मिए श्रम क्ष रुषेक, मस्टिक वृर्गमान रुषेक, ट्यामारम्ब भागन হইয়া যাইবার উপক্রম হউক। তথন গিয়া ভগবানের পাদপদ্মে ट्यामारम्ब अखरावत रायमा आमाछ। छरवरे छात्राव निक्र रहेरछ শক্তি ও সাহায্য আসিবে—অদম্য উৎসাহ, অনন্ত শক্তি আসিবে। গত দশ বংসর ধরিয়া আমার মূলমন্ত্র ছিল-এগিয়ে যাও, এখনও আমি বলিতেক্তি-এগিয়ে যাও।

মহৎ কার্য্য**সিধির জন্ম প্রান্তম— (ক) জদরবন্তা** মহৎ কার্য্য করিতে হইলে তিনটি জিনিসের আবস্থাক হয়।

প্রথমত:--রদয়বত্তা, আন্তরিকতা আবশ্রক। বৃদ্ধি বিচারশক্তি আমাদিগকে কভটুকু সাহায্য করিতে পারে ? উহারা আমাদিগকে করেকপদ অগ্রসর করে মাত। কিন্তু হৃদয়দার দিয়াই মহাশক্তির প্রেরণা আদিয়া থাকে। প্রেম অসম্ভবকে সম্ভব করে, জগতের সকল রহস্মই প্রেমিকের নিকট উন্মুক্ত। তোমরা হৃদয়বান হও, প্রেমিক হও। তোমরা কি প্রাণে প্রাণে ব্রিতেছ যে, কোটা কোটা দেব ও ঋষির বংশধরগণ পশুপ্রায় হইয়া দাঁড়াইয়াছে ? ভোমরা কি প্রাণে প্রাণে অমুভব করিতেছ যে, কোটা কোটা লোক অনাহারে মরিতেছে এবং কোটা কোটা ব্যক্তি শত শত শতাকী ধরিয়া অদ্ধাশনে কাটাইতেছে ? তোমবা কি প্রাণে প্রাণে বুঝিতেছ যে, অজ্ঞানের কৃষ্ণমেঘ সমগ্র ভারতগগনকে আচ্চন্ন করিয়াছে ৷ তোমরা এই সকল ভাবিয়া অস্থির হইয়াছ ? এই ভাবনায় নিজা কি তোমাদিগকে পরিত্যাপ করিয়াছে ? এই ভাবনা কি তোমাদের রক্তের সহিত মিশিয়া তোমাদের শিরায় শিরায় প্রবাহিত হুইয়াছে—তোমাদের হাদয়ের প্রতি স্পন্দনের সহিত কি এই ভাবনা মিশিয়া গিয়াছে / এই ভাবনা কি ভোমাদিগকে পাগল করিয়া তুলিয়াছে? দেশের তুর্দশার চিন্তা কি ভোমাদের একমাত্র ধ্যানের বিষয় হইয়াছে এবং ঐ চিন্তায় বিভোর হইয়া তোমরা কি তোমাদের নাময়শ, স্ত্রীপুত্র, বিষয়সম্পত্তি, এমন কি শরীর পর্যান্ত ভূলিয়াছ? তোমাদের এরূপ হইয়াছে কি ? যদি হইয়া থাকে, তবে বুঝিও, ভোমরা প্রথম দোপানে— चात्महिटेजियी इहेवाव अथम माभारन माज भनार्भन अविवाह।

— (খ) ব্যবহারকুপলভা

দ্বিতীয়ত:-ব্যবহাৰকুশলতা। এই হুৰ্দ্দশা-প্ৰতিকারের কোন

শিক্ষাপ্রদক

উপায় স্থির করিয়াছ কি? কেবল ব্থাবাক্যে শক্তিক্ষয় না করিয়া কোন কার্যাকর পথ বাহির করিয়াছ কি? মানিলাম, তোমরা দেশের তর্দশার কথা প্রাণে প্রাণে বৃঝিতেছ—কিন্তু জিজ্ঞাসা করি, এই তর্দশা-প্রতিকারের কোন উপায় স্থির করিয়াছ কি? লোককে গালি না দিয়া তাহাদের কোন যথার্থ সাহায্য করিতে পার কি? বদেশবাসীর এই জীবন্মত অবস্থা-অপনোদনের জন্ম তাহাদের এই ঘোর তঃথে কিছু সান্থনাবাক্য শুনাইতে পার কি? হইতে পারে —প্রাচীন ভাবগুলি সব কুসংস্কারপূর্ণ, কিন্তু ঐ সকল কুসংস্কারের সঙ্গে সঙ্গে অমূল্য সত্য মিশ্রিত রহিয়াছে, নানাবিধ থাদের মধ্যে স্থবর্ণগণ্ডসমূহ রহিয়াছে। এমন কোন উপায় কি আবিদ্ধার করিয়াছ, যাহাতে থাদ বাদ দিয়া থাঁটি সোনাটুকু মাত্র পাওয়া যাইতে পারে? যদি তাহাও করিয়া থাক, তবে ব্বিতে হইবে তুমি দ্বিতীয় সোপানে মাত্র পদার্পণ করিয়াছ।

— (গ) প্রাণপণ অধ্যবসায়

কিন্ত ইহাতেও হইল না। আরও একটি জিনিসের প্রয়োজন—
প্রাণপণ অধ্যবসায়। তুমি যে দেশের কল্যাণ করিতে যাইতেছ,
বল দেখি, তোমার আদল অভিদক্ষিটা কি ? নিশ্চিত করিয়া কি
বলিতে পার যে, কাঞ্চন-মান-যশ বা প্রভূত্বের বাদনা তোমার
এই দেশের হিতাকাজ্ফার পশ্চাতে নাই ? তোমরা কি পর্বতপ্রায়
বাধাবিল্লকে তুচ্ছ করিয়া কার্য্য করিতে প্রস্তুত আছ ? যদি
সমগ্র জগং ক্ষরবারি হত্তে তোমাদের বিপক্ষে দণ্ডায়মান হয়,
তথাপি তোমরা যাহা সত্য ব্ঝিয়াছ, তাহাই করিয়া যাইতে
পার ? যদি তোমাদের স্ত্রীপুত্র তোমাদের বিক্ষের্কে দণ্ডায়মান হয়,

যদি তোমাদের ধনমান সব যায়, তথাপি কি তোমরা উহা ধরিয়া থাকিতে পার ? তোমরা নিজপথ হইতে বিচলিত না হইয়া কি তোমাদের লক্ষ্যাভিমুখে অগ্রদর হইতে পার ? রাজা ভর্তহরি যেমন বলিয়াছেন, "নীতিনিপুণ ব্যক্তিগণ নিন্দাই করুন বা গুবই ककर्त. नम्बीरमरी श्रंटर आसन वा यथा देव्हा हिनया यान, मृजुा আজই হউক বা যুগান্তরেই হউক, তিনিই ধীর যিনি সতা হইতে একবিন্দুও বিচলিত না হন।" তোমাদের কি এইরূপ দৃঢ়তা আছে ? এই ত্রিবিধ গুণ যদি তোমার থাকে, তবেই তুদি প্রকত সংস্কারক, তবেই তুমি যথার্থ শিক্ষক, তবেই তুমি মানবজাতির পক্ষে মহা মঙ্গলম্বরূপ, তবেই তুমি আমাদের নমস্ত। কিন্তু লোক বড়ই বাস্তবাগীশ, বড়ই সম্বার্ণদৃষ্টি। তাহার অপেক্ষা করিয়া থাকিবার ধৈষ্য নাই, ভাহার প্রকৃত দর্শনের শক্তি নাই--সে এখনি ফল দেখিতে চায় ! ইহার কারণ কি? কারণ এই থে, এই ফল সে নিজেই ভোগ করিতে চায়, প্রকৃতপক্ষে অপরের জন্ম তাহার বড় ভাবনা নাই। সে কর্তব্যের জন্মই কর্তব্য করিতে চাহে ন!। ভগবান শ্রীকৃষ্ণ গীতায় বলিয়াছেন—'কর্মণ্যেবাধিকারত্তে মা কলেযু ক্ষাচন।'--কর্ষেই তোমার অধিকার, ফলে কথনই অধিকার নাই। ফলকামনা কর কেন? আমাদের কেবল কর্ত্তব্য করিয়া याहेटल इहेटव। कल याहा इहेवांत इहेटल माछ। किन्छ मासूरवत স্হিষ্ণতা নাই--এইরপ ব্যস্তবাগীশ বলিয়া, শীঘ্র শীঘ্র ফলভোগ

১ • নিন্দত্ত নীতিনিপূণা যদি বা স্তবন্ত লক্ষ্মী: সমাবিশতু গচ্ছতু বা যথেষ্টম্। অভৈব বা মরণমন্ত যুগান্তরে বা ভাষাাৎ পথঃ প্রবিংলন্তি পদং ন ধীরা:॥ —নীতিণতক, ৭৪

করিতে হইবে বলিয়া, সে যাহা হউক একটা মন্তলব লইয়া ভাহাতেই লাগিয়া যায়। জগতের অধিকাংশ সংস্কারককেই এই শ্রেণীর অন্তর্ভুক্ত করিতে পারা যায়।

জীবস্ত ঈশ্বরোপাসমা-নারায়ণজ্ঞানে জীবসেবা

ভাবী পঞ্চাশৎ শতাকী তোমাদের দিকে সতৃষ্ণনয়নে চাহিয়া আছে। ভারতের ভবিশ্বৎ তোমাদের উপর নির্ভর করিভেছে। কাজ করিয়া যাও। শক্তিফক্তি কেউ কি দেয় ? ও তোমার ভিতরেই আছে, সময় হইলেই আপনা-আপনি প্রকাশিত হইবে। তুমি কাজ করিয়া যাও; দেখিবে, এত শক্তি আসিবে যে সামলাইতে পারিবে না। পরার্থে এডটুকু কাজ করিলে ভিতরের শক্তি জাগিয়া উঠে: পরের জন্ম এডটুকু ভাবিলে, ক্রমে হৃদয়ে সিংহবলের সঞ্চার হয়। তোমাদের এত ভালবাদি, কিন্তু ইচ্ছা হয় তোমরা পরের জন্য থাটিয়া থাটিয়া মরিয়া যাও---আমি দেখিয়া খুশী হই। ভারতমাতা অন্তত: সহস্র যুবক বলি চান। মনে রাথিও, মাতুর চাই, পভ নহে—যাহারা দরিজের প্রতি সহামুভতিসম্পন্ন হইবে, তাহাদের ক্ষধার্ত্ত মুখে অল্প্রপ্রদান করিবে, সর্ব্বসাধারণের মধ্যে শিক্ষা বিস্তার করিবে আর ভোমাদের পূর্বপুরুষগণের অভ্যাচারে যাহারা পশুপদবীতে উপনীত হইয়াছে, তাহাদের মাহুষ করিবার জন্য আমরণ চেষ্টা করিবে। তোমরা পড়িয়াছ 'মাতদেবো ভব, পিতদেবো ভব', আমি विन 'नित्रज्ञाताता ভব, মূর্খনেবা ভব'-- नित्रज्ञ, মূর্খ, पछानी, काधन-हेशवाहे (जामात्मव तमवजा रहेक। हेशतमब टमवाष्ट्रे भवम धर्म क्रांनित्व । क्रेश्वत्वव व्यवस्था त्काशास याहेत्व ? দরিত্র, তঃখী, তর্বল সকলেই কি তোমার ঈশ্বর নছে? অগ্রে

ভাহাদের উপাসনা কর না কেন ? গঞ্চাতীরে বাদ করিয়া কুপ খনন করিভেছ কেন ? প্রেমের সর্বাশক্তিমন্তায় বিশাসসম্পন্ন হও। বহুরূপে সম্মুখে ভোমার.

> ছाড়ি কোথা খুঁজিছ ঈশ্বর ? জীবে প্রেম করে যেই জন,

সেই জন সেবিছে ঈশব !

যদি ঈশ্বর উপাসনা করিবার নিমিত্ত প্রতিমার আবশ্যক হয়, তাহা হইলে জীবস্ত মানব-প্রতিমা ত বর্ত্তমান রহিয়াছে। যদি ঈশ্বর-উপাসনার জন্ম মন্দির নির্মাণ করিতে চাও, বেশ; কিছ পূর্বে হইতেই উহা হইতে উচ্চতর, উহা হইতে মহত্তর মানব-দেহরূপ মন্দির ত বর্ত্তমান রহিয়াছে। তোমরা বেদী নির্মাণ করিয়া থাক—কিন্তু আমার পক্ষে জীবস্ত, চেতন মহ্যাদেহরূপ বেদীতে পূজা, জন্ম অচেতন মৃত্ত জড় আরুতির পূজা হইতে শ্রেয়ক্ষর।

ভরদা তোমাদের উপর—পদমধ্যাদাহীন, দরিন্ত কিন্ত বিশ্বাদী ভোমাদের উপর। ভগবানে বিশ্বাদ রাথ। কোন কৌশনের প্রয়োজন নাই। কৌশলে কিছুই হয় না। তৃঃখীদের জন্ম প্রাণেক্তব্দন কর, আর ভগবানের নিকট দাহ্বায়্য প্রার্থনা কর। যাও, এই মুহুর্ত্তে দেই পার্থদারথির মন্দিরে যিনি গোকুলের দীনদরিন্ত গোপগণের দথা ছিলেন। যিনি গুহক চণ্ডালকে আলিঙ্গন করিতে দল্পচিত হন নাই, যিনি তাঁহার বৃদ্ধ-অবতারে মাজপুক্ষবগণের আমন্ত্রণ অগ্রাহ্য করিয়া এক বেশ্বাক্র বিনয়ণ গ্রহণ করিয়া ভাহাকে উদ্ধার করিয়াছিলেন; যাও, তাঁহার নিকট গিয়া সাষ্টাক্রে পড়িয়া যাও এবং তাঁহার নিকট থকান

কর; বলি—জীবনবলি, তাহাদের জন্য— যাহাদের জন্য তিনি যুপে যুগে অবতীর্ণ হইয়া থাকেন, যাহাদের তিনি সর্বাপেক্ষা ভালবাসেন, সেই দীনদরিত্র পতিত উৎপীড়িতদের জন্য। তোমরা দারাজীবন এই ত্রিশকোটী ভারতবাদীর উদ্ধারের জন্য ব্রত গ্রহণ কর, যুহারা দিন দিন ডুবিতেছে। যে যে তাঁহার দেবার জন্য—তাঁহার ছেলেদের দেবার জন্য— গরিব, পাপীতাপী, কীটপতক্ষ পর্যন্ত, ভাহাদের দেবার জন্য যে যে তৈয়ার হইবে, তাহাদের ভিতর তিনি আদিবেন—তাহাদের মূথে সরম্বতী বসিবেন, ভাহাদের বক্ষে মহামায়া মহাশক্তি বসিবেন।

আগামী পঞ্চাশং বর্ষ ধরিয়া সেই পরম জননী মাতৃভূমি যেন তোমাদের আরাধ্যাদেবী হন, অন্তান্ত অক্মা দেবতাগণকে এই কয়েক বর্ষ ভূলিলে কোন ক্ষতি নাই। অন্তান্ত দেবতারা ঘুমাইতেছেন; এই দেবতাই একমাত্র জাগ্রত—তোমার স্বজাতি— সর্বত্রই তাঁহার হন্ত, সর্বত্র তাঁহার কর্ণ, তিনি সকল ব্যাপিয়া আছেন। তুমি কোন্ নিক্ষলা দেবতার অয়েষণে ধাবিত হইতেছ পূ আর তোমার সম্মুখে—তোমার চতুদ্দিকে যে দেবতাকে দেখিতেছ, সেই বিরাটের উপাসনা করিতে পারিতেছ না পথ যথন তুমি ঐ দেবতার উপাসনায় সক্ষম হইবে, তথন অন্তান্ত দেবতাকেও পূজা করিতে তোমার ক্ষমতা হইবে। তোমরা একপোয়া পথ হাঁটিতে পার না, হত্মানের নায় সম্মুশ্র পার হইতে ঘাইতেছ পূ তাহা কথনই হইত্তে পারে না। সকলেই য়োগী হইতে চায়, সকলেই ধ্যান করিতে অগ্রসর! তাহা হইতেই পারে না। সারাদিন সংসারের সঙ্গে কর্মকাণ্ডে মিশিয়া সম্ক্যাবেলায় খানিকটা বিদয়া নাক টিপিলে

কি হইবে ? এ কি এডই সোজা ব্যাপার নাকি---তিনবার নাক টিপিয়াচ আর অমনি ঋষিগণ উভিয়া আগিবেন ? এ কি তামাদা-—এ কি ছেলেখেলা নাকি ? আবশ্রক—চিত্তশুদ্ধি। কিরুপে এই চিত্তভূদ্ধি হইবে ? প্রথম পূজা—বিরাটের পূজা—তোমার সন্মুথে, ভোমার চারিদিকে থাহারা রহিয়াছেন, তাঁহাদের পূজা—ইহাদের পূজা করিতে হইবে--সেবা নহে. 'সেবা' বলিলে আমার অভিপ্রেড ভাবটি ঠিক বুঝাইবে না; 'পূজা' শব্দেই ঐ ভাবটি ঠিক প্রকাশ করা যায়। এই সব মানুষ, এই সব পশু-ইহারাই ভোমার ঈশর আর তোমার স্বদেশবাদিগণই তোমার প্রথম উপাস্ত। তোমাদিগকে পরস্পরের প্রতি দ্বেষ হিংসা পরিত্যাগ করিয়া ও পরস্পরে বিবাদ না করিয়া-প্রথমে এই স্বদেশিগণের পূজা করিতে হইবে। তবে এম, ভ্রাতৃগণ ৷ স্পষ্ট করিয়া চক্ষু খুলিয়া দেখ, কী ভয়ানক হুঃখরাশি ভারত ব্যাপিয়া। এ ব্রত গুরুতর, আমরাও কুদ্রশক্তি। তাহা হউক, আমরা জ্যোতির তনয়, ভগবানের তনয়। ভগবানের মহিমা ঘোষিত হউক। আমরা সিদ্ধিলাভ করিবই করিব। শত শত লোক এই চেষ্টায় প্রাণত্যাগ করিবে, আবার শত শত লোক ্উঠিবে। প্রভুর জয়! আমি এখানে অক্বতকার্য্য হইয়া মরিতে পারি, আর একজন এই ভার গ্রহণ করিবে। রোগ কি বুঝিলে, ঔষধ কি তাহা জানিলে, কেবল বিখাসী হও। বিখাস, বিখাস. সহামুভৃতি, অগ্নিময় বিশাদ, অগ্নিময় দহামুভৃতি। জন্ম প্রভু, জন্ম প্ৰভৃ! তুচ্ছ জীবন, তুচ্ছ মবণ, তুচ্ছ ক্ধা, তুচ্ছ শীতৰ ্জয় প্ৰভৃ! অগ্রসর হও, প্রভু আমাদের নেতা। পশ্চাতে চাহিও না, কে পড়িল দেখিতে যাইও না। এগিয়ে যাও, সম্মুখে, সম্মুখে।

স্থদীর্ঘ রন্ধনী প্রভাতপ্রায় বোধ হইতেছে, মহাত্রংথ অবদানপ্রায় প্রতীত হইতেছে। মহানিদ্রায় নিজিত সব যেন জাগ্রত হইতেছে। ইতিহাসের কথা দূরে থাকুক, কিংবদস্তী পর্যান্ত যে স্থানুর অভীতের ঘনান্ধকারভেদে অসমর্থ, তথা হইতে এক অপূর্বে বাণী যেন শ্রীভি-গোচর হইতেছে। জ্ঞান-ভক্তি-কর্মের অনস্ত হিমালয়ম্বরূপ আমাদের মাতৃভূমি ভারতের প্রতিশৃঙ্গে প্রতিধ্বনিত হইয়া যেন ঐ বাণী মৃত অথ5 দৃঢ় অভ্রাস্ত ভাষায় কোন অপূর্ব রাজ্যের সংবাদ বহন করিতেছে। যতই দিন যাইতেছে, ততই যেন উহা স্পষ্টতর, ততই যেন উহা গভীরতর হইতেছে। যেন হিমালয়ের প্রাণপ্রদ বায়ুস্পর্শে মৃতদেহের শিথিলপ্রায় অন্থিমাংদে পর্যান্ত প্রাণসঞ্চার করিতেছে— নিদ্রিত সব জাগ্রত হইতেছে। তাহার জড়তা ক্রমশ: দূর হইতেছে। অন্ধ যে দে দিখিতেছে না, বিক্বত মন্তিষ্ঠ যে সে বুঝিতেছে না যে আমাদের এই মাতৃভূমি গভীর নিজা পরিত্যাগ করিয়া জাগ্রত হইতেছেন। আর কেহই একণে ইহার গতিরোধে সমর্থ নহে, আর ইনি নিদ্রিত হইবেন না—কোন বহিঃস্থ শক্তিই এক্ষণে আর ইহাকে চাপিয়া রাখিতে পারিবে না, কুম্বকর্ণের দীর্ঘ নিদ্রা ভান্সিতেছে।

ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমূদচ্যতে।
পূর্ণস্থ পূর্ণমাদায় পূর্ণমেবাবশিক্ষতে॥
ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ

আমেরিকার প্রাথমিক বিভালরে শিক্ষাদান-প্রণালী

অধিকাংশ স্থলেই শিক্ষক ছাত্রের নিকট হইতে নির্দ্ধারিত পাঠের 'আবৃত্তি' (recitation) শুনিয়াই সময় কাটাইয়াদেন। তিনি নিজে পাঠ শোনা ব্যতীত অতি দামান্ত কাছই করিয়া থাকেন। অবশ্য এই যে 'আবৃত্তি' তাহা তোতাপাধীর ন্যায় পুঁথিগড ভাষায় পুনরাবৃত্তি নয়। ছাত্র গৃহে যে কাজ করিয়াছে, বিচ্চালয়ে নিজের ভাষায় শিক্ষকের নিকট বর্ণনা করে। শিক্ষক পাঠ্যপুশুক হইতে বিষয় নির্বাচন করিয়া দেন, ছাত্র সে-সকল পুস্তক অধ্যয়ন করিয়া পরদিন বিভালয়ে উপনীত হয়। শিক্ষক প্রশ্নের পর প্রশ্ন করিয়া সেই সেই পুস্তকে ছাত্র যে যে নৃতন কথা শিখিয়াছে, ভাহা আদায় করেন। এই দকল প্রশ্নের উত্তর প্রতি ছাত্রকে দরল, দহজ ও অনুসূত্ৰ ভাষায় (fluent and clear language-এ) প্ৰদান কৰিতে হয়। এরপ প্রশ্নোত্তর শেষ হইলে ক্লাশের অপরাপর ছাত্রগণ ্ৰুভাহাদের সহাধ্যামীদিগের সহিত পাঠের বিষয় 🗷 আর্ত্তির প্রণালী সম্বন্ধে সমালোচনা করে। বন্ধভাবে সমপাঠীর ভ্রমপ্রদর্শন ও ভ্রম-**मः (माधन এই ममालाहनात উদ্দেশ্য। এইরূপে यथन ছুইঞ্জনে** বাদাহ্যবাদ চলিতে থাকে, তথন শিক্ষক বিচারাসনে উপবিষ্ট থাকিয়া তাহাদিগকে ঠিকপথে চালিত করেন। এবং তর্কবিতর্ক-কালে বাদামবাদের ভদ্রোচিত কোন বীতি উল্লেখন করিয়া কেহ কোনরপ অক্যায় আচরণ না করে, শিক্ষক দেইদিকে সভর্ক দৃষ্টি

রাখেন। বে প্রশ্নের সভ্তর কোন ছাত্রই দিতে পারে না, শিক্ষক সেই স্থানেই শুধু নিজের অভিমত প্রকাশ করেন। ইহা ভিন্ন তিনি ছাত্রদের পাঠালোচনা-ব্যাপারে আর কোনরূপ সাহায্য করেন না।

এই শিক্ষার গুণেই তাহারা নানাপ্রকার বাধাবিত্নে পতিত হইয়াও আত্মাক্তিতে সন্দিহান হয় না। এই শিক্ষার গুণেই তাহারা যে ব্যবসায় অবলম্বন করুক না কেন, যে কার্যাক্ষেত্রে তাহারা অবতীর্ণ হউক না কেন, স্বকীয় যত্ন ও চেষ্টার বলে অচিরেই সাফল্য লাভ করে। ইহাই আমেরিকার শিক্ষকদের অভিমত।

শিক্ষক বেধানে বক্তা, ছাত্র শুধু শ্রোভা; শিক্ষক বেধানে দাতা, ছাত্র শুধু গ্রহীভা,—দেখানে ছাত্রের স্বাধীন চিস্তাশক্তির উরের হইতে পারে না। সেধানে শিক্ষক ছাত্রের 'অন্ধের ষষ্টি'; শিক্ষকের সাহায্য ব্যতীভ সে একপদও অগ্রসর হইতে পারে না; সে সর্বলাই নিজ্বকে অক্ষম ও চুর্বল মনে করে এবং আত্মপ্রভারের অভাবে সংসার-সমৃত্রে পড়িয়া চতুর্দ্ধিক অক্ষমার দেখে।

(উদ্ধৃত) উদ্বোধন—৭৩ বৰ্ষ, ফাঞ্জুন